বর্ষ ২৬ | সংখ্যা ৩০২ | অক্টোবর ২০২১ প্রতি মাসের বাংলাদেশ ও বিশ্ব

কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsbd.com

সম্পাদক
জসিম উদ্দিন

নির্বাহী সম্পাদক
জাহিদ মাহমুদ

সহকারী নির্বাহী সম্পাদক
রেজাউল করিম মামুন

সহকারী সম্পাদক
মো. ইউসুফ খান

গবেষক
গোলাম কিবরিয়া বিপু
জাকির হোসেন খোকন

সমন্বয়ক
মো. আলাল উদ্দিন
মুহাম্মদ আরিফুল ইসলাম

পরামর্শক
আরিফ খান মিরণ

সম্পাদনা সহকারী
মো. সাবিরুল ইসলাম
মাকসুদুর রহমান

সার্কুলেশন
আমিনুল ইসলাম সোহাগ

শিল্প নির্দেশক
হাফছা, জিহা, নেহা

গ্রাফিক ডিজাইন
মো. মনির হোসেন লিটন
নূর নবী বাবর

বর্ণবিন্যাস
মোসলেম উদ্দিন, আবদুল করিম কাজল

দাম : বিশ টাকা

অফিস
প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স
নাভানা এফএইচ সোলারিস, লেভেল-৯, ৬৫ বিজয়নগর,
১৯৮ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা-১০০০
অফিস : ০১৭৩০ ৭০১৮৪৭
বিক্রয়কেন্দ্র : ০১৭১১ ১২০৭০১
E-mail : ca@professorsbd.com

সূচিপত্র

সংবাদ প্রবাহ	৪-৫
সাম্প্রতিক MCQ	৬-৭
সাম্প্রতিক প্রশ্নোত্তর	৮
এক পলকে বিশ্ব	৯-১৩
রিপোর্ট-সমীক্ষা	১৪
পদক-পুরস্কার	১৫
বিশ্বাঙ্গনে বাংলাদেশ	১৬
দেশ বার্তা	১৭-২০
স্বপ্নের দিগন্তে মেট্রোরেল	২১
বদলে যাচ্ছে শিক্ষা কারিকুলাম	২৩
বিশ্ব দর্পণ	২৪-২৬
মধ্যপ্রাচ্য	২৭
মহাপ্রাচীরের দেশে	২৮
মার্কিন মুলুক	২৯
তালেবানের সরকার গঠন	৩০-৩১
স্বাস্থ্যকথা	৩২
বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২১	৩৩-৩৫
স্বাধীনতার ৫০ বছর : দশম পর্ব	৩৬-৩৭
খেলাধুলা	৩৮-৩৯
টি-২০ বিশ্বকাপ ২০২১	৪০
গ্রন্থালোক : অসমাপ্ত আত্মজীবনী	৪১
শরণার্থী সংকটে বিশ্ব বিপন্ন মানবতা	৪২-৪৩
প্রশ্নমালা : মুক্তিযুদ্ধে রাজনৈতিক দল	৪৪-৪৫
Green Banking for Sustainable Development	৪৬-৪৭
বিসিএস আয়োজন	৪৯-৬৩
১৭তম শিক্ষক-প্রভাষক নিবন্ধন পরীক্ষা ২০২০	৬৫-৬৭
ব্যাংক-বীমা কর্মকর্তা	৬৮-৭১
চাকরি প্রস্তুতি	৭২-৭৩
প্রশ্ন সমাধান	৭৪-৭৯
কর্ম কৌশল : নেতৃত্বে দক্ষতা লাভের উপায়	৮০
বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি : পর্ব-১১	৮১-৮৬
ঢাকা বিশ্ববিদ্যালয় : লিখিত নমুনা প্রশ্ন	৮৭-৮৯
ভুল তথ্য নির্ভুল সমাধান : পর্ব-৯৪	৯১
কৌশলে শিখুন সাধারণ জ্ঞান : পর্ব-৬১	৯২
জানা-অজানা : পর্ব-৭৬	৯৩
ঈদ-ই-মিলাদুন্নবী (স.) ও আখেরি চাহার সোম্বা	৯৪
চিত্র-বিচিত্র	৯৫

সম্পাদক কর্তৃক প্রফেসর'স প্রকাশন-এর ছাপাখানা সুবর্ণ প্রিন্টার্স, ঢাকা ১১০০ থেকে মুদ্রিত ও প্রকাশিত

সংবাদ প্রবাহ

[গত সংখ্যার বাকি অংশ]

আন্তর্জাতিক ◆ ২৩.০৮.২০২১ | সোমবার
— বিশ্বের প্রথম স্থায়ী করোনার টিকা হিসেবে ফাইজার-বায়োএনটেকের টিকা অনুমোদন দেয় যুক্তরাষ্ট্র।
— তিউনিসিয়ার প্রেসিডেন্ট কায়েস সাঈদ দেশের পার্লামেন্ট অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন।

বাংলাদেশ ◆ ২৪.০৮.২০২১ | মঙ্গলবার
— জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক আরও ২১ নারী মুক্তিযোদ্ধার (বীরাঙ্গনা) গেজেট প্রকাশ।
— বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ ৪৮.০৪ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে।

আন্তর্জাতিক
— জাপানের টোকিওতে গ্রীষ্মকালীন প্যারালিম্পিক গেমসের ১৬তম আসর উদ্বোধন।
— মরক্কোর বিরুদ্ধে 'শত্রুতামূলক কর্মকাণ্ডে' অভিযোগে দেশটির সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে আলজেরিয়া।
— আফগানিস্তান ইস্যু নিয়ে জি-৭ এর জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ◆ ২৫.০৮.২০২১ | বুধবার
— আদালতের আদেশ পাওয়ার পর বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (BTRC) দেশে পাবজি, ফ্রি ফায়ারের মতো বিপজ্জনক ইন্টারনেট গেমের লিংক বন্ধ করে দেয়।

আন্তর্জাতিক ◆ ২৬.০৮.২০২১ | বৃহস্পতিবার
— আফগানিস্তানের কাবুলে হামিদ কারজাই আন্তর্জাতিক বিমানবন্দরে হামলায় দুই শতাধিক মানুষ নিহত।

বাংলাদেশ ◆ ২৭.০৮.২০২১ | শুক্রবার
— জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৪৫তম মৃত্যুবার্ষিকী পালিত।

বাংলাদেশ ◆ ২৮.০৮.২০২১ | শনিবার
— প্রধান বিচারপতির নির্দেশে সুপ্রীমকোর্টের সেপ্টেম্বর মাসের অবকাশকালীন ছুটি বাতিল করা হয়।

আন্তর্জাতিক
— মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা প্রশমনের লক্ষ্যে ইরাকের বাগদাদে আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ◆ ২৯.০৮.২০২১ | রবিবার
— দেশের প্রথম মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল উদ্বোধন।
— প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কক্সবাজার বিমানবন্দরের রানওয়ে সম্প্রসারণ প্রকল্পের উদ্বোধন করেন।

আন্তর্জাতিক
— যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা অঙ্গরাজ্যের উপকূলে হারিকেন 'আইডা' আঘাত হানে।
— তুরস্কের সামরিক বাহিনীতে যুক্ত হয় সম্পূর্ণ দেশে তৈরি সর্বাধুনিক কমব্যাট ড্রোন 'আকিনচি' (Akinci)।

আন্তর্জাতিক ◆ ৩০.০৮.২০২১ | সোমবার
— আফগানিস্তানে মার্কিন দখলদারিত্বের আনুষ্ঠানিক অবসান।
— বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কলম্বিয়ায় শনাক্ত হওয়া করোনাভাইরাসের নতুন ধরনটির নামকরণ করে মু (Mu)।

আন্তর্জাতিক ◆ ৩১.০৮.২০২১ | মঙ্গলবার
— খাদ্য সংকটের কারণে শ্রীলংকার সরকার দেশটিতে জরুরি অবস্থা জারি করে।

সেপ্টেম্বর

বাংলাদেশ ◆ ০১.০৯.২০২১ | বুধবার
— 'শিশু দিবাযত্ন কেন্দ্র আইন, ২০২১' কার্যকর হয়।
— একাদশ জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশন শুরু।
— 'বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০২১' কার্যকর হয়।

আন্তর্জাতিক ◆ ০৩.০৯.২০২১ | শুক্রবার
— জাপানের প্রধানমন্ত্রী ইয়োশিহিদে সুগা পদত্যাগের ঘোষণা দেন। ৩০ সেপ্টেম্বর ২০২১ তার পদত্যাগ কার্যকর হয়।
— ৯/১১ হামলার তদন্তের নথি উন্মুক্তের নির্দেশ দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন।

বাংলাদেশ ◆ ০৪.০৯.২০২১ | শনিবার
— সিলেট-৩ আসনের উপনির্বাচন অনুষ্ঠিত।

বাংলাদেশ ◆ ০৫.০৯.২০২১ | রবিবার
— এয়ার বাবল চুক্তির আওতায় বাংলাদেশ ও ভারতের মধ্যে ফ্লাইট চলাচল শুরু।
— জার্মানির রাজধানী বার্লিনে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন।

আন্তর্জাতিক
— পশ্চিম আফ্রিকার দেশ গিনিতে সামরিক অভ্যুত্থান ঘটে।
— লিবিয়ার প্রয়াত নেতা মুয়াম্মার গাদ্দাফির ছেলে সাদি গাদ্দাফিকে কারাগার থেকে মুক্তি দেয়া হয়।

বাংলাদেশ ◆ ০৬.০৯.২০২১ | সোমবার
— ভারতের নয়া দিল্লিতে প্রেস ক্লাব অব ইন্ডিয়াতে চালু হয় 'বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার'।

আন্তর্জাতিক
— অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় চারদিনব্যাপী সন্ত্রাসবাদ বিরোধী প্রথম বৈশ্বিক সংসদীয় সম্মেলন শুরু।

বাংলাদেশ ◆ ০৭.০৯.২০২১ | মঙ্গলবার
— সারাদেশে গণটিকার দ্বিতীয় ডোজ দেয়া শুরু।

সেপ্টেম্বর, ২০২১ সংখ্যার সংশোধনী

পৃষ্ঠা	কলাম	লাইন	যা আছে	যা হবে
৩৫	১ম	২৮	অ্যাডেইন থম্পসন হেরোর (জ্যামাইকা)	পেরের জেপচিরচির (কেনিয়া)
৫৮	২য়	৪৪	৬ জানুয়ারি ১৮৬৬	৬ জানুয়ারি ১৬৬৬
৫৯	২য়	৪০	১০৫	১০৬

উল্লেখ্য, সংশোধনীগুলো পুনর্মুদ্রণে সংশোধন করা হয়েছে।
মুদ্রণজনিত বা তথ্যগত ত্রুটি পেলে তথ্যসূত্রসহ ই-মেইল করুন ca@professorsbd.com ঠিকানায়।

আন্তর্জাতিক
— এল সালভাদর বিশ্বের প্রথম দেশ হিসেবে বিটকয়েনের আইনি দরপত্র গ্রহণ করে।
— মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দকে ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী করে অন্তর্বর্তীকালীন সরকার ঘোষণা করে তালেবান।

বাংলাদেশ ◆ ০৮.০৯.২০২১ | বুধবার
— বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ দেশে শিক্ষার্থীদের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেন হাইকোর্ট।
— ভূমি মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় ডিজিটালাইজড প্রকল্প ও আধুনিক ভূমি ভবনসহ বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আন্তর্জাতিক
— চীন ও পাকিস্তান পরমাণু চুক্তি স্বাক্ষর করে। আগামী ১০ বছর এ চুক্তি কার্যকর থাকবে।

বাংলাদেশ ◆ ০৯.০৯.২০২১ | বৃহস্পতিবার
— লন্ডনে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে চতুর্থ কৌশলগত সংলাপ অনুষ্ঠিত।

বাংলাদেশ ◆ ১০.০৯.২০২১ | শুক্রবার
— যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে ই-পাসপোর্ট কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন।

আন্তর্জাতিক
— লেবাননের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন নাজিব মিকাতি।

আন্তর্জাতিক ◆ ১১.০৯.২০২১ | শনিবার
— জাপান-ভিয়েতনাম প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি স্বাক্ষর করে।
— ৯/১১ হামলার দুই দশক পূর্তি।

বাংলাদেশ ◆ ১২.০৯.২০২১ | রবিবার
— দীর্ঘদিন পর দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসা খুলে দেয়া হয়। করোনার কারণে ১৭ মার্চ ২০২০ থেকে দেশের সবধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল।

আন্তর্জাতিক
— মার্কিন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (FBI) ৯/১১ হামলার তদন্ত সংক্রান্ত প্রথম নথি প্রকাশ করে।

বাংলাদেশ ◆ ১৩.০৯.২০২১ | সোমবার
— প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় শিক্ষাক্রমের খসড়া রূপরেখা অনুমোদন করেন।

আন্তর্জাতিক
— এক দশকের মধ্যে ইসরায়েলের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে মিসর সফরে যান নাফতালি বেনেত।
— নরওয়ের পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত।
— চীনের বাণিজ্যিক শহর সাংহাই উপকূলে ঘন্টায় ১৭০ কিলোমিটার বেগে আঘাত হানে 'ঘূর্ণিঝড় চ্যানথু'।

আন্তর্জাতিক ◆ ১৪.০৯.২০২১ | মঙ্গলবার
— জাতিসংঘ সাধারণ পরিষদের (UNGA) ৭৬তম অধিবেশন শুরু।

বাংলাদেশ ◆ ১৫.০৯.২০২১ | বুধবার
— জাতীয় সংসদে 'কৃত্রিম কৃষি বিশ্ববিদ্যালয় বিল, ২০২১' এবং 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট বিল, ২০২১' পাশ হয়।
— বিনিয়োগের পথ সুগম করতে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক কাঠামো চুক্তি (TIFA) স্বাক্ষরিত।

আন্তর্জাতিক
— যুক্তরাজ্যে চীনের রাষ্ট্রদূত জেং জেগুয়াং-এর ব্রিটিশ পার্লামেন্ট ভবনে প্রবেশ নিষিদ্ধ করা হয়।

বাংলাদেশ ◆ ১৭.০৯.২০২১ | শুক্রবার
— জাতিসংঘের ৭৬তম অধিবেশনে যোগ দিতে নিউইয়র্কের উদ্দেশ্যে দেশ ত্যাগ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আন্তর্জাতিক
— তিন দিনব্যাপী রাশিয়ার পার্লামেন্ট নির্বাচন শুরু।

বাংলাদেশ ◆ ১৮.০৯.২০২১ | শনিবার
— গ্যাস সংকট নিরসনে সিএনজি স্টেশনে গ্যাস রেশনিং পদ্ধতিতে প্রতিদিন ৪ ঘন্টা গ্যাস সরবরাহ বন্ধ করা হয়।

আন্তর্জাতিক ◆ ১৯.০৯.২০২১ | রবিবার
— অস্ট্রেলিয়া ফ্রান্সের সাথে সাবমেরিন চুক্তি বাতিল করে।

বাংলাদেশ ◆ ২০.০৯.২০২১ | সোমবার
— ১৬০ টি ইউনিয়ন পরিষদে (ইউপি) নির্বাচন অনুষ্ঠিত।

শীর্ষ খবর

২৪ আগস্ট	:	বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ ৪৮.০৪ বিলিয়ন ডলারে পৌঁছে।
২৯ আগস্ট	:	দেশের প্রথম মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল উদ্বোধন।
৩০ আগস্ট	:	আফগানিস্তানে মার্কিন দখলদারিত্বের আনুষ্ঠানিক অবসান।
০৫ সেপ্টেম্বর	:	জার্মানির রাজধানী বার্লিনে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধন।
	:	পশ্চিম আফ্রিকার দেশ গিনিতে সামরিক অভ্যুত্থান ঘটে।
০৭ সেপ্টেম্বর	:	তালেবানের অন্তর্বর্তীকালীন সরকার গঠন।
১০ সেপ্টেম্বর	:	লেবাননের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন নাজিব মিকাতি।
১৩ সেপ্টেম্বর	:	প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় শিক্ষাক্রমের রূপরেখা অনুমোদন করেন।
১৪ সেপ্টেম্বর	:	জাতিসংঘ সাধারণ পরিষদের (UNGA) ৭৬তম অধিবেশন শুরু।
১৫ সেপ্টেম্বর	:	ত্রিদেশীয় সামরিক জোট AUKUS গঠন।

— চীনের ক্রমবর্ধমান আধিপত্য মোকাবিলায় যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া ও যুক্তরাজ্য মিলে 'অকাস' (AUKUS) নামের সামরিক জোট গঠন করে।

বাংলাদেশ ◆ ১৬.০৯.২০২১ | বৃহস্পতিবার
— একাদশ জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশন সমাপ্তি।

আন্তর্জাতিক
— যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে প্রথম চার অপেশাদার নভোচারী নিয়ে পৃথিবীর কক্ষপথে উড়াল দেয় SpaceX'র ড্রাগন রকেট।
— তাজিকিস্তানের রাজধানী দুশানবেতে সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) দুই দিনব্যাপী ২১তম শীর্ষ সম্মেলন শুরু।
— মেক্সিকোর স্বাধীনতার ২০০ বছরপূর্তি উদ্‌যাপন।

আন্তর্জাতিক
— কানাডার ৪৪তম পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

বাংলাদেশ ◆ ২১.০৯.২০২১ | মঙ্গলবার
— অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ জাতীয় সঞ্চয়পত্রের ক্রিমগুলোর মুনাফার হার কমিয়ে প্রজ্ঞাপন জারি করে।

বাংলাদেশ ◆ ২২.০৯.২০২১ | বুধবার
— করোনাভাইরাস সংক্রমণ কমে যাওয়ায় যুক্তরাজ্যের 'রেড লিস্ট' থেকে মুক্ত হয় বাংলাদেশ।

বাংলাদেশ ◆ ২৪.০৯.২০২১ | শুক্রবার
— প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের ৭৬তম অধিবেশনে ভাষণ দেন।

আন্তর্জাতিক
— যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে আঞ্চলিক জোট কোয়াডের বৈঠক অনুষ্ঠিত।

আন্তর্জাতিক ◆ ২৬.০৯.২০২১ | রবিবার
— অ্যাঙ্গেলা মার্কেল বিহীন জার্মানির ২০তম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।



বাংলাদেশ

১. বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক কাঠামো চুক্তি (TIFA) স্বাক্ষরিত হয় কবে?
ক ১০ সেপ্টেম্বর ২০২১ খ ১১ সেপ্টেম্বর ২০২১
গ ১৫ সেপ্টেম্বর ২০২১ ঘ ১৭ সেপ্টেম্বর ২০২১

২. ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ কোন দেশে সর্বাধিক রপ্তানি করে?
ক যুক্তরাষ্ট্র খ জার্মানি
গ যুক্তরাজ্য ঘ স্পেন

৩. ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশে কোন দেশ থেকে সর্বাধিক রেমিট্যান্স আসে?
ক সৌদি আরব খ সংযুক্ত আরব আমিরাত
গ যুক্তরাষ্ট্র ঘ যুক্তরাজ্য

৪. ২০২১ সালে কোন বাংলাদেশি হ্যামন ম্যাগাসেসে পুরস্কার লাভ করেন?
ক সন্জীদা খাতুন খ রেহমান সোবহান
গ শেখ হাসিনা ঘ ড. ফেরদৌসী কাদরী

৫. শেখ রাসেল দিবস কবে?
ক ১৮ অক্টোবর খ ২৮ সেপ্টেম্বর
গ ৫ আগস্ট ঘ ২৮ এপ্রিল

৬. 'বঙ্গবন্ধু ধান-১০০' এর উদ্ভাবক কোন প্রতিষ্ঠান?
ক বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)
খ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA)
গ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)
ঘ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (BAU)

৭. বর্তমানে দেশে মুক্তিযোদ্ধার স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনার সংখ্যা কত?
ক ৪৩০ জন খ ৪৩৮ জন
গ ৪৪৪ জন ঘ ৪৫৬ জন

৮. দেশে প্রথম স্টিল আর্চ সেতু নির্মিত হবে কোন নদ বা নদীর ওপর?
ক ব্রহ্মপুত্র খ যমুনা
গ পদ্মা ঘ আড়িয়াল খাঁ

৯. নিম্নের কোন আমটি নাবি জাতের?
ক গৌড়মতি খ ইলামতি
গ মেহেদী-২ ঘ ওপরের সবগুলো

১০. বর্তমানে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কতটি?
ক ১০৫টি খ ১০৬টি
গ ১০৭টি ঘ ১০৮টি

১১. দেশের সর্বশেষ বেসরকারি বিশ্ববিদ্যালয় কোনটি?
ক শেখ হাসিনা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কিশোরগঞ্জ
খ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি, ঢাকা
গ আরটিএম আল-কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি, সিলেট
ঘ বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, চট্টগ্রাম

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২১

১২. মোট জনসংখ্যা কত?
ক ১৬.২৫ কোটি খ ১৬.৪৫ কোটি
গ ১৬.৬৫ কোটি ঘ ১৬.৮২ কোটি

১৩. জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ক ১.১৭% খ ১.২৭ %
গ ১.৩৭ % ঘ ১.৪৭ %

১৪. জনসংখ্যার ঘনত্ব/ প্রতি বর্গ কিমি কত?
ক ১,১৩৫ জন খ ১,১৪০ জন
গ ১,১৪৫ জন ঘ ১,১৫৫ জন

১৫. প্রত্যাশিত গড় আয়ুষ্কাল কত?
ক ৭২.৮ বছর খ ৭৩.৩ বছর
গ ৭৪.২ বছর ঘ ৭৪.৫ বছর

১৬. দারিদ্র্যের হার কত?
ক ২০.৫% খ ২১.৫% গ ২২.৫% ঘ ২৩.৫%

১৭. চরম দারিদ্র্যের হার কত?
ক ৮.৫% খ ৯.৫% গ ১০.৫% ঘ ১১.৫%

১৮. মাথাপিছু আয় কত?
ক ২,০৬৪ মার্কিন ডলার খ ২, ১৪৪ মার্কিন ডলার
গ ২,২২৭ মার্কিন ডলার ঘ ২,২৫৪ মার্কিন ডলার

১৯. মাথাপিছু GDP কত?
ক ১,৯৬০ মার্কিন ডলার খ ১,৯৫০ মার্কিন ডলার
গ ১,৯৯৭ মার্কিন ডলার ঘ ২,০৯৭ মার্কিন ডলার

২০. সাক্ষরতার (৭+) হার কত?
ক ৭৩.৪% খ ৭৪.৪%
গ ৭৫.২% ঘ ৭৫.৫%

আন্তর্জাতিক

২১. ৫ সেপ্টেম্বর ২০২১ আফ্রিকার কোন দেশে সেনা অভ্যুত্থান ঘটে?
ক গিনি খ গিনি বিসাউ
গ ইরিত্রিয়া ঘ ইথিওপিয়া

২২. যুক্তরাজ্যের দ্বিতীয় নারী পররাষ্ট্রমন্ত্রীর নাম কী?
ক নুস ঘানি খ প্রীতি প্যাটেল
গ মার্গারেট বেকেট ঘ লিজ ট্রাস

২৩. পেরুর মাওবাদী বিদ্রোহী গোষ্ঠী 'শাইনিং পাথ'-এর প্রতিষ্ঠাতা কে?
ক কিকো ফুজিমোরি খ পেদ্রো কাস্তিলো
গ আবিমায়েল গুজম্যান ঘ আলবার্তো ফুজিমোরি

২৪. লেবাননের বর্তমান প্রধানমন্ত্রী কে?
ক হাসান দিয়াব খ নাজিব মিকাতি
গ মিশেল আউন ঘ সাদ হারিরি

২৫. আফগানিস্তান থেকে যুক্তরাষ্ট্র বিদায় নেয় কবে?
ক ২৮ আগস্ট ২০২১ খ ৩০ আগস্ট ২০২১
গ ১ সেপ্টেম্বর ২০২১ ঘ ৩ সেপ্টেম্বর ২০২১

উত্তর

১.	গ
২.	ক
৩.	ক
৪.	ঘ
৫.	ক
৬.	ক
৭.	খ
৮.	ক
৯.	ঘ
১০.	ঘ
১১.	ক
১২.	ঘ
১৩.	গ
১৪.	খ
১৫.	ক
১৬.	ক
১৭.	গ
১৮.	গ
১৯.	ঘ
২০.	গ
২১.	ক
২২.	ঘ
২৩.	গ
২৪.	খ
২৫.	খ

২৬. আফগান যুদ্ধের সময়কাল কত?
ক ৭ অক্টোবর ২০০১-৩০ আগস্ট ২০২১
খ ৭ অক্টোবর ২০০১-২৮ ডিসেম্বর ২০১৪
গ ১ জানুয়ারি ২০১৫-৩০ আগস্ট ২০২১
ঘ ওপরের কোনোটিই সঠিক নয়

২৭. তালেবানের প্রতিষ্ঠাতা কে?
ক মোহাম্মদ হাসান আখুন্দ খ আখতার মনসুর
গ হাইবাতুল্লাহ আখুন্দজাদা ঘ মোল্লা মোহাম্মদ ওমর

২৮. আফগানিস্তানে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী কে?
ক মোহাম্মদ হাসান আখুন্দ খ আব্দুস সালাম হানাফি
গ সিরাজউদ্দিন হাক্কানি ঘ আব্দুল গনি বারাদার

২৯. আফগানিস্তানের বর্তমান রাষ্ট্রীয় নাম কী?
ক Islamic State of Afghanistan
খ Islamic Emirate of Afghanistan
গ Islamic Republic of Afghanistan
ঘ Emirate of Afghanistan

সংস্থার প্রধান ও সদস্য

৩০. জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থার (UNCTAD) প্রথম নারী মহাসচিব কে?
ক এনগোজি ওকনজো খ রেবেকা গ্রেনস্পান
গ হেলেন ক্লার্ক ঘ ফাতিমা সাঈদ

৩১. ১৭ নভেম্বর ২০২১ ইসলামী সহযোগিতা সংস্থার (OIC) ১২তম মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন কে?
ক মাহাথির মোহাম্মদ (মালয়েশিয়া)
খ একমেলেদ্দিন ইহসানোগলু (তুরস্ক)
গ হামিদ অলগাবিদ (নাইজার)
ঘ হুসেইন ইব্রাহিম তাহা (শাদ)

৩২. জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৬তম অধিবেশনের সভাপতি কে?
ক আলি ট্রেকি (লিবিয়া) খ আব্দুল্লাহ শহীদ (মালদ্বীপ)
গ পিটার থমসন (ফিজি) ঘ স্যাম কুটেসা (উগান্ডা)

৩৩. ২০ আগস্ট ২০২১ New Development Bank (NDB)-এর পরিচালনা পর্ষদ কোন দেশকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার অনুমোদন দেয়?
ক বাংলাদেশ খ সংযুক্ত আরব আমিরাত
গ উরুগুয়ে ঘ ওপরের সবগুলো

৩৪. আন্তর্জাতিক নবায়নযোগ্য শক্তি সংস্থার (IRENA) বর্তমান সদস্য দেশ কতটি?
ক ১৬১টি খ ১৬৩টি
গ ১৬৪টি ঘ ১৬৬টি

৩৫. সেপ্টেম্বর ২০২১ কোন দেশ IRENA'র ১৬৬তম সদস্যপদ লাভ করে?
ক মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র খ হন্ডুরাস
গ লেবানন ঘ মাল্টা

৩৬. সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) বর্তমান সদস্য দেশ কতটি?
ক ৬টি খ ৭টি গ ৮টি ঘ ৯টি

৩৭. ২৭ আগস্ট ২০২১ কোন দেশ SCO'র নবম সদস্যপদ লাভ করে?
ক ভারত খ ইরান
গ পাকিস্তান ঘ বাংলাদেশ

সম্মেলন

৩৮. UNCTAD মন্ত্রী পর্যায়ের ১৫তম সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
ক ৩-৭ অক্টোবর ২০২১ খ ৭-১১ অক্টোবর ২০২১
গ ১১-১৭ অক্টোবর ২০২১ ঘ ১৮-২৩ অক্টোবর ২০২১

৩৯. স্বল্পোন্নত দেশসমূহের পঞ্চম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ক আবুজা, নাইজেরিয়া খ জেনেভা, সুইজারল্যান্ড
গ ব্রাসিলিয়া, ব্রাজিল ঘ দোহা, কাতার

৪০. স্বল্পোন্নত দেশসমূহের পঞ্চম সম্মেলন কবে অনুষ্ঠিত হবে?
ক ২৩-২৭ জানুয়ারি ২০২২ খ ২৩-২৭ মার্চ ২০২২
গ ২৩-২৭ অক্টোবর ২০২২ ঘ ২৩-২৭ ডিসেম্বর ২০২২

রিপোর্ট-সমীক্ষা

৪১. বিশ্বব্যাংক এখন থেকে কোন রিপোর্ট আর প্রকাশ করবে না?
ক World Economic Outlook
খ World Development Report
গ Doing Business Report
ঘ Global Economic Prospects

৪২. ২০২১ সালের নিরাপদ নগরী সূচকে শীর্ষ শহর কোনটি?
ক টরন্টো, কানাডা খ কোপেনহেগেন, ডেনমার্ক
গ সিডনি, অস্ট্রেলিয়া ঘ টোকিও, জাপান

৪৩. ২০২১ সালের নিরাপদ নগরী সূচকে ঢাকার অবস্থান কত?
ক ৫০তম খ ৫৪তম গ ৫৮তম ঘ ৬০তম

৪৪. ২০২১ সালের জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে শীর্ষ দেশ কোনটি?
ক গ্রিস খ চেক প্রজাতন্ত্র
গ এস্তোনিয়া ঘ পর্তুগাল

৪৫. ২০২১ সালের জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
ক বুরুন্ডি খ সলোমন দ্বীপপুঞ্জ
গ টুভ্যালু ঘ দক্ষিণ সুদান

৪৬. ২০২১ সালের জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে বাংলাদেশের অবস্থান কত?
ক ৩২তম খ ৩৫তম
গ ৩৯তম ঘ ৪৫তম

সাহিত্য-সংস্কৃতি

৪৭. Daha Adil Bir Dünya Mümkün গ্রন্থের লেখক কে?
ক রিসেপ তায়েপ এরদোগান খ ইব্রাহিম রাইসি
গ হাইবাতুল্লাহ আখুন্দজাদা ঘ আব্দুল গনি বারাদার

ক্রীড়াঙ্গন

৪৮. বিশ্বের দ্বিতীয় বোলার হিসেবে আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে ১০০ উইকেটের মালিক হন কে?
ক লাসিথ মালিঙ্গা খ সাকিব আল হাসান
গ রশিদ খান ঘ মোহাম্মদ আমির

৪৯. আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলদাতা কে?
ক ক্রিশ্চিয়ানো রোনালদো খ আলি দাইয়ি
গ মোখতার দাহারি ঘ ফেরেন্স পুসকাস

৫০. ২০২০-২১ মৌসুমের উয়েফা বর্ষসেরা খেলোয়াড় কে?
ক জর্জিনহো খ এডওয়ার্ড মেন্ডি
গ রুবেন দিয়াজ ঘ এনগোলো কান্তে

উত্তর

২৬.	ক
২৭.	ঘ
২৮.	ক
২৯.	খ
৩০.	খ
৩১.	ঘ
৩২.	খ
৩৩.	ঘ
৩৪.	ঘ
৩৫.	খ
৩৬.	ঘ
৩৭.	খ
৩৮.	ক
৩৯.	ঘ
৪০.	ক
৪১.	গ
৪২.	খ
৪৩.	খ
৪৪.	ক
৪৫.	ঘ
৪৬.	গ
৪৭.	ক
৪৮.	খ
৪৯.	ক
৫০.	ক

সাম্প্রতিক প্রশ্নোত্তর

বাংলাদেশ

প্রশ্ন : ২১ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী SDG অর্জনে কোন পদক লাভ করেন?
উত্তর : এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড।

প্রশ্ন : বৈশ্বিক উদ্ভাবনী সূচকে বাংলাদেশের অবস্থান কত?
উত্তর : ১১৬তম।

প্রশ্ন : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী, দেশে বর্তমান সাক্ষরতার হার কত?
উত্তর : ৭৫.৬%।

প্রশ্ন : বিইউ শিম-৭ এর উদ্ভাবক কোন প্রতিষ্ঠান?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি)।

প্রশ্ন : 'তৃতীয়াম কৃষি বিশ্ববিদ্যালয় বিল, ২০২১' জাতীয় সংসদে পাশ হয় কবে?
উত্তর : ১৫ সেপ্টেম্বর ২০২১।

প্রশ্ন : বর্তমানে বাংলাদেশের নাগরিকদের মাথাপিছু বৈদেশিক ঋণের পরিমাণ কত?
উত্তর : ২৯২.১১ মার্ভ বা ২৪,৮৩০ টাকা (১ মার্ভ = ৮৫ টাকা ধরে)।

প্রশ্ন : ইউরোপীয় ক্রেতাদের জোট অ্যাকর্ড অন ফায়ার অ্যান্ড বিল্ডিং সেফটি ইন বাংলাদেশ-এর নতুন নাম কী?
উত্তর : দ্য ইন্টারন্যাশনাল অ্যাকর্ড ফর হেলথ অ্যান্ড সেফটি ইন দ্য টেক্সটাইল অ্যান্ড গার্মেন্টস ইন্ডাস্ট্রি বা ইন্টারন্যাশনাল অ্যাকর্ড।

প্রশ্ন : ২৪ আগস্ট ২০২১ বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ কত মার্কিন ডলারে পৌঁছে?
উত্তর : ৪৮.০৪ বিলিয়ন মার্কিন ডলার।

প্রশ্ন : বাংলাদেশ সরকার এ পর্যন্ত বিশ্বের কতটি দেশের সাথে সাংস্কৃতিক সহযোগিতা চুক্তি করেছে?
উত্তর : ৪৪টি।

প্রশ্ন : রাষ্ট্রীয় মালিকানাধীন বেতার কেন্দ্রের সংখ্যা কতটি?
উত্তর : ১৪টি।

প্রশ্ন : পদ্মা সেতুর ওপর সর্বশেষ রোড স্ল্যাব কবে বসানো হয়?
উত্তর : ২৩ আগস্ট ২০২১।

প্রশ্ন : বাংলাদেশ ইসলামী সহযোগিতা সংস্থা (OIC) নারী উন্নয়ন সংস্থার সংবিধিতে স্বাক্ষর করে কবে?
উত্তর : ১৪ সেপ্টেম্বর ২০২১।

প্রশ্ন : বর্তমানে বাংলাদেশে কতটি করোনার টিকা প্রয়োগ হচ্ছে?
উত্তর : ৪টি।—অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা, ফাইজার-বায়োএনটেক, মডার্না ও সিনোফার্ম।

প্রশ্ন : পদ্মা সেতুর নিরাপত্তার লক্ষ্যে কোন দু'টি থানা প্রতিষ্ঠা করা হয়?
উত্তর : 'পদ্মা সেতু উত্তর' ও 'পদ্মা সেতু দক্ষিণ'।

প্রশ্ন : মার্কিন বিচার বিভাগে প্রথম বাংলাদেশি বিচারক (জজ) হিসেবে নিয়োগ পান কে?
উত্তর : নুসরাত চৌধুরী।

প্রশ্ন : ৬ সেপ্টেম্বর ২০২১ কোন দেশে 'বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার' উদ্বোধন করা হয়?
উত্তর : ভারতের নয়াদিল্লির প্রেসক্লাব অব ইন্ডিয়ায়।

প্রশ্ন : বর্তমানে দেশে বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা কতটি?
উত্তর : ১৪৬টি।

প্রশ্ন : AIP'র পূর্ণরূপ কী?
উত্তর : Agricultural Important Person।

প্রশ্ন : বাংলাদেশ ও ভারত 'মৈত্রী দিবস' কবে?
উত্তর : ৬ ডিসেম্বর।

আন্তর্জাতিক

প্রশ্ন : মার্কিন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা FBI কবে ৯/১১ হামলার নথি প্রকাশ করে?
উত্তর : ১২ সেপ্টেম্বর ২০২১।

প্রশ্ন : বিশ্বে প্রথম স্থায়ী করোনার টিকা হিসেবে অনুমোদন পায় কোনটি?
উত্তর : ফাইজার-বায়োএনটেকের করোনার টিকা।

প্রশ্ন : 'পাঞ্জশির'র শব্দের অর্থ কী?
উত্তর : পাঁচ সিংহ। ফারসি পাঞ্জ শের থেকে এ নামের উৎপত্তি। পাঞ্জশির বর্তমানে আফগানিস্তানের একটি প্রদেশ।

প্রশ্ন : সর্বাধুনিক কমব্যাট ড্রোন 'আকিনচি' (Akinci) কোন দেশের তৈরি?
উত্তর : তুরস্ক।

প্রশ্ন : যুক্তরাজ্যের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বর্তমান নাম কী?
উত্তর : Secretary of State for Foreign, Commonwealth and Development Affairs। পূর্বনাম : Secretaries of State for Foreign and Commonwealth Affairs।

প্রশ্ন : মহাকাশে প্রথম অপেশাদার নভোচারী নিয়ে SpaceX'র ড্রাগন কবে রওনা দেয়?
উত্তর : ১৬ সেপ্টেম্বর ২০২১।

প্রশ্ন : হাক্কানি নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা কে?
উত্তর : জালালুদ্দিন হাক্কানি।

প্রশ্ন : আফগানিস্তানে তালেবান সরকার গঠন করে কবে?
উত্তর : ৭ সেপ্টেম্বর ২০২১।

প্রশ্ন : কানাডার পার্লামেন্ট নির্বাচনে তৃতীয়বারের মতো জয়লাভ করে কোন দল?
উত্তর : বর্তমান প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর লিবারেল পার্টি।

প্রশ্ন : ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউটের (IPI) প্রথম নারী চেয়ারম্যান কে?
উত্তর : খাদিজা প্যাটেল (দক্ষিণ আফ্রিকা)।

প্রশ্ন : ২০২১ সালের ইউএস ওপেনের পুরুষ ও নারী এককে চ্যাম্পিয়ন হয় কে?
উত্তর : পুরুষ : দানিল মেদভেদেভ (রাশিয়া) ও নারী : এমা রাদুকানু (যুক্তরাজ্য)।

বিজ্ঞান-প্রযুক্তি

প্রশ্ন : পাবজি (PUBG) কোন দেশ ভিত্তিক ভিডিও গেম?
উত্তর : দক্ষিণ কোরিয়া।

প্রশ্ন : PUBG'র পূর্ণরূপ কী?
উত্তর : PlayerUnknown's Battlegrounds।

প্রশ্ন : Li-Fi প্রযুক্তি কী?
উত্তর : Li-Fi (Light Fidelity) একটি ওয়্যারলেস যোগাযোগ প্রযুক্তি।

প্রশ্ন : Li-Fi প্রযুক্তি কে, কবে উদ্ভাবন করেন?
উত্তর : জার্মান বিজ্ঞানী হ্যারল্ড হ্যাস, ২০১১ সালে।

এক পলকে বিশ্ব

নব নিযুক্ত

বাংলাদেশ

মহাপরিচালক

- প্রত্নতত্ত্ব অধিদপ্তর : রতন চন্দ্র পণ্ডিত; নিয়োগ ১৬ সেপ্টেম্বর ২০২১।
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : মো. আব্দুস সবুর মন্ডল; নিয়োগ ১৬ সেপ্টেম্বর ২০২১।

ব্যবস্থাপনা পরিচালক

- বাংলাদেশ কৃষি ব্যাংক : বেগম শিরীন আখতার; নিয়োগ ১৩ সেপ্টেম্বর ২০২১। তিনি কৃষি ব্যাংকের প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক।
- কর্মসংস্থান ব্যাংক : মো. আব্দুল মান্নান; নিয়োগ ১৩ সেপ্টেম্বর ২০২১।
- পল্লী সঞ্চয় ব্যাংক : খন্দকার আতাউর রহমান; নিয়োগ ১৩ সেপ্টেম্বর ২০২১।

সংসদ সদস্য

- কুমিল্লা-৭ : প্রাণ গোপাল দত্ত।
- সিলেট-৩ : হাবিবুর রহমান হাবিব।

বিবিধ

- সভাপতি, সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি : মোসলেম উদ্দিন (ময়মনসিংহ-৬); নাম ঘোষণা করা হয় ৩ সেপ্টেম্বর ২০২১।
- চেয়ারম্যান, বাংলাদেশ জুট কর্পোরেশন : শশাঙ্ক শেখর ভৌমিক; নিয়োগ ২৬ আগস্ট ২০২১।
- ফ্রান্সে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত : খন্দকার এম তালহা; নিয়োগ ১১ সেপ্টেম্বর ২০২১।
- কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর; ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক। নিয়োগ ২৩ সেপ্টেম্বর ২০২১।
- কোচ, বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) : অস্কার ব্রুজোন (স্পেন)।
- ভাইস চ্যান্সেলর, রাজশাহী বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. গোলাম সাব্বির সাত্তার; নিয়োগ ২৯ আগস্ট ২০২১।

আন্তর্জাতিক

প্রেসিডেন্ট

- সাওটোমে এন্ড প্রিন্সিপে : কার্লোস ভিলা নোভা; দায়িত্ব গ্রহণ ২ অক্টোবর ২০২১।
- এস্তোনিয়া : আলার কারিস; দায়িত্ব গ্রহণ ১১ অক্টোবর ২০২১।

মুখ্যমন্ত্রী ভারত

- গুজরাট : ভূপেন্দ্র প্যাটেল; দায়িত্ব গ্রহণ ১৩ সেপ্টেম্বর ২০২১।
- পাঞ্জাব : চরণজিৎ সিং চন্নী; দায়িত্ব গ্রহণ ২০ সেপ্টেম্বর ২০২১। তিনি পাঞ্জাবের প্রথম দলিত মুখ্যমন্ত্রী।

বিবিধ

- প্রধানমন্ত্রী, বাহামাস : ফিলিপ ডেভিস; দায়িত্ব গ্রহণ ১৭ সেপ্টেম্বর ২০২১।
- নির্বাহী সচিব, দক্ষিণ আফ্রিকান উন্নয়ন কমিউনিটি (SADC) : ইলিয়াস এমপেডি ম্যাগোসি (বতসোয়ানা); দায়িত্ব গ্রহণ ১ সেপ্টেম্বর ২০২১।
- চেয়ারম্যান, পাকিস্তান ক্রিকেট বোর্ড (PCB) : রমিজ রাজা; দায়িত্ব গ্রহণ ১৩ সেপ্টেম্বর ২০২১।

দ্বিতীয় মেয়াদে ADB'র প্রেসিডেন্ট

৫ বছরের জন্য দ্বিতীয় মেয়াদে এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) প্রেসিডেন্ট নির্বাচিত হন মাসাতসুগু আসাকাওয়া। সম্প্রতি ম্যানিলাভিত্তিক এ উন্নয়ন সংস্থাটির পরিচালনা পর্ষদের সভায় সমর্থন পেয়ে তিনি পুনর্নির্বাচিত হন। ২৪ নভেম্বর ২০২১ তার দ্বিতীয় মেয়াদ শুরু হবে। মাসাতসুগু আসাকাওয়া ৩০ নভেম্বর ২০১৯ ADB'র ১০তম প্রেসিডেন্ট নির্বাচিত হন। ১৭ জানুয়ারি ২০২০ তিনি দায়িত্ব গ্রহণ করেন।

UNCTAD'র প্রথম নারী মহাসচিব

১৩ সেপ্টেম্বর ২০২১ জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থার (UNCTAD) প্রথম নারী মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কোস্টারিকার রেবেকা গ্রেনস্পান। এর আগে ১১ জুন ২০২১ জাতিসংঘ সাধারণ পরিষদ (UNGA) তাঁর নিয়োগ অনুমোদন করে। তিনি UNCTAD'র অষ্টম মহাসচিব। উল্লেখ্য, ৯ আগস্ট ২০২২ অনুষ্ঠিত কেনিয়ার প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে UNCTAD'র সপ্তম মহাসচিব মুখহিসা কিটুয়ি ১৫ ফেব্রুয়ারি ২০২১ পদত্যাগ করেন। ১ সেপ্টেম্বর ২০১৩ তিনি চার বছর মেয়াদে UNCTAD'র মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেছিলেন। তার পদত্যাগের পর ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেন উপ-মহাসচিব বেলজিয়ামের ইসাবেল ডুরান্ট।

IPI'র প্রথম নারী চেয়ারম্যান

১৬ সেপ্টেম্বর ২০২১ ইন্টারন্যাশনাল প্রেস ইনস্টিটিউটের (IPI) ৩৫তম চেয়ারম্যান নির্বাচিত হন দক্ষিণ আফ্রিকার খাদিজা প্যাটেল। তিনি একাধারে IPI'র প্রথম নারী ও প্রথম মুসলিম চেয়ারম্যান। খাদিজা প্যাটেল একজন অনুসন্ধানী সাংবাদিক এবং মুসলিম এশিয়ান ব্যাকগ্রাউন্ডের চতুর্থ প্রজন্মের প্রতিনিধি। তিনি দক্ষিণ আফ্রিকার *মেইল অ্যান্ড গার্ডিয়ানের* প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। অস্ট্রিয়ার ভিয়েনাভিত্তিক বিশ্বের সবচেয়ে পুরোনো মিডিয়াবিষয়ক *ওয়াচডগ* হিসেবে পরিচিত IPI ১৯৫০ সালের অক্টোবরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটিতে যাত্রা শুরু করে।

শ্রদ্ধাঞ্জলি

বুলবুল চৌধুরী

১৬ আগস্ট ১৯৪৮-২৮ আগস্ট ২০২১

একুশে পদকপ্রাপ্ত কথাসাহিত্যিক। তিনি গাজীপুরের দক্ষিণবাগ গ্রামে জন্মগ্রহণ করেন। প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ 'টুকা কাহিনী'। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ— উপন্যাস ➤ অপরূপ বিল ঝিল নদী, বহু কামিনী, তিয়াসের লেখন, অচিনে আঁচড়ি, মরম বখানি, এই ঘরে লক্ষ্মী থাকে, ইতু বৌদির ঘর ও দখিনা বাও • আত্মজৈবনিক গ্রন্থ ➤ জীবনের অলিখিত ও অতলের কথকতা • কিশোর গ্রন্থ ➤ গাঙপারের কথকতা, নেজাম ডাকাতের পালা, ভালো ভূত, প্রাচীন গীতিকার গল্প • ছোট গল্পগ্রন্থ ➤ টুকা কাহিনী, পরমানুষ, মাছের রাত, চৈতার বউ গো ➤ উল্লেখযোগ্য পুরস্কার ➤ হুমায়ুন কাদির স্মৃতি পুরস্কার, বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (২০১১), একুশে পদক (২০২১)।

জালাল আহমেদ চৌধুরী

১৯৪৭-২১ সেপ্টেম্বর ২০২১

সাবেক ক্রিকেটার, জাতীয় ক্রিকেট কোচ, ক্রীড়া সংগঠক ও সাংবাদিক। একসময় ক্রিকেটার ছিলেন। পরে নাম লেখান ক্রিকেট কোচিং ও সাংবাদিকতায়। দুটোই তার চলেছে সমানতালে। ১৯৭৯ সালে দেশের প্রথম আইসিসি ট্রফি অভিযানে তিনি ও ওসমান খান ছিলেন দলের কোচ। ১৯৯৭ সালে আইসিসি ট্রফি জয়ী বাংলাদেশ দলের প্রস্তুতিতে তিনি ছিলেন প্রধান কোচ গর্ডন গ্রিনিজের সহকারী। তিনিই প্রথমিক দল গড়েন।

শেখ আবদুল হাকিম

১৬ আগস্ট ১৯৪৬-২৮ আগস্ট ২০২১

বিশিষ্ট কথাসাহিত্যিক, থ্রিলার লেখক ও অনুবাদক। তার জন্ম ভারতের পশ্চিমবঙ্গের হুগলি জেলায়। তার প্রথম উপন্যাস 'অপরিণত প্রেম'। দীর্ঘ চার দশকের বেশি সময় ধরে সেবা প্রকাশনীতে তিনি আলোচিত ও পাঠকপ্রিয় গোয়েন্দা চরিত্র 'মাসুদ রানা' ও 'কুয়াশা' সিরিজের অসংখ্য



বই ঘোস্ট রাইটার হিসেবে রচনা করেন। প্রকাশনীর নিয়ম অনুসারে বই প্রকাশ হয়েছে কাজী আনোয়ার হোসেনের নামে। তার লেখা উল্লেখযোগ্য গ্রন্থ হলো— টেকনাফ ফর্মুলা, সোনালি বুলেট, স্মৃতিচোর, জুতোর ভেতর কার পা, জল দাও জল, মুঠোর ভেতর তেলেসমাতি, আতংক, সোমালি জলদস্যু, আইডিয়া, তিতলির অজানা, লব্ধ সৈকত, জ্যান্ত অতীত, তাহলে কে?, চন্দ্রাহত ইত্যাদি।

জোসেফ গ্যালোওয়ে

১৩ নভেম্বর ১৯৪১-১৮ আগস্ট ২০২১

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি বাহিনীর বর্বরতার অন্যতম সাক্ষী, মার্কিন সাংবাদিক ও লেখক। একাত্তরের মুক্তিযুদ্ধের সময় দু'বার ঢাকায় আসেন সাংবাদিক জোসেফ গ্যালোওয়ে। ১৯৭১ সালের জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত এবং পরে ডিসেম্বরে বিজয় অর্জন পর্যন্ত ঢাকায় অবস্থান করেন তিনি। পাকিস্তানি বাহিনী যেভাবে হত্যাকাণ্ড চালায় সেটিকে 'গণহত্যা' হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি আদায়েও কাজ করেন গ্যালোওয়ে।

আবিমায়েল গুজম্যান

৩ ডিসেম্বর ১৯৩৪-১১ সেপ্টেম্বর ২০২১

পেরুর দুর্ধর্ষ গেরিলা নেতা ও বিদ্রোহী গোষ্ঠী 'শাইনিং পাথ'-এর প্রতিষ্ঠাতা। ১৯৬৯ সালে গুজমান ও অন্য ১১ ব্যক্তি মিলে 'শাইনিং পাথ' প্রতিষ্ঠা করেন। একপর্যায়ে তারা ভয়ংকর রক্তক্ষয়ী সশস্ত্র তৎপরতায় জড়িয়ে পড়েন। ১৯৯২ সালে গ্রেপ্তার হন গুজমান। গোপন সামরিক আদালতে তার বিচার হয়। বিচারে তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়।



বুদ্ধদেব গুহ

(২৯ জুন ১৯৩৬-২৯ আগস্ট ২০২১)

পশ্চিমবঙ্গের প্রখ্যাত কথাসাহিত্যিক। প্রথম প্রকাশিত গ্রন্থ 'জঙ্গল মহল'। ১৯৭৬ সালে বুদ্ধদেব গুহ 'হলুদ বসন্ত' উপন্যাসের জন্য আনন্দ পুরস্কার পান। উপন্যাস ➤ কোজাগর, অববাহিকা, অবরোহী, আলোকবর্তিকা, বাবলি, বাজে চন্দনপুরের কড়চা, বাইরিপাসির দু রাত্রি, বাসন্তীকুসুম, বাতি ঘর, চতুতরা, চান ঘরে গান, চারুকন্যা, চারুমতি, ছৌ, কুমুদিনী, পাখসাট, পরিবর্তী, বাসনাকুসুম, একটু উষ্ণতার জন্য, গুঞ্জা ফুলের মালা, হলুদ বসন্ত, জগমগি, যাওয়া-আসা, ঝাঁকিদর্শন, পলাশতলির পড়শি, জঙ্গল মহল, বনোবাসর, লবঙ্গীর জঙ্গলে, খেলা ঘর, কোয়েলের কাছে, মাতৃর রুপমতী, মহুয়া, নগ্ন নির্জন, ভয়াইকিকি, কাঁকড়িকিরা, পামরি, জলছবি, পারিধি, রাগমালা, কুর্চিবনে গান, রিয়া, সুখের কাছে ও এক ঘরের দুই রাত।

বশীর আল্‌হেলাল

(৬ জানুয়ারি ১৯৩৬-৩১ আগস্ট ২০২১)

কথা সাহিত্যিক এবং ঔপন্যাসিক। তার জন্ম মুর্শিদাবাদ জেলার তালিবপুর গ্রামের মীর পাড়ায়। ১৯৬৯ সালে তিনি সহ-অধ্যক্ষ হিসেবে বাংলা একাডেমিতে নিযুক্ত হন।

এরপর তিনি বাংলা একাডেমির উপাধ্যক্ষ হন। সর্বশেষে তিনি বাংলা একাডেমির পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৯৩ সালে তিনি অবসর গ্রহণ করেন।

উপন্যাস ➤ কালো ইলিশ, ঘৃতকুমারী, শেষ পানপত্র, নূরজাহানদের মধুমাস ও শিশিরের দেশে অভিযান • ইতিহাস বিষয়ক বই ➤ ভাষা আন্দোলনের ইতিহাস ও বাংলা একাডেমির ইতিহাস • সম্মাননা ও পদক ➤ আলাওল সাহিত্য পুরস্কার (১৯৯১) এবং বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (১৯৯৩)।

লোকান্তরে

- বিচারপতি আমির হোসেন (৩০ নভেম্বর ১৯৫৭-২৪ আগস্ট ২০২১) : সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচারপতি।
- আব্দেল আজিজ বুতেফ্লিকা (২ মার্চ ১৯৩৭-১৭ সেপ্টেম্বর ২০২১) : আলজেরিয়ার সাবেক প্রেসিডেন্ট। ১৯৭৪ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের প্রেসিডেন্ট হিসেবে তিনি ফিলিস্তিনের তৎকালীন নেতা ইয়াসির আরাফাতকে জাতিসংঘে বক্তৃতা করার আমন্ত্রণ জানান। ২৭ এপ্রিল ১৯৯৯ প্রথমবারের মতো দেশটির প্রেসিডেন্ট হিসেবে ফুলাভিষিক্ত হন বুতেফ্লিকা। এরপর গণআন্দোলনের মুখে ২ এপ্রিল ২০১৯ পদত্যাগ করেন তিনি।

- টেড ডেক্সটার (১৫ মে ১৯৩৫-২৫ আগস্ট ২০২১) : ইংল্যান্ড জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক। ২২ গজের লড়াইয়ে সাহসিকতার জন্য 'লর্ড টেড' হিসেবেই পরিচিত তিনি। তার হাত ধরেই প্রথমবার ক্রিকেটে একদিনের ম্যাচের প্রবর্তন হয়।
- আতাউর রহমান (১৯৪২-২৮ আগস্ট ২০২১) : ডাক বিভাগের সাবেক মহাপরিচালক ও প্রখ্যাত রম্য লেখক। তিনি সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ঢাকাদক্ষিণ ইউনিয়নের নগরগ্রামে জন্মগ্রহণ করেন।
- জ্যাক রগে (২ মে ১৯৪২-২৯ আগস্ট ২০২১) : আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (IOC) ৮ম প্রেসিডেন্ট। বেলজিয়ামের ক্রীড়া ব্যক্তিত্ব জ্যাক রগে ১৬ জুলাই ২০০১-১০ সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত IOC'র প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।
- সৈয়দ আলি শাহ গিলানি (২৯ সেপ্টেম্বর ১৯২৯-১ সেপ্টেম্বর ২০২১) : ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের স্বাধীনতা আন্দোলনের নেতা। তিনি ১৯৯০-এর দশক থেকে কাশ্মীর উপত্যকায় স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব দেন।
- হাসিবুর রহমান (১৬ জুন ১৯৫৬-১ সেপ্টেম্বর ২০২১) : বীর মুক্তিযোদ্ধা, সাবেক শিল্প-উপমন্ত্রী ও সিরাজগঞ্জ-৬ (শাহজাদপুর) আসনের সংসদ সদস্য।
- নাদির শাহ (৭ ফেব্রুয়ারি ১৯৬৪-১০ সেপ্টেম্বর ২০২১) : আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) সাবেক প্যানেল আম্পায়ার। তার পৈতৃক বাড়ি দিনাজপুর জেলার চিনিরবন্দর উপজেলার আলোকডিহি ইউনিয়নের গছাহার শাহাপাড়া গ্রামে।
- মোহাম্মদ হুসেইন তানতাভি (৩১ অক্টোবর ১৯৩৫-২১ সেপ্টেম্বর ২০২১) : মিসরের মোবারক পরবর্তী প্রথম শাসক। আরব বসন্ত বিরোধী বিক্ষোভে ১১ ফেব্রুয়ারি ২০১১ প্রেসিডেন্ট হোসনি মোবারক ক্ষমতাচ্যুত হওয়ার পর মিসরের শাসনভার গ্রহণ করেন তৎকালীন জান্তার প্রধান তানতাভী।

পদক-সম্মাননা

❖ আরডিএফ পদক

১১ সেপ্টেম্বর ২০২১ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) উপাচার্য প্রফেসর ড. মো. শহীদুর রশীদ ভূঁইয়াকে 'রিসোর্স ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড ২০২০' প্রদান করে রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RDF)। জেনেটিক্স ও প্লান্ট জেনেটিক রিসোর্সেস ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ অবদান রাখা এবং উদ্ভিদ প্রজনন, জেনেটিক্স ও ইভ্যুলুশন নিয়ে বাংলা ভাষায় গ্রন্থ রচনার মাধ্যমে দেশের কৃষিকে এগিয়ে নেয়ার স্বীকৃতি হিসেবে তাকে এ পদক দেয়া হয়।

❖ কোভিড হিরো পুরস্কার

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে অনন্য অবদান রাখার স্বীকৃতি হিসেবে ২০২১ সালে 'কোভিড হিরো' পুরস্কার পান প্রধানমন্ত্রীর ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ ও সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের ইএনটি বিভাগের প্রধান অধ্যাপক ডা. মনিলাল আইচ লিটু। ৩ সেপ্টেম্বর ২০২১ রোটারি ইন্টারন্যাশনাল তাদের এ পুরস্কারে ভূষিত করে।

❖ লেবাননে নৌবাহিনীর শান্তিরক্ষা পদক

১৭ সেপ্টেম্বর ২০২১ লেবাননের বৈরুতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশ নৌবাহিনীর ১১০ সদস্য শান্তিরক্ষা পদকে ভূষিত হয়। United Nations Interim Force in Lebanon (UNIFIL)-এর মেরিটাইম টাস্কফোর্স (MTF) কমান্ডার রিয়ার অ্যাডমিরাল আন্দ্রেস মুগে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'সংগ্রাম'-এর কর্মকর্তা ও নাবিকদের শান্তিরক্ষা মিশনে কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ এ পদক তুলে দেন।

❖ বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক

৪ সেপ্টেম্বর ২০২১ ছয় ব্যক্তি-প্রতিষ্ঠানকে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক প্রদান করা হয়। ২০২১ সালের বিজয়ী—গ্রামীণ সাংবাদিকতা : বাংলাদেশ প্রতিদিনের সাবেক সিনিয়র রিপোর্টার নিজামুল হক বিপুল ▸ নারী সাংবাদিকতা : অবজারভারের বনানী মল্লিক ▸ উন্নয়ন সাংবাদিকতা : নিউজ টুডের মাজহারুল ইসলাম ▸ ফটো সাংবাদিকতা : বাংলা ট্রিবিউনের সাজ্জাদ হোসেন ▸ প্রতিষ্ঠান হিসেবে : দৈনিক জনকণ্ঠ ও চট্টগ্রামের দৈনিক পূর্বকোণ ▸ আজীবন সম্মাননা : প্রয়াত সাংবাদিক হাসান শাহরিয়ার।

বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার

৬ সেপ্টেম্বর ২০২১ ভারতের রাজধানী নয়াদিল্লির প্রেস ক্লাব অব ইন্ডিয়ায় (PCI) 'বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার' উদ্বোধন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে নয়াদিল্লীস্থ বাংলাদেশ মিশনের সহায়তায় ক্লাব ভবনের দ্বিতীয় তলায় এই মিডিয়া সেন্টারটি স্থাপন করা হয়। 'বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার' স্থাপন বাংলাদেশ-ভারত সম্পর্ক জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়া বাংলাদেশের জাতীয় প্রেস ক্লাব এবং প্রেস ক্লাব অব ইন্ডিয়ার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

বঙ্গবন্ধুর ওপর গবেষণাগ্রন্থ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষে দুটি গবেষণাগ্রন্থ প্রকাশ করবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। গ্রন্থ দুটি— 'বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন : প্রসঙ্গ উচ্চশিক্ষা' এবং 'বঙ্গবন্ধু : নতুন প্রজন্মের ভাবনা ও ভবিষ্যতের দিকদর্শন'।

দিবস-প্রতিপাদ্য : সেপ্টেম্বর

০২ : আন্তর্জাতিক CEDAW দিবস।
০৪ : আন্তর্জাতিক শব্দদূষণ সচেতনতা দিবস (সেপ্টেম্বর মাসের প্রথম শনিবার)।
: বিশ্ব দাড়ি দিবস (সেপ্টেম্বর মাসের প্রথম শনিবার)।
০৫ : আন্তর্জাতিক মানবহিতৈষী দিবস।
: ওয়ার্ল্ড স্পাইন ইনজুরি ডে।
০৬ : ডায়াবেটিস সেবা দিবস।
০৭ : নীলাকাশের জন্য নির্মল বায়ুর আন্তর্জাতিক দিবস।
০৮ : বিশ্ব ফিজিওথেরাপি দিবস। প্রতিপাদ্য —লং কোভিড এবং পুনর্বাসন।
: আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। প্রতিপাদ্য—মানবকেন্দ্রিক পুনরুদ্ধারের জন্য সাক্ষরতা : ডিজিটাল বিভাজন কমিয়ে আনা।
০৯ : আক্রমণ থেকে শিক্ষা রক্ষার আন্তর্জাতিক দিবস।
১০ : বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস। প্রতিপাদ্য— কর্মের মাধ্যমে আশা তৈরি করা।
১২ : জাতিসংঘ দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা দিবস।
১৫ : আন্তর্জাতিক গণতন্ত্র দিবস। প্রতিপাদ্য — ভবিষ্যৎ সংকট মোকাবিলায় গণতান্ত্রিক স্থিতিশীলতা জোরদার করা।
১৬ : বিশ্ব ওজোন দিবস। প্রতিপাদ্য— মন্ট্রিল প্রটোকল মেনে ওজোনস্তর রক্ষা করি, নিরাপদ খাদ্য ও প্রতিষেধকের শীতল বিশ্ব গড়ি।
১৭ : বিশ্ব রোগী সুরক্ষা দিবস।
: বিশ্ব সাইক্লিং দিবস।
: ঐতিহাসিক শিক্ষা দিবস।
১৮ : আন্তর্জাতিক সমান বেতন দিবস।
: আন্তর্জাতিক উপকূল পরিচ্ছন্নতা দিবস।
১৯ : আন্তর্জাতিক সর্প দংশন সচেতনতা দিবস। প্রতিপাদ্য— বাংলাদেশে সর্পদংশন মোকাবিলা।
২১ : আন্তর্জাতিক শান্তি দিবস। প্রতিপাদ্য — সমতার সঙ্গে ভালো কিছু পুনরুদ্ধারকে টেকসই করে রাখা।
: বিশ্ব আলঝেইমার দিবস।
২২ : ক্রনিক মায়েলয়েড লিউকেমিয়া সচেতনতা দিবস।
: বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস। প্রতিপাদ্য— গণপরিবহনে ও হেঁটে চলি, ব্যক্তিগত গাড়ি সীমিত করি।
২৩ : আন্তর্জাতিক ইশারা ভাষা দিবস।
২৬ : বিশ্ব নদী দিবস (সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার)।
: পারমাণবিক অস্ত্র সম্পূর্ণ বর্জনের জন্য আন্তর্জাতিক দিবস।
২৭ : বিশ্ব পর্যটন দিবস।
২৮ : আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস।
: বিশ্ব জলাতঙ্ক দিবস।
২৯ : খাদ্য নষ্ট ও অপচয় সম্পর্কে আন্তর্জাতিক সচেতনতা দিবস।
৩০ : আন্তর্জাতিক অনুবাদ দিবস।
: বিশ্ব নৌ দিবস (সেপ্টেম্বর মাসের শেষ বৃহস্পতিবার)।

সম্মেলন-বৈঠক

LDC বিষয়ক এশিয়া প্যাসিফিক রিজওনাল রিভিউ মিটিং

সময়কাল : ৩০ আগস্ট-২ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : জেনেভা, সুইজারল্যান্ড।

ইস্টার্ন ইকোনমিক ফোরাম

Eastern Economic Forum

আয়োজন : ৭ম ‖ সময়কাল : ২-৪ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : ভ্লাদিভস্তক, রাশিয়া।

IsDB বার্ষিক সভা

Islamic Development Bank

আয়োজন : ৪৬তম ‖ সময়কাল : ৩-৪ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : তাশখন্দ, উজবেকিস্তান।

সন্ত্রাসবাদবিরোধী বৈশ্বিক সংসদীয় সম্মেলন

আয়োজন : প্রথম ‖ সময়কাল : ৬-৯ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : ভিয়েনা, অস্ট্রিয়া।

SCO শীর্ষ সম্মেলন

Shanghai Cooperation Organization

সময়কাল : ১৬-১৭ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : দুশানবে, তাজিকিস্তান।

IAEA সাধারণ সভা

International Atomic Energy Agency

আয়োজন : ৬৫তম ‖ সময়কাল : ২০-২৪ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : ভিয়েনা, অস্ট্রিয়া।

Global Business Summit

আয়োজন : ২য় ‖ সময়কাল : ২৯-৩০ সেপ্টেম্বর ২০২১ ‖ স্থান : দুবাই, সংযুক্ত আরব আমিরাত ‖ সম্মেলনের প্রতিপাদ্য —Connect Your Business।

নতুন দিবস

‖ **শেখ রাসেল দিবস** ➤ এখন থেকে প্রতিবছর ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' পালিত হবে। ২৩ আগস্ট ২০২১ মন্ত্রিসভার বৈঠকে শেখ রাসেল দিবস 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে পালনের বিষয়ে অনুমোদন দেয়া হয়। এরপর ২৬ আগস্ট ২০২১ তা গেজেট আকারে প্রকাশ করা হয়।

‖ **মৈত্রী দিবস** ➤ ৬ ডিসেম্বর ১৯৭১ বিশ্বের প্রথম দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ভুটান। আর এর ঠিক পরপরই দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ভারত। ২০২১ সালে মুক্তিযুদ্ধের সুবর্ণজয়ন্তী বর্ষে সেই ৬ ডিসেম্বর বাংলাদেশ ও ভারত যৌথভাবে 'মৈত্রী দিবস' পালন করবে।

‖ **জাতিসংঘ ঘোষিত দুই দিবস** ➤ জাতিসংঘ সাধারণ পরিষদ (UNGA) দুটি আন্তর্জাতিক দিবস পালনের লক্ষ্যে ৩০ আগস্ট ২০২১ রেজুলেশন গ্রহণ করে। দিবস দুটি হলো ২ ফেব্রুয়ারি : বিশ্ব জলাভূমি দিবস ও ৭ অক্টোবর : বিশ্ব তুলা দিবস।

টাইম ১০০

প্রকাশ : ১৫ সেপ্টেম্বর ২০২১ ‖ প্রকাশক : টাইম সাময়িকী। ‖ প্রতিবেদনের শিরোনাম : TIME100 : The Most Influential People of 2021।

প্রতিবেদন অনুযায়ী লিডারস ক্যাগরিতে উল্লেখযোগ্য ব্যক্তিত্ব— বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) মহাপরিচালক এনগোজি ওকোনজো-ইওয়েলা, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, চীনের প্রেসিডেন্ট সি চিন পিং, মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস, ইসরায়েলের প্রধানমন্ত্রী নাফতালি বেনেত, সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ইরানের প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি, যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (CDC) পরিচালক ড. রচেলে ওয়ালেনস্কি এবং তালেবানের সহ-প্রতিষ্ঠাতা এবং আফগানিস্তানের নতুন সরকারের উপ-প্রধানমন্ত্রী মোল্লা আব্দুল গনি বারাদার।

অস্ত্র ব্যবহার নিয়ন্ত্রণ এবং নিরস্ত্রীকরণে কাজ করে আন্তর্জাতিক রাসায়নিক অস্ত্র নিরস্ত্রীকরণ সংস্থা (OPCW)

সিনে বিচিত্রা

❖ **৭৮তম ভেনিস চলচ্চিত্র উৎসব**

১-১১ সেপ্টেম্বর ২০২১ অনুষ্ঠিত হয় ৭৮তম ভেনিস চলচ্চিত্র উৎসব। উল্লেখযোগ্য বিজয়ী— গোল্ডেন লায়ন : হ্যাপেনিং (অদ্রে দিওয়ান) ‖ গ্রান্ড জুরি : দ্য হ্যান্ড অব গড (পাওলো সোরেনতিনো) ‖ সিলভার লায়ন পরিচালক : দ্য পাওয়ার অব দ্য ডগ (জেন চ্যাম্পিয়ন) ‖ স্পেশাল জুরি প্রাইজ : সেকেন্ড বুকো (মিশেল্যাঞ্জেলো ফ্রামমার্টিনো) ‖ সেরা অভিনেতা : জন আর্সিলা (অন দ্য জব : দ্য মিসিং ৮) ‖ সেরা অভিনেত্রী : পেনেলোপে ক্রুজ (প্যারালাল মাদারস) ‖ সেরা চিত্রনাট্য : দ্য লস্ট ডটার (ম্যাগি গিলেনহাল) ‖ সেরা তরুণ অভিনেতা : ফিলিপো স্কত্তি (দ্য হ্যান্ড অব গড) ‖ লায়ন অব দ্য ফিউচার ফর বেস্ট ডেব্যু ফিল্ম : ইমাকুলাত।

❖ **৭৩তম এমি অ্যাওয়ার্ড**

১৯ সেপ্টেম্বর ২০২১ যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে বসে ৭৩তম প্রাইমটাইম এমি অ্যাওয়ার্ডসের আসর। এবার সর্বোচ্চ সাতটি পুরস্কার জিতে নেয় নেটফ্লিক্সের আলোচিত সিরিজ "দ্য ক্রাউন"। উল্লেখযোগ্য বিজয়ী— কমেডি : সেরা ছবি : টেড ল্যাসো ‖ পরিচালক : লুসিয়া অ্যানিলো ‖ অভিনেতা : জেসন সুদেকিস ‖ অভিনেত্রী : জিন স্মার্ট ◆ ড্রামা : সেরা ছবি : দ্য ক্রাউন ‖ পরিচালক : জেসিকা হবস ‖ অভিনেতা : জশ ও'কনর ‖ অভিনেত্রী : অলিভিয়া কোলম্যান ◆ লিমিটেড সিরিজ : সেরা ছবি : দ্য কুইনস গ্যাম্বিট ‖ পরিচালক : স্কট ফ্রাঙ্কস ‖ অভিনেতা : ইওভান ম্যাকগ্রেগর ‖ অভিনেত্রী : কেট উইন্সলেট।

অ্যাওয়ার্ড বিজয়ী বাংলাদেশি চলচ্চিত্র

❖ **কিম জি সুক অ্যাওয়ার্ড** : কিম জি সুক অ্যাওয়ার্ড বুসানের মর্যাদাপূর্ণ চলচ্চিত্র অ্যাওয়ার্ড। ২০২১ সালের বুসান চলচ্চিত্র উৎসবের কিম জি সুক অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয় মোস্তফা সরয়ার ফারুকীর ইংরেজি ছবি 'নো ল্যান্ডস ম্যান'। দক্ষিণ কোরিয়ার বুসানে এবারের উৎসব হবে ৬-১৫ অক্টোবর ২০২১।

❖ **বেস্ট ফিল্ম ও বেস্ট ডিরেক্টর** : সম্প্রতি ইন্দো-আমেরিকান ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে দুটি অ্যাওয়ার্ড লাভ করে 'মায়া : দ্য লস্ট মাদার'। পুরস্কার দুটি হলো— বেস্ট ফিল্ম ও বেস্ট ডিরেক্টর।

বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ ২০২০-২১

ঢাকা বিশ্ববিদ্যালয়

‖ **ইউনিটভিত্তিক পরীক্ষা** ➤ 'ক' : ১ অক্টোবর ◆ 'খ' : ২ অক্টোবর ◆ 'গ' : ২২ অক্টোবর ◆ 'ঘ' : ২৩ অক্টোবর ◆ 'চ' : ৯ অক্টোবর।
‖ **আইবিএ ইনস্টিটিউট** : ১১ অক্টোবর।
‖ **গার্হস্থ্য অর্থনীতি কলেজ** : ১২ নভেম্বর।
‖ **প্রযুক্তি ইউনিট** : ২ অক্টোবর।
‖ **অধিভুক্ত সাত কলেজ** ➤ বিজ্ঞান : ৬ নভেম্বর ◆ কলা ও সামাজিক বিজ্ঞান : ৩০ অক্টোবর ◆ বাণিজ্য : ৫ নভেম্বর।

রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০২১

ইউনিট	পরীক্ষার তারিখ	সকাল ৯.৩০-১০.৩০	দুপুর ১২-১টা	বিকাল ৩-৪টা
A মানবিক	৫ অক্টোবর	গ্রুপ-১	গ্রুপ-২	গ্রুপ-৩
B বাণিজ্য	৬ অক্টোবর	গ্রুপ-১	গ্রুপ-২	গ্রুপ-৩
C বিজ্ঞান	৪ অক্টোবর	গ্রুপ-১	গ্রুপ-২	গ্রুপ-৩

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২০২১

ইউনিট	পরীক্ষার তারিখ	ইউনিট	পরীক্ষার তারিখ
A	১ ও ২ নভেম্বর	C	২৯ অক্টোবর
B	২৭ ও ২৮ অক্টোবর	D	৩০ ও ৩১ অক্টোবর
B1	৫ নভেম্বর (সকাল : ৯.৪৫)	D1	৫ নভেম্বর (দুপুর : ২.১৫)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়

‖ প্রাক-নির্বাচনী : ২০ ও ২১ অক্টোবর।
‖ চূড়ান্ত পরীক্ষা : ৬ নভেম্বর।

২০ গুচ্ছ বিশ্ববিদ্যালয়

‖ **ইউনিট ভিত্তিক পরীক্ষা** ➤ 'ক' : ১৭ অক্টোবর ◆ 'খ' : ২৪ অক্টোবর ◆ 'গ' : ১ নভেম্বর।

■ তিন প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : ১৩ নভেম্বর ২০২১।
■ জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (NITOR)

এখন বাজারে
৪৩ বিসিএস প্রিলিমিনারির ম্যাজিক সংকলন
প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স BCS বিশেষ সংখ্যা
Professor's BCS প্রিলিমিনারি ডাইজেস্ট
বিসিএস, পিএসসিসহ বিভিন্ন নিয়োগ পরীক্ষার তথ্যাকারে প্রশ্নোত্তর, সব বিষয়ের সাজেশন্স, সহজে মুখস্তের ছক-চার্ট-শর্ট টেকনিক, সেলফ টেস্ট, এক্সক্লুসিভ মডেল ও সাম্প্রতিক তথ্যপ্রবাহ

OPCW'র পূর্ণরূপ Organization for the Prohibition of Chemical Weapons

রিপোর্ট সমীক্ষা

সাম্প্রতিক সময়ের রিপোর্ট-জরিপ-সমীক্ষার খবরাখবর নিয়ে আমাদের এ আয়োজন

বাংলাদেশের রপ্তানি চিত্র : ২০২০-২১

প্রকাশ : জুলাই ২০২১ ‖ প্রকাশক : রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB) ২০২০-২১ অর্থবছরে রপ্তানি আয়ের হালনাগাদ তথ্য প্রকাশ করে ‖ মোট রপ্তানি আয় : ৩৮,৭৫৮.৩১ মিলিয়ন মার্কিন ডলার।

খাতওয়ারি রপ্তানি (মিলিয়ন মার্কিন ডলার)

খাত	লক্ষ্যমাত্রা	রপ্তানি
তৈরি পোশাক	৩৩,৭৮৫	৩১,৪৫৬.৭৩
নীটওয়্যার	১৬,৭০০	১৬,৯৬০.০৩
ওভেন গার্মেন্টস	১৭,০৮৫	১৪,৪৯৬.৭০
পাট ও পাটজাত পণ্য	১,১৬৭	১,১৬১.৪৮
কৃষিজাত পণ্য	১,০৭০	১,০২৮.১৪
চামড়া ও চামড়াজাত পণ্য	৯২০	৯৪১.৬৭
হোম টেক্সটাইল	৯৬০	১,১৩২.০৩
মৎস্য ও মৎস্যজাত পণ্য	৫৭৪	৪৭৭.৩৭

রপ্তানি চিত্র : শীর্ষ ৫ দেশ

দেশ	মিলিয়ন মা. ড.	মোট রপ্তানির
যুক্তরাষ্ট্র	৬,৯৭৪.০১	১৭.৯৯%
জার্মানি	৫,৯৫৩.৫১	১৫.৩৬%
যুক্তরাজ্য	৩,৭৫১.২৭	৯.৬৮%
স্পেন	২,৩৪৩.৯৯	৬.০৫%
ফ্রান্স	১,৯৬২.১৪	৫.০৬%

মাতৃদুগ্ধ পানে সহায়তা প্রতিবেদন

প্রকাশ : আগস্ট ২০২১ ‖ প্রকাশক : World Breastfeeding Trends Initiative (WBTI) ‖ অন্তর্ভুক্ত দেশ : ৯৮টি।
প্রতিবেদন অনুযায়ী—
◆ শীর্ষ দেশ : বাংলাদেশ ◆ সর্বনিম্ন দেশ : লিবিয়া।

ডিজিটাল জীবনমান সূচক

প্রকাশ : সেপ্টেম্বর ২০২১ ‖ প্রকাশক : সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠান সার্ফশার্ক ‖ অন্তর্ভুক্ত দেশ : ১১০টি ‖ সূচকের শিরোনাম : 2021 Digital Quality of Life Index।
সূচক অনুযায়ী—
◆ ডিজিটাল জীবনমানে শীর্ষ দেশ : ডেনমার্ক ◆ সর্বনিম্ন দেশ : ইথিওপিয়া ◆ সার্কভুক্ত দেশের অবস্থান : ৫৯. ভারত, ৮৭. নেপাল, ৮৮. শ্রীলংকা, ৯৭. পাকিস্তান ও ১০৩. বাংলাদেশ।

নিরাপদ নগরী সূচক

প্রকাশ : আগস্ট ২০২১ ‖ প্রকাশক : The Economist Intelligence Unit (EIU) ‖ সূচকের শিরোনাম : Safe Cities Index 2021 ‖ অন্তর্ভুক্ত শহর : ৬০টি ‖ ঢাকার অবস্থান : ৫৪তম।
সূচক অনুযায়ী—
◆ শীর্ষ শহর : কোপেনহেগেন (ডেনমার্ক)
◆ সর্বনিম্ন শহর : ইয়াঙ্গুন (মিয়ানমার)।

বাংলাদেশে রেমিট্যান্স : ২০২০-২০২১

প্রকাশ : আগস্ট ২০২১ ‖ প্রকাশক : বাংলাদেশ ব্যাংক।
২০২০-২১ অর্থবছরে ১০ দেশ থেকে বাংলাদেশের রেমিট্যান্স প্রাপ্তি (মিলিয়ন মার্কিন ডলার)

দেশ	রেমিট্যান্স	দেশ	রেমিট্যান্স
সৌদি আরব	৫,৭২১.৪১	কুয়েত	১,৮৮৬.৫০
যুক্তরাষ্ট্র	৩,৪৬১.৬৮	ওমান	১,৫৩৫.৬৪
সং.আ.আমিরাত	২,৪৩৯.৯৯	কাতার	১,৪৫০.১৮
যুক্তরাজ্য	২,০২৩.৬২	ইতালি	৮১০.৯০
মালয়েশিয়া	২,০০২.৩৬	সিঙ্গাপুর	৬২৪.৮৬

জাতীয় সাইবার নিরাপত্তা সূচক

প্রকাশ : ১৯ আগস্ট ২০২১ ‖ প্রকাশক : ই-গভর্ন্যান্স একাডেমি ফাউন্ডেশন, এস্তোনিয়া ‖ সূচকের শিরোনাম : National Cyber Security Index (NCSI)-2021 ‖ অন্তর্ভুক্ত দেশ : ১৬০টি।
সূচক অনুযায়ী—
◆ শীর্ষ দেশ : গ্রিস ◆ সর্বনিম্ন দেশ : দক্ষিণ সুদান।
◆ সার্কভুক্ত দেশ : ৩৯. বাংলাদেশ, ৪০. ভারত, ৭০. পাকিস্তান, ৭১. শ্রীলংকা, ৯৮. নেপাল, ১১৮. ভুটান ও ১৩৩. আফগানিস্তান।

বিশ্বের সেরা বন্দর

প্রকাশ : ২৩ আগস্ট ২০২১ ‖ প্রকাশক : লন্ডনভিত্তিক জার্নাল লয়েড'স লিস্ট ‖ অন্তর্ভুক্ত বন্দর : ১০০টি।
প্রতিবেদন অনুযায়ী—
◆ বন্দরের তালিকায় শীর্ষে রয়েছে চীনের সাংহাই বন্দর।
◆ ১০০তম স্থানে চীনের জিনজোও বন্দর।
◆ চট্টগ্রাম বন্দরের বর্তমান অবস্থান ৬৭তম।

বৈশ্বিক উদ্ভাবনী সূচক

প্রকাশ : ২০ সেপ্টেম্বর ২০২১ ‖ প্রকাশক : World Intellectual Property Organization (WIPO) ‖ অন্তর্ভুক্ত দেশ : ১৩২টি ‖ সূচকের শিরোনাম : Global Innovation Index 2021।
সূচক অনুযায়ী—
◆ শীর্ষ ৫ দেশ : ১. সুইজারল্যান্ড, ২. সুইডেন, ৩. যুক্তরাষ্ট্র, ৪. যুক্তরাজ্য ও ৫. দক্ষিণ কোরিয়া।
◆ সর্বনিম্ন ৫ দেশ : ১৩২. অ্যাঙ্গোলা, ১৩১. ইয়েমেন, ১৩০. গিনি, ১২৯. নাইজার ও ১২৮. বেনিন।
◆ সার্কভুক্ত দেশ : ৪৬. ভারত, ৯৫. শ্রীলংকা, ৯৯. পাকিস্তান, ১১১. নেপাল ও ১১৬. বাংলাদেশ।

পদক পুরস্কার

‖ বঙ্গবন্ধু স্বর্ণপদক

২২ আগস্ট ২০২১ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিস অ্যান্ড লিবার্টির বোর্ড অব গভর্নর্সের প্রথম সভায় 'বঙ্গবন্ধু স্বর্ণপদক' প্রবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিবছর ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকীতে শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান ও সাহিত্যে অবদানের জন্য আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। ২০২২ সালে প্রথম এই পদক প্রদান শুরু হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিস অ্যান্ড লিবার্টি এ স্বর্ণপদক প্রদান করবে।

‖ কৃষি খাতে AIP সম্মাননা

শিল্প, বাণিজ্য ও রপ্তানি খাতের মতো প্রতিবছর কৃষি খাতেও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ঘোষণার জন্য ১৯ আগস্ট ২০২১ কৃষি মন্ত্রণালয় AIP নীতিমালা জারি করে। এ ক্ষেত্রে সম্মাননা দেয়া হবে কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি বা Agricultural Important Person (AIP) নামে। নির্বাচিত AIP'র তালিকা গেজেট আকারে প্রকাশ করা হবে। নির্বাচিতরা AIP কার্ডের সঙ্গে মন্ত্রণালয়ের প্রশংসাপত্র পাবেন। এক বছরের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন তারা। প্রতিবছর পাঁচটি বিভাগে সর্বোচ্চ ৪৫ জনের নাম ঘোষণা করা হবে। কৃষির জাত ও প্রযুক্তি উদ্ভাবনে সর্বোচ্চ ১০ জন, কৃষি উৎপাদন বা বাণিজ্যিক খামার স্থাপন ও কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পে সর্বোচ্চ ১৫ জন, রপ্তানিযোগ্য কৃষিপণ্য উৎপাদনে সর্বোচ্চ ১০ জন, স্বীকৃত বা সরকার কর্তৃক নিবন্ধিত কৃষি সংগঠনে সর্বোচ্চ পাঁচজন এবং বঙ্গবন্ধু কৃষি পুরস্কারে স্বর্ণপদকপ্রাপ্তদের মধ্যে সর্বোচ্চ পাঁচজনকে AIP ঘোষণা করা হবে।

‖ আফগানদের জন্য পুলিৎজারের বিশেষ পুরস্কার

আফগানিস্তানের সাংবাদিকদের জন্য বিশেষ সম্মাননা পুরস্কারের ঘোষণা দেয় পুলিৎজার প্রাইজ বোর্ড। ঘোষিত পুরস্কারের অর্থমূল্য এক লাখ ডলার। ২৭ আগস্ট ২০২১ পুলিৎজার বোর্ডের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এই অর্থ দিয়ে আফগানিস্তানের সাংবাদিক ও তাদের পরিবারের জরুরি ত্রাণের ব্যবস্থা করা হবে।

যেকোনো পেশাদার ও ফ্রিল্যান্স সাংবাদিক, লেখক, তাদের চালক ও সাহায্যকারী এই পুরস্কারের জন্য বিবেচিত হতে পারে।

‖ বঙ্গবন্ধু রিসার্চ অ্যাওয়ার্ড

২১ আগস্ট ২০২১ যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদ ক্যালিফোর্নিয়া শাখা এবং ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া বার্কলির মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী এই প্রথম আন্তর্জাতিকভাবে বঙ্গবন্ধুর নামে বঙ্গবন্ধু রিসার্চ অ্যাওয়ার্ড প্রবর্তন করা হয়। এজন্য বঙ্গবন্ধু পরিষদ ক্যালিফোর্নিয়া শাখা বার্কলি ফাউন্ডেশনকে প্রতি বছর ২০ হাজার মার্কিন ডলার অনুদান দেবে। বার্কলি কর্তৃপক্ষ গবেষকদের 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রিসার্চ অ্যাওয়ার্ডে' ভূষিত করবেন। সংক্ষেপে এই অ্যাওয়ার্ড সারা বিশ্বে 'বঙ্গবন্ধু রিসার্চ অ্যাওয়ার্ড' নামে পরিচিত হবে।

‖ গোলকিপার্স অ্যাওয়ার্ড

জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে (SDG) সহায়তা করার জন্য পদক্ষেপ নিচ্ছে এমন ব্যক্তিদের বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন 'গোলকিপার্স গ্লোবাল গোল চেঞ্জমেকার অ্যাওয়ার্ড' দেয়। ২০২১ সালের 'গোলকিপার্স গ্লোবাল গোল চেঞ্জমেকার অ্যাওয়ার্ডে' ভূষিত হন— বাংলাদেশি তরুণী ফাইরুজ ফাইজা বিথার, জাতিসংঘের নারী শাখার সাবেক আন্ডার সেক্রেটারি জেনারেল এবং এক্সিকিউটিভ ডিরেক্টর ফুমজিলে মলাম্বো নকুকা, কলম্বিয়ার জেনিফার কলপাস ও লাইবেরিয়ার সান্ত্রা শেরিফ।

র‍্যামন ম্যাগসেসে পুরস্কার

ফিলিপাইনের সপ্তম প্রেসিডেন্ট র‍্যামন ম্যাগসেসেকে স্মরণ করে ১৯৫৭ সালে 'র‍্যামন ম্যাগসেসে পুরস্কার' প্রবর্তন করা হয়। ৩১ আগস্ট ২০২১ ফিলিপাইন থেকে ৬৩তম র‍্যামন ম্যাগসেসে পুরস্কার ঘোষণা করা হয়।

২০২১ সালের বিজয়ী : ২০২১ সালের র‍্যামন ম্যাগসেসে পুরস্কার লাভ করেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (icddr,b) বিজ্ঞানী ড. ফেরদৌসী কাদরী। তিনি বাংলাদেশের ১২তম বিজয়ী হিসেবে ম্যাগসেসে পুরস্কার লাভ করেন। ড. ফেরদৌসী কাদরী ছাড়াও এবারের পুরস্কারপ্রাপ্তরা হলেন— পাকিস্তানে ক্ষুদ্রঋণ নিয়ে কাজ করা মুহাম্মদ আমজাদ সাদিক, ফিলিপাইনের মৎস্যজীবী রবার্তো ব্যালন, উদ্বাস্তুদের সহায়তায় কাজ করা মানবাধিকারকর্মী স্টিভেন মানসি ও ইন্দোনেশিয়ার প্রোডাকশন হাউজ Watchdoc।

এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড



টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে ২০১৫-২০২০ সাল পর্যন্ত বিভিন্ন সূচকে এগিয়ে থাকায় 'এসডিজি প্রোগ্রেস অ্যাওয়ার্ড' লাভ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০ সেপ্টেম্বর ২০২১ SDG'র নবম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলনে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে তিনি এ সম্মাননা গ্রহণ করেন। জাতিসংঘের Sustainable Development Solutions Network (SDSN), Global Masters of Development Practice, যুক্তরাষ্ট্রের কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের আর্থ ইনস্টিটিউট যৌথভাবে এ পুরস্কার দেয়।

বিশ্বাঙ্গনে বাংলাদেশ

কঙ্গোর নিরাপত্তায় বাংলাদেশি সেনা

United Nations Organization Stabilization Mission in the Democratic Republic of the Congo (MONUSCO)-এর নর্দার্ন সেক্টরে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীর র‍্যাপিড ডেপ্লয়েবল ব্যাটালিয়ন (BANRDB-4) সশস্ত্র বিদ্রোহী বাহিনীর হাত থেকে জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতকল্পে ৭ আগস্ট ২০২১ থেকে কনভয় স্টার্ট পরিচালনা করছে। সম্প্রতি কঙ্গোর ইতুরি প্রদেশের আওতাধীন ইকুমু টেরিটরি এলাকায় সশস্ত্র বিদ্রোহী বাহিনীর অনুপ্রবেশ সংঘটিত হয়।

OIC'র নারী উন্নয়ন সংস্থায় বাংলাদেশ

ইসলামী সহযোগিতা সংস্থার (OIC) নারী উন্নয়ন বিষয়ক সংস্থায় যোগ দেয় বাংলাদেশ। ১৪ সেপ্টেম্বর ২০২১ জেদ্দায় OIC'র সদর দপ্তরে সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও OIC'র স্থায়ী প্রতিনিধি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী নারী উন্নয়ন সংস্থার সংবিধিতে স্বাক্ষর করেন। মিসরের রাজধানী কায়রোতে অবস্থিত OIC'র নারী উন্নয়ন সংস্থা ৩১ জুলাই ২০২০ যাত্রা শুরু করে। ইতোমধ্যে বাংলাদেশসহ ২৬টি OIC সদস্য রাষ্ট্র এর সংবিধিতে স্বাক্ষর করে।

লা লিগায় বাংলাদেশি জিদান

সম্প্রতি প্রথম বাংলাদেশি হিসেবে লা লিগায় চুক্তিবদ্ধ হন জিদান মিয়া। স্প্যানিশ ক্লাব রায়ো ভায়োকানোর 'বি' দলে নাম লেখান তিনি। তবে অনুশীলন করবেন 'বি' দলের সঙ্গে। বাংলাদেশি বংশোদ্ভূত ২০ বছর বয়সী এই তরুণ ভালো করতে পারলে ভায়োকানোর মূল দলেও সুযোগ পেতে পারেন। জিদানের মা-বাবা সিলেটের। তাঁর জন্ম ও বেড়ে ওঠা ইংল্যান্ডে। জন্মসূত্রে তিনি ব্রিটিশ নাগরিক।

চিঠি লিখে নুবায়শার বিশ্বজয়

বিশ্ব ডাক সংস্থা (UPU) আয়োজিত ৫০তম পত্র লিখন প্রতিযোগিতায় বাংলাদেশি কিশোরী নুবায়শা ইসলাম স্বর্ণপদক লাভ করে। ২৭ আগস্ট ২০২১ তার নাম ঘোষণা করা হয়। চিঠি লেখার বিষয় ছিল কোভিড-১৯। সিলেট নগরীর আনন্দ নিকেতন স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী নুবায়শা ইসলাম।

দক্ষিণ সুদানে 'বাংলাদেশ রোড'

বাংলাদেশের শান্তিরক্ষীদের অবদানের কৃতজ্ঞতা হিসেবে দক্ষিণ সুদান সরকার দেশটির রাজধানী জুবায় একটি সড়কের নামকরণ করে 'বাংলাদেশ রোড'। ১১ আগস্ট ২০২১ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দক্ষিণ সুদানে মোতায়েনরত বাংলাদেশি শান্তিরক্ষী প্রকৌশল দলের সহায়তায় রাস্তাটি নির্মাণ করা হয়।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশি বিচারক

২০২১ সালের সেপ্টেম্বরে মার্কিন ফেডারেল কোর্টের বিচারক (জজ) পদে নিয়োগ পান নুসরাত চৌধুরী। মার্কিন বিচার বিভাগে নুসরাত চৌধুরী প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিক ও দ্বিতীয় মুসলিম হিসেবে নিয়োগ পেলেন। নুসরাত নিউইয়র্ক স্টেটের ইস্টার্ন ডিস্ট্রিক্টের ফেডারেল জজ হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি ১৯৯৮ সালে কলম্বিয়া ইউনিভার্সিটি থেকে ইতিহাসে অনার্স গ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করেন এবং ২০০৬ সালে বিশ্ববিখ্যাত ইয়েল স্কুল থেকে আইনে কৃতিত্বের সঙ্গে পাশ করেন।

কূটনৈতিক মিশনে ই-পাসপোর্ট

৫ সেপ্টেম্বর ২০২১ জার্মানির রাজধানী বার্লিনে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর মাধ্যমে বিদেশে কোনো দূতাবাসে প্রবাসী বাংলাদেশির জন্য প্রথম ই-পাসপোর্টের কার্যক্রম শুরু হয়। ১০ সেপ্টেম্বর ২০২১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে এবং ১৭ সেপ্টেম্বর ২০২১ ওয়াশিংটন ডিসি'র দূতাবাসে ই-পাসপোর্টের উদ্বোধন করা হয়।

UNWTO'র ভাইস চেয়ার

১৩ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থার (UNWTO) কমিশন ফর সাউথ এশিয়ার (CSA) ভাইস চেয়ার নির্বাচিত হয়। আগামী ২০২১-২০২৩ মেয়াদে দুই বছরের জন্য সর্বসম্মতিক্রমে বাংলাদেশ ভাইস চেয়ার নির্বাচিত হয়। বাংলাদেশের পাশাপাশি ইরানও CSA'র ভাইস চেয়ার নির্বাচিত হয়। এর আগে ২০১৯-২০২১ মেয়াদে CSA'র ভাইস চেয়ার ছিল ভারত ও শ্রীলংকা।

মেক্সিকোর প্যারেডে বাংলাদেশ সশস্ত্র বাহিনী

১৬ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট কর্নেল সুলাইমানের নেতৃত্বে সেনা, নৌ ও বিমানবাহিনীর সমন্বয়ে গঠিত সশস্ত্র বাহিনীর একটি চৌকশ প্যারেড কন্টিনজেন্ট মেক্সিকোর রাজধানীতে আয়োজিত প্যারেডে অংশগ্রহণ করে। ১০ সেপ্টেম্বর ২০২১ মেক্সিকোর স্বাধীনতার ২০০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত বিশেষ কুচকাওয়াজে অংশগ্রহণের জন্য ৩৯ সদস্যবিশিষ্ট একটি সামরিক কন্টিনজেন্ট মেক্সিকো যায়।

দেশ বার্তা

আসছে দেশি বাংলা কার

বাংলাদেশে মিতসুবিশি ব্র্যান্ডের গাড়ি তৈরির কারখানা স্থাপনের সম্ভাব্যতা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ২ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (BSEC) এবং জাপানের মিতসুবিশি মোটর কর্পোরেশন (MMC)-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক অনুযায়ী, ২০২৫ সালের মধ্যে দেশে কারখানা স্থাপন করে মিতসুবিশি মোটর কর্পোরেশনের সঙ্গে বাংলাদেশ সীমিতভাবে 'বাংলা কার' ব্র্যান্ডের গাড়ি তৈরি করবে।

বাংলাদেশ-অস্ট্রেলিয়া TIFA স্বাক্ষর

বিনিয়োগের পথ সুগম করতে ১৫ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক কাঠামো চুক্তি (TIFA) স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পক্ষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এবং অস্ট্রেলিয়ার পক্ষে সেদেশের বাণিজ্য, পর্যটন ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী ডান টিহান চুক্তিতে স্বাক্ষর করেন। অস্ট্রেলিয়া ২০০৩ সাল থেকে বাংলাদেশকে ডিউটি ফ্রি এবং কোটা ফ্রি বাণিজ্য সুবিধা দিয়ে আসছে। ২০২৬ সালে স্বল্পোন্নত দেশ (LDC) গ্র্যাজুয়েশনের পরও অস্ট্রেলিয়া এই বাণিজ্য সুবিধা অব্যাহত রাখবে। উল্লেখ্য, TIFA-এর পূর্ণরূপ—Trade and Investment Framework Arrangement.

রেকর্ডে বৈদেশিক মুদ্রার রিজার্ভ

করোনা ভাইরাসের মতো অপ্রত্যাশিত সংকট মোকাবিলায় আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) সম্প্রতি Special Drawing Rights (SDR) তহবিল থেকে বাংলাদেশকে প্রায় ১৪৫ কোটি ডলার ঋণ সহায়তা প্রদান করে। এর ফলে ২৪ আগস্ট ২০২১ বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ ৪৮.০৪ বিলিয়ন বা বা ৪,৮০৪ কোটি মার্কিন ডলারে পৌঁছে। অর্থাৎ প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৫ টাকা ধরে হিসাব করলে বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ হয় ৪ লাখ ৮ হাজার ৩৪০ কোটি টাকা।

একাদশ জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশন

শুরু : ১ সেপ্টেম্বর ২০২১ ● শেষ : ১৬ সেপ্টেম্বর ২০২১ ● বিল পাশ : ৯টি ● কার্যদিবস : ৭

সংসদে প্রশ্নোত্তর

- বাংলাদেশ সরকার এ পর্যন্ত বিশ্বের ৪৪টি দেশের সাথে সাংস্কৃতিক সহযোগিতা চুক্তি করেছে।
- দেশে গেজেটধারী বীর মুক্তিযোদ্ধার সংখ্যা ১ লাখ ৮৩ হাজার ৫৬০ জন।
- দেশে বর্তমানে নিবন্ধিত প্রিন্ট মিডিয়ার (পত্রিকা) সংখ্যা ৩,১৯৫টি এবং ইলেকট্রনিক মিডিয়া ১০৩টি।
- ১০৩টি ইলেকট্রনিক মিডিয়ার মধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন টিভি চ্যানেলের সংখ্যা ৪টি। বেসরকারি টিভি চ্যানেলের সংখ্যা ৪৫টি। রাষ্ট্রীয় মালিকানাধীন বেতার কেন্দ্র ১৪টি। বেসরকারি এফএম রেডিও ২২ টি এবং কমিউনিটি রেডিও ১৮টি।

বিলের নাম	পাশ
জাতীয় সংসদের নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ বিল, ২০২১	৪ সেপ্টেম্বর
গান্ধী আশ্রম (ট্রাস্টি বোর্ড) বিল, ২০২১	৪ সেপ্টেম্বর
বাংলাদেশ লিগ্যাল এডুকেশন অ্যান্ড বার কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২১	৪ সেপ্টেম্বর
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় বিল, ২০২১	১৫ সেপ্টেম্বর
বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট বিল, ২০২১	১৫ সেপ্টেম্বর
বাংলাদেশ মেডিকেল ইউনিয়ন (রিপিল) বিল, ২০২১	১৫ সেপ্টেম্বর
বাংলাদেশ মেডিকেল কলেজ গভর্নিং বডিজ (রিপিল) বিল, ২০২১	১৫ সেপ্টেম্বর
বাংলাদেশ জাতীয় আর্কাইভ বিল, ২০২১	১৬ সেপ্টেম্বর
বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) বিল, ২০২১	১৬ সেপ্টেম্বর

- বর্তমানে বাংলাদেশের নাগরিকদের মাথাপিছু বৈদেশিক ঋণের পরিমাণ ২৯২.১১ মা.ডা বা ২৪,৮৩০ টাকা (১ মা.ডা = ৮৫ টাকা ধরে)। বর্তমানে বৈদেশিক ঋণের স্থিতি (৩০ জুন, ২০২১) ৪,৯৪৫ কোটি ৮০ লাখ মা.ডা।
- সরকারি চ্যানেল ৪টি— বিটিভি ওয়ার্ল্ড, বাংলাদেশ টেলিভিশন, সংসদ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম।
- এ পর্যন্ত আবিষ্কৃত ২৮টি গ্যাসক্ষেত্রের মধ্যে বর্তমানে ২০টি গ্যাসক্ষেত্র থেকে গ্যাস উত্তোলন করা হচ্ছে।
- বর্তমানে দেশে শতভাগ বিদ্যুতের আওতায় এসেছে ৪৬১টি উপজেলা এবং ৯৯.৫% মানুষ।

ঘরে বসেই ভূমির দলিল

এখন থেকে ঘরে বসেই ভূমির দলিল পাবেন সেবা গ্রহীতারা। এ লক্ষ্যে ৭ সেপ্টেম্বর ২০২১ ভূমি মন্ত্রণালয় ও ডাক বিভাগের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় ভূমির দলিল, পরচা, খতিয়ান, ম্যাপসহ বিভিন্ন প্রমাণ্য দলিল সেবা গ্রহীতাদের বাসায় পৌঁছে দেয়া হবে। প্রতিটি ডাকঘরে নিযুক্ত ব্যক্তি প্রতিদিন নিকটস্থ ভূমি অফিস থেকে ভূমি-সংক্রান্ত দলিল সংগ্রহ করে সংশ্লিষ্টদের ঠিকানায় পৌঁছে দেবেন। এই সেবার জন্য অনলাইনে আবেদনের সময়ই সেবা গ্রহীতারা ডাকযোগে অনুরোধ জানাতে পারবে। এ ক্ষেত্রে ডাকমাশুল বাবদ মূল্য পরিশোধ করতে হবে। সেবা গ্রহীতারা অনলাইনে বা কল সেন্টারের মাধ্যমে আবেদন করার সুযোগ পেলেও আগে এসব দলিল পেতে ভূমি অফিসে যেতে হতো। এখন এগুলো সংগ্রহের জন্য আর ভূমি অফিসে যেতে হবে না।

ভূমি সংশ্লিষ্ট ৫ প্রকল্প উদ্বোধন

৮ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে ভূমি ভবনসহ ভূমি মন্ত্রণালয়ের পাঁচটি প্রকল্প উদ্বোধন করেন। যে পাঁচটি প্রকল্পের উদ্বোধন করেন, সেগুলো হলো— রাজধানীর তেজগাঁওয়ের সাতরাস্তা মোড়কেন্দ্রিক ভূমি ভবন কমপ্লেক্স, ৯৯৫টি ইউনিয়ন ভূমি অফিস, ১২৯টি উপজেলা ভূমি অফিস, অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ কার্যক্রম ও ভূমি ডাটা ব্যাংক।

৫ বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন

১২ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডি কনফারেন্সের মাধ্যমে ৫টি বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করেন। এই প বিদ্যুৎকেন্দ্রের মধ্যে তিনটি সরকারি ও দুটি বেসরকারি। দু গ্যাসচালিত আর তিনটি ফার্নেস অয়েলভিত্তিক। বিদ্যুৎকেন্দ্র পাঁচ হচ্ছে— হবিগঞ্জের জুলদায় 'বিবিয়ানা-৩' ৪০০ মেগাওয়া কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র, চট্টগ্রামের জুলদা ১০০ মেগাওয়া বিদ্যুৎকেন্দ্র ইউনিট-২, নারায়ণগঞ্জে মেঘনাঘাট ১০৪ মেগাওয়া পাওয়ার প্লান্ট, বাগেরহাটে মধুমতি ১০০ মেগাওয়াট বিদ্যুৎকে এবং সিলেটের ১৫০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র থেকে ১ মেগাওয়াট কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্রে উত্তরণ।

আরও ২১ বীরাঙ্গনা

মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী ও তা সহযোগীদের হাতে নির্যাতিত আরও বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার স্বীকৃতি পান। বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধার স্বীকৃতি দি ২৪ আগস্ট ২০২১ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গেজেট প্রক করে। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৭৫তম স সিদ্ধান্ত অনুযায়ী বীরাঙ্গনারা এ স্বীকৃতি পান। এ নিয়ে মুক্তিযো স্বীকৃতি পাওয়া বীরাঙ্গনাদের সংখ্যা ৪৩৮ জন।

মার্কিন সামরিক নৌযান উপহার

সমুদ্রসীমা ও উপকূলে নজরদারি বাড়ানো এবং হুমকি মোকাবি বাংলাদেশ নৌবাহিনী ও কোস্টগার্ডকে ২০টি টহল নৌযান উপ দেয় যুক্তরাষ্ট্র। ৯ সেপ্টেম্বর ২০২১ এক ভার্চুয়াল অনুষ্ঠা মাধ্যমে নৌযানগুলো হস্তান্তর করা হয়। এসব নৌযানের ম রয়েছে ৩৮ ফুট দৈর্ঘ্যের ১০টি ডিফিয়ান্ট ক্লাস মেটাল শার্ক এবং ২৫ ফুট দৈর্ঘ্যের ১০টি ডিফেন্ডার ক্লাস বোট।

NDB'র সদস্য বাংলাদেশ

ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকার নামের অদ্যাক্ষর নিয়ে গঠিত BRICS জোটের প্রতিষ্ঠিত ব্যাংকের New Development Bank (NDB)। ২০ আগস্ট ২০২১ NDB'র পরিচালনা পর্ষদ সভায় নতুন সদস্য হিসে বাংলাদেশকে অন্তর্ভুক্ত করার অনুমোদন দেয়া হয়। একই সঙ্গে সংযুক্ত আরব আমিরাত এবং উরুগুয়েকেও নতুন স হিসেবে অন্তর্ভুক্ত করার অনুমোদন দেয়। নিয়ম অনুযায়ী কোনো দেশ BRICS'র কোনো সদস্য রাষ্ট্রের মধ্যস্থতায় ND সঙ্গে যুক্ত হতে পারে। ১৭ ডিসেম্বর ২০২০ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র বাংলাদেশকে NDB'তে যুক্ত হওয়ার আমন্ত্রণ জানান। বিষয়টি এগিয়ে ১৫ জুলাই ২০২১ NDB'র সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের বৈঠক হয়। ধারাবাহিকতায় ব্যাংকটির সর্বোচ্চ পর্যায় থেকে বাংলাদেশের যোগদা বিষয়টি অনুমোদন দেয়া হয়। এখন বাংলাদেশ NDB'র ১৬০০ কোটি (১৮.৮৪ কোটি মার্কিন ডলার) পরিশোধ করবে। এর বিনিময়ে বাংলাদেশের থাকবে ১৮৮৪টি শেয়ার। পরিশোধিত মূলধন হিসাবে বাংলাদেশ এই দেবে। মূলধন পরিশোধ করা হলে বাংলাদেশ সদস্য হিসেবে যোগদান ক উল্লেখ্য, ২৯ মার্চ ২০১২ ভারতের দিল্লিতে অনুষ্ঠিত ৪র্থ BRICS সম্মে একটি নতুন ব্যাংক স্থাপনের ধারণাটি প্রস্তাব করা হয়। ২৬-২৭ মার্চ ২ দক্ষিণ আফ্রিকার ডারবান শহরে পঞ্চম BRICS সম্মেলনে সদস্য দেশ একটি উন্নয়ন ব্যাংক স্থাপনে সম্মত হন। ১৪-১৭ জুলাই ২০১৪ ব্রা ফোর্টালেজায় অনুষ্ঠিত ষষ্ঠ BRICS সম্মেলনে ব্যাংক স্থাপনে চুক্তি স্বা হয়। ২৭ ফেব্রুয়ারি ২০১৬ New Development Bank (N আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।

New Development Bank

- NDB গঠনের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর : ১৫ জুলাই ২০১৪।
- কার্যক্রম শুরু : ২৭ ফেব্রুয়ারি ২০১৬।
- সদর দপ্তর : সাংহাই, চীন।
- প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ : ৫টি—ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা।
- প্রেসিডেন্টের মেয়াদকাল : ৫ বছর।
- প্রথম প্রেসিডেন্ট : কে ভি কামাথ (ভারত)।
- বর্তমান প্রেসিডেন্ট : মার্কোস প্রাডো ট্রয়জো (ব্রাজিল)।

দেশে প্রথম স্টিল আর্চ সেতু

২৪ আগস্ট ২০২১ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ময়মনসিংহে 'কেওয়াটখালি সেতু' নির্মাণ প্রকল্প অনুমোদন করে। এতে ব্যয় হবে ৩,২৬৩ কোটি ৬৩ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১,৩৫৩ কোটি ৮৩ লাখ ৪৩ হাজার টাকা আর এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB) ঋণ দিবে ১৯০৯ কোটি ৭৯ লাখ ৭১ হাজার টাকা। দেশে এটাই প্রথম স্টিল আর্চ সেতু। এ প্রকল্পের আওতায় ময়মনসিংহে ব্রহ্মপুত্র নদের ওপর ৩২০ মিটার স্টিল আর্চ ব্রিজ নির্মাণ হবে।

পদ্মা বহুমুখী সেতু

❖ সড়কপথে যুক্ত

পূর্ণাঙ্গ রূপ পেল পদ্মা সেতুর সড়কপথ। ২৩ আগস্ট ২০২১ পদ্মা সেতুর ওপর সর্বশেষ রোড স্ল্যাব বসানো হয়। '২এফ-ইউ ৩৩' নম্বর স্ল্যাবটি মাওয়া প্রান্তের ১২ ও ১৩ নম্বর খুঁটির ওপর বসানোর মাধ্যমে পূর্ণাঙ্গ রূপ পেল পদ্মা সেতুর সড়কপথ। যানচলাচলে এখন বাকি শুধু কার্পেটিং। ১৯ মার্চ ২০১৯ পদ্মা সেতুতে প্রথম রোড স্ল্যাব বসানোর কাজ শুরু হয়। সড়ক পথ তৈরিতে প্রায় ২২ মিটার দীর্ঘ, ২.১ মিটার চওড়া, ৮৪ মেট্রিক টন ওজনের মোট ২,৯১৭টি স্ল্যাব বসানো হয়। এর আগে ২০ জুন ২০২১ রেলওয়ের ২,৯৫৯টি স্ল্যাব বসানো হয়। ১,৩২৮টি রেলওয়ে স্টেনজারের ওপর বসে ১৭ ফুট প্রস্থের রেলওয়ে স্ল্যাব।

❖ নিরাপত্তায় দুই থানা

পদ্মা সেতুর নিরাপত্তার লক্ষ্যে ২১ অক্টোবর ২০১৯ প্রশাসনিক পুনর্বিন্যাস-সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (NICAR) ১১৬তম বৈঠকে পদ্মা সেতুর দুই পাড়ে দু'টি থানা স্থাপনের অনুমোদন দেয়া হয়। থানা দুটির নাম হচ্ছে 'পদ্মা সেতু উত্তর' ও 'পদ্মা সেতু দক্ষিণ'। এরপর সরকার ১০ আগস্ট ২০২১ মুন্সিগঞ্জ জেলার লৌহজং থানার কুমারভোগ ও মেদিনীমণ্ডল ইউনিয়নের সমন্বয়ে 'পদ্মা সেতু উত্তর' থানার গেজেট প্রকাশ করে। 'পদ্মা সেতু উত্তর' থানা মেদিনীমণ্ডল ইউনিয়নে স্থাপন করা হয়। অন্যদিকে, ২৪ আগস্ট ২০২১ শরীয়তপুর জেলার জাজিরা থানার পূর্ব নাওডোবা ও পশ্চিম নাওডোবা ইউনিয়নের সমন্বয়ে 'পদ্মা সেতু দক্ষিণ' থানার গেজেট প্রকাশ করে। থানাগুলোতে একজন পরিদর্শক, দুইজন উপ-পরিদর্শক, দুইজন সহকারী উপ-পরিদর্শক ও ১৫ জন করে কনস্টেবল দায়িত্ব পালন করবেন।

কক্সবাজার বিমানবন্দর সম্প্রসারণ

পর্যটকদের আকৃষ্ট করার লক্ষ্যে সমুদ্রের বুকে তৈরি হচ্ছে বিমানবন্দরের রানওয়ে। নীল জলের ঢেউয়ের ওপর দিয়ে রানওয়ে স্পর্শ করবে উড়োজাহাজ। এমনই বিমানবন্দর তৈরি হচ্ছে পর্যটন শহর কক্সবাজারে। ২৯ আগস্ট ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কক্সবাজার বিমানবন্দরের রানওয়ে সম্প্রসারণ প্রকল্পের উদ্বোধন করেন। কক্সবাজারে নির্মিতব্য দেশের চতুর্থ এই আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়ের দৈর্ঘ্য হবে ১০,৭০০ ফুট। এর মধ্যে ১,৩০০ ফুট থাকবে সাগরের বুকে। নির্মাণ শেষ হলে এটি হবে দেশের দীর্ঘতম রানওয়ে। বর্তমানে সবচেয়ে দীর্ঘ রানওয়েটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের, যার দৈর্ঘ্য ১০,৫০০ ফুট। ৬ মে ২০১৭ প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজার বিমানবন্দরে বোয়িং ই ৭৩৭-৮০০ উড়োজাহাজ উড্ডয়ন-অবতরণ উদ্বোধন করেন। উদ্বোধনকালে এ বিমানবন্দরে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার জন্য কর্তৃপক্ষকে রানওয়ে সম্প্রসারণের নির্দেশনা দেন।

ঢাকা-চট্টগ্রাম হাইস্পিড রেলপথ

ঢাকা থেকে কুমিল্লা ও লাকসাম হয়ে চট্টগ্রাম পর্যন্ত দ্রুতগতির রেলপথ নির্মাণের উদ্যোগ নেয় বাংলাদেশ রেলওয়ে। প্রস্তাবিত ২২৭ কিলোমিটার দীর্ঘ রুটটিতে ট্রেন চলবে ঘণ্টায় সর্বোচ্চ ৩০০ কিলোমিটার গতিতে। ঢাকা-চট্টগ্রামের মধ্যে যাতায়াতে সময় লাগবে মাত্র ৫৫ মিনিট। রেলপথটি নির্মাণে প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে ১ লাখ কোটি টাকা।

পাঠ্যসূচিতে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেয় হাইকোর্ট। এজন্য সরকারকে একটি 'শিক্ষা বিশেষজ্ঞ কমিটি' গঠন করতে বলা হয়। এই কমিটি সুপারিশ করবে কোন পর্যায়ে কোন স্তরের পাঠ্যসূচিতে ভাষণটি অন্তর্ভুক্ত হবে। ৮ সেপ্টেম্বর ২০২১ এ সংক্রান্ত রুল নিষ্পত্তি করে রায় দেন বিচারপতি এফ আর এম নাজমুল আহসান ও বিচারপতি শাহেদ নূরউদ্দিনের ভার্চুয়াল বেঞ্চ। ২০১৭ সালে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক বশির আহমেদের করা রিট আবেদনে ৭ মার্চকে কেনো 'জাতীয় ঐতিহাসিক দিবস' হিসেবে ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছিল হাইকোর্ট। এছাড়া একাত্তরের ৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্থানে, যে মঞ্চে ভাষণ দেন, যে স্থানে পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ, মুক্তিযোদ্ধাদের অস্ত্র সমর্পণ এবং ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে সংবর্ধনা দেয়া হয়, সেই স্থানে মঞ্চ পুনর্নির্মাণ কেনো করা হবে না, জানতে চাওয়া হয় রুলে। সেই রুলের শুনানিতে রিট আবেদনকারীর সম্পূরক আবেদনে ২৫ ফেব্রুয়ারি ২০২০ হাইকোর্ট ৭ মার্চকে 'ঐতিহাসিক দিবস' ঘোষণা করে গেজেট প্রকাশের নির্দেশ দেয়। একই সাথে প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে ৭ মার্চের ভাষণের গৌরবোজ্জ্বল ইতিহাস অন্তর্ভুক্তির নির্দেশ কেনো দেয়া হবে না, জানতে চেয়ে রুল জারি করে। সে রুলটি নিষ্পত্তি করে দেয় হাইকোর্ট।

ফিরে আসছে দেশি মাছ



বাংলাদেশিদের এক সময় বলা হতো 'মাছে-ভাতে বাঙালি'। দেশের মিঠাপানির ২৬০ প্রজাতির মাছের মধ্যে ১৪৩টি ছোট প্রজাতির। কিন্তু ব্যাপক দূষণ ও অতিরিক্ত আহরণসহ নানা কারণে দেশি মাছের অনেক প্রজাতি বিলুপ্ত হয়ে গেছে। আরও বহু প্রজাতি হুমকির মুখে। এর মধ্যে ৬৪টি মাছ বিলুপ্ত হয়ে গেছে। তবে সাম্প্রতিক বছরগুলোতে অবস্থা বদলাতে শুরু করেছে। গত ২১ বছরে ৩১টি দেশি মাছের চাষপদ্ধতি উদ্ভাবন করে মৎস্য চাষিদের হাতে তুলে দেয় বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (BFRI) বিজ্ঞানীরা। সফলতার ধারাবাহিকতায় ৩১তম মাছ হিসেবে ২৫ আগস্ট ২০২১ যুক্ত হয় কাকিলা মাছ। এ মাছটির কৃত্রিম প্রজনন বাংলাদেশেই প্রথম। বাংলাদেশে যে জাতটি পাওয়া যায়, সেটি মিঠা পানির জাত। মাছটি বাংলাদেশের অধিকাংশ অঞ্চলে কাইকন্যা, কাইক্কা নামেই বেশি পরিচিত। এর বৈজ্ঞানিক নাম *xenentodon cancila*। মাছটিকে ইংরেজিতে Freshwater garfish বলে। এটি Belonidae পরিবার এর অর্ন্তগত।

ফিরে আসা ৩১ মাছ

পাবদা। গুলশা। গুজি আইড়। রাজপুটি। চিতল। মেনি। ট্যাংরা। ফলি। বালাচাটা। শিং। মহাশোল। গুতুম। মাগুর। বৈড়ালি। কুচিয়া। ভাগনা। খলিশা। কালবাউশ। কই। বাটা। গজার। সরপুঁটি। গক্ষিয়া। জাইতপুঁটি। পিয়ালি। বাতাসি। রানী। ঢেলা। আঙ্গুস। দাতিনা। কাকিলা।
এর মধ্যে ট্যাংরা মাছ দুই জাতের।

নতুন ১১ জাতের ফসল অনুমোদন

জাতীয় বীজ বোর্ডের (NSB) ১০২ থেকে ১০৫তম সভায় অনুমোদনের পর ২৫ আগস্ট ২০২১ কৃষি মন্ত্রণালয় থেকে ধান, গম, পাট ও আখের ১১ জাত ছাড়ের গেজেট প্রকাশ করে। জাতগুলো হলো— বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) ➤ বঙ্গবন্ধু ধান-১০০, ব্রি ধান-৯৯, ব্রি ধান-৯৮, ব্রি ধান-৯৭, ব্রি ধান-৯৬ ● বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA) ➤ বিনা ধান-২৪ ● বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (BWMRI) ➤ ডব্লিউএমআরআই গম-৩ এবং ডব্লিউএমআরআই গম-২ ● বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI) ➤ বিজেআরআই দেশি পাট-১০ ● বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (BSRI) ➤ বিএসআরআই আখ-৪৮ ও বিএসআরআই আখ-৪৭।

নতুন জাতের আম ইলামতি

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুর ও নাচোলে নতুন জাতের আমের সন্ধান মিলেছে। সুগন্ধী ও সুস্বাদু আমটি নাবি জাতের অর্থাৎ মৌসুমের শেষ দিকের। বিশেষ বৈশিষ্ট্যের এ জাতের আমটিকে সংগ্রামী কৃষক নেত্রী ইলা মিত্রের নাম অনুসারে 'ইলামতি' নামকরণ করে চাঁপাইনবাবগঞ্জের কল্যাণপুর হর্টিকালচার সেন্টারের কৃষিবিদরা। ইলা মিত্রের তেভাগা আন্দোলনখ্যাত নাচোলের মাটিতে ও পাশের উপজেলা গোমস্তাপুরে দেখা যাওয়ায় এ আমের নাম ইলা মিত্রের 'ইলা' ও মূল্যবান অর্থে 'মতি' যোগ করে 'ইলামতি' রাখা হয়। কৃষিবিদরা ২০১৩ সালে খুঁজে পান আরেকটি নাবি জাতের আম 'গৌড়মতি'। জাতটি ইতোমধ্যেই আমপ্রেমীদের পছন্দের তালিকায় স্থান করে নেয়।

লবণ সহিষ্ণু লাল জাতের শিম

গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরকৃবি) বিজ্ঞানীরা লবণ সহিষ্ণু বিইউ শিম-৭ উদ্ভাবন করেন। সম্প্রতি এ জাতের শিমটি কৃষক পর্যায়ে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদন পায়।

পুলিশ নিউজ পোর্টাল

'জনতার সাথে প্রগতির পথে' শ্লোগান নিয়ে ১ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ পুলিশের নিউজ পোর্টাল Police News যাত্রা শুরু করে। news.police.gov.bd এ অ্যাড্রেস ব্রাউজ করে Police News পড়া যাবে। প্রাথমিক পর্যায়ে Police News-এর বাংলা সংস্করণ চালু করা হয়। অচিরেই ইংরেজি সংস্করণও চালু হবে। এর বাইরে ঢাকা মেট্রোপলিটন পুলিশ ১ জানুয়ারি ২০১৩ থেকে DMP News (dmpnews.org) নামের নিউজ পোর্টাল চালাচ্ছে।

টেলিটকের জব পোর্টাল

মাত্র এক মিনিটে সরকারি চাকরিতে আবেদন করতে টেলিটক নিয়ে এলো বিশেষ ওয়েব পোর্টাল https://alljobs.teletalk.com.bd। এই ওয়েবসাইটের সুবিধাগুলোর মধ্যে রয়েছে চাকরি প্রার্থী সবার জন্য বিনামূল্যে প্রোফাইল তৈরি ও সরকারি-বেসরকারি চাকরির আবেদনের সুবিধা, সরকারি চাকরির আবেদনে প্রিমিয়াম সদস্যদের জন্য ডাটা অটো আপলোডের সুবিধা। এছাড়াও এসএমএস, ই-মেইল নোটিফিকেশন, ভেরিফায়েড ডাটা, সার্টিফিকেট আপলোড সুবিধা, লাইভ চ্যাট (মেসেঞ্জার, ফেসবুক ইত্যাদি), আবেদনকারীদের গুরুত্বপূর্ণ ডাটা, টেন্ডার আপলোড, প্রশিক্ষণ ও বিজ্ঞাপন প্রচার করা যাবে। সব চাকরির আপডেট তথ্য সবার আগে জানা যাবে টেলিটকের https://www.facebook.com/alljobsbdTeletalk ফেসবুক পেজে।

নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়

১৬ সেপ্টেম্বর ২০২১ সরকার আরও একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দেয়। 'শেখ হাসিনা ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি' নামে নতুন বিশ্ববিদ্যালয়টি কিশোরগঞ্জের ভৈরব উপজেলার বাঁশগাড়ী গ্রামে স্থাপিত হবে। বিশ্ববিদ্যালয়টি উদ্যোক্তা ও প্রতিষ্ঠাতা ডা. এইচ বি এম ইকবাল। নতুন এ বিশ্ববিদ্যালয়টি নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা এখন ১০৮টি।

স্বপ্নের দিগন্তে মেট্রোরেল

মেট্রোরেল আর স্বপ্ন নয়, এটি এখন দৃশ্যমান বাস্তবতা। ২৯ আগস্ট ২০২১ দেশের প্রথম মেট্রোরেলের আনুষ্ঠানিক পরীক্ষামূলক চলাচল উদ্বোধন করা হয়। আর এর মধ্য দিয়ে বাংলাদেশ বৈদ্যুতিক ট্রেনের যুগে যুক্ত হওয়ার পথে আরেক ধাপ এগিয়ে যায়। সবকিছু ঠিক থাকলে ২০২২ সালের ডিসেম্বরে যাত্রী চড়বে স্বপ্নের মেট্রোরেলে।

মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল

১১ মে ২০২১ ঢাকার উত্তরায় মেট্রোরেলের ডিপোতে বিদ্যুতের সাহায্যে দেশের ইতিহাসে প্রথম মেট্রোরেলের চলাচল দেখা যায়। ২৭ আগস্ট ২০২১ ছয়টি বগি নিয়ে এটি অভ্যন্তরীণভাবে চলাচল করে। এরপর ২৯ আগস্ট ২০২১ আনুষ্ঠানিকভাবে মেট্রোরেলের ভায়াডাক্টে পরীক্ষামূলক ট্রেন চালানো হয়। এ পরীক্ষামূলক চালানোকে বলা হয় *পারফরম্যান্স টেস্ট*। এই পারফরম্যান্স টেস্ট চলবে আরও ছয় মাস। এরপর শুরু হবে মূল পরীক্ষামূলক চলাচল। যাকে বলা হয় *Integrated Test*। এ সময় ট্রেনের সঙ্গে সংযুক্ত সব ধরনের ব্যবস্থা ঠিকমতো কাজ করছে কি না, তা পরীক্ষা করা হবে এবং যাত্রী ছাড়া বাণিজ্যিক সব নিয়ম মেনে ট্রেন পরিচালনা করা হবে। একে বলা হয় *বাণিজ্যিক টেস্ট*।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ঢাকায় মেট্রোরেল নির্মাণ ও পরিচালনার দায়িত্বে রয়েছে রাষ্ট্রায়ত্ত কোম্পানি ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (DMTCL)। এটি সম্পূর্ণ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান। ৩ জুন ২০১৩ DMTCL প্রতিষ্ঠা করা হয়।

মেট্রোরেলের নির্মাতা

মেট্রোরেলের ২৪ সেট ট্রেনের নকশা প্রণয়ন ও তৈরির দায়িত্বে রয়েছে জাপানের কাওয়াসাকি-মিতসুবিশি কনসোর্টিয়াম। ১৩ সেপ্টেম্বর ২০১৭ DMTCL এবং কাওয়াসাকি-মিতসুবিশি কনসোর্টিয়ামের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ছয়টি কোচ নিয়ে একটি ট্রেন সেট গঠিত। ২১ এপ্রিল ২০২১ জাপান থেকে মেট্রোরেলের প্রথম সেট বাংলাদেশে পৌঁছে। মেট্রোরেল ও লাইনের নকশা অনুযায়ী এটি ঘণ্টায় সর্বোচ্চ ১১০ কিলোমিটার গতিতে চলতে পারবে।

প্রথম মেট্রোরেল

মেট্রোরেলের উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত পথটি 'এমআরটি লাইন-৬' নামে পরিচিত। এটি ঢাকার প্রথম মেট্রোরেল। ১৮ ডিসেম্বর ২০১২ প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) অনুমোদন লাভ করে। ২৬ জুন ২০১৬ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ প্রকল্পের নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এরপর ১৫ অক্টোবর ২০১৯ (একনেক) সভায় 'এমআরটি লাইন-১' এবং 'এমআরটি লাইন-৫' নামে দুটি মেট্রোরেল লাইনের অনুমোদন দেয়া হয়।

মেট্রোরেলের যত প্রকল্প

ঢাকা মহানগরী এবং এর পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে সরকার ৬টি মেট্রোরেল প্রকল্প হাতে নেয়। DMTCL'র আওতায় মেট্রোরেলের মোট দৈর্ঘ্য ১২৮.৭৪১ কিমি (উড়াল ৬৭.৫৬৯ ও পাতাল ৬১.১৭২ কিমি) এবং স্টেশন ১০৪টি। এ লক্ষ্যে সরকার ২০৩০ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদি একটি কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।

FACT FILE
এমআরটি লাইন-৬

নির্মাণ কাজ উদ্বোধন : ২৬ জুন ২০১৬ । গুরুত্ব : Fast Track । দৈর্ঘ্য : ২০.১০ কিলোমিটার । অবকাঠামোর ধরন : উড়াল । স্টেশনের সংখ্যা : ১৬টি । স্টেশনসমূহ : উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর ১১, মিরপুর ১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট, কাওরান বাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল । প্রাক্কলিত ব্যয় : ২১,৯৮৫.০৭ কোটি টাকা ➤ বাংলাদেশ সরকার ৫,৩৯০.৪৮ কোটি টাকা ● জাপান সরকার ১৬,৫৯৪.৫৯ কোটি টাকা।

এমআরটি লাইন বৃত্তান্ত

নাম	রুট	দৈর্ঘ্য (কিমি)	স্টেশন	ধরন	সম্ভাব্য সমাপ্তি
এমআরটি লাইন-১*	—	৩১.২৪	২১টি	উড়াল ও পাতাল	২০২৬ সাল
এমআরটি লাইন-২	গাবতলী-চট্টগ্রাম রোড	২৪	—	উড়াল ও পাতাল	২০৩০ সাল
এমআরটি লাইন-৪	কমলাপুর-নারায়ণগঞ্জ	১৬	—	উড়াল	২০৩০ সাল
এমআরটি লাইন-৫ (উত্তর)	হেমায়েতপুর-ভাটারা	২০	১৪টি	উড়াল ও পাতাল	২০২৮ সাল
এমআরটি লাইন-৫ (দক্ষিণ)	গাবতলী-দাশেরকান্দি	১৭.৪০	১৬টি	উড়াল ও পাতাল	২০৩০ সাল
এমআরটি লাইন-৬	উত্তরা-মতিঝিল	২০.১০	১৬টি	উড়াল	২০২৪ সাল

** এ লাইনের অধীনে দুটি রুট হবে। বিমানবন্দর থেকে কমলাপুর রুটটি বিমানবন্দর রুট, যার দৈর্ঘ্য ১৯.৮৭২ কিমি এবং নতুন বাজার থেকে পূর্বাচল পর্যন্ত পূর্বাচল রুট, যার দৈর্ঘ্য ১১.৩৬৯ কিমি। কমলাপুর থেকে বিমানবন্দর রুটে দেশের প্রথম পাতাল রেল নির্মিত হবে।*

বদলে যাচ্ছে শিক্ষা কারিকুলাম

শিক্ষার্থীদের ওপর চাপ কমাতে এবং বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যসূচিতে আমূল পরিবর্তন আনছে সরকার। প্রাক-প্রাথমিক থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এনে জাতীয় শিক্ষাক্রমের রূপরেখা প্রণয়ন করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)। ১৩ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষাক্রমের খসড়া রূপরেখা অনুমোদন করেন।

ন শিক্ষাক্রমের লক্ষ্য

জাতীয় শিক্ষাক্রমের মূল লক্ষ্য পড়াশোনাকে ময় করে তোলা। একই সাথে প্রাথমিক ও মিক স্তর থেকে শিক্ষার্থীদের ঝরে পড়া কমানো। ক্ষেই তাদের বেশির ভাগ হণ শেষ করা নিশ্চিত করা, পুরো শিক্ষাক্রম হবে র্থীকেন্দ্রিক।

ই বিভাগ বিভাজন

শিক্ষাক্রমে অষ্টম থেকে নবম তে উত্তীর্ণ হওয়ার পর র্থীদের বিজ্ঞান, মানবিক ও জ্য বিভাগের বিভাজন থাকছে দশম শ্রেণির আগে কোনো ক পরীক্ষাও নেয়া হবে না। শ্রেণির পর এসএসসি নামে ক পরীক্ষা হবে, তা হবে শুধু শ্রেণির পাঠ্যসূচির ভিত্তিতে।

ভিন্ন ১০ বিষয়

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ থেকে শ্রেণি পর্যন্ত সব শিক্ষার্থীকে অভিন্ন বিষয়ে পড়ানো হবে। লো হলো— বাংলা, ইংরেজি, , বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, সামাজিক ন, জীবন ও জীবিকা, ধর্ম শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা এবং ও সংস্কৃতি। এরপর একাদশ শ্রেণিতে গিয়ে শাখা র্তনের সুযোগ রাখা হবে।

HIGHLIGHTS

- এসএসসি পর্যন্ত কোনো পাবলিক পরীক্ষা নেই
- এইচএসসিতে বোর্ড পরীক্ষার পরিবর্তে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে দু'টি পাবলিক পরীক্ষা
- তৃতীয় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য থাকবে না কোনো পরীক্ষা
- ২০২৩ সাল থেকে ধাপে ধাপে এবং ২০২৭ সালের মধ্যে সম্পূর্ণভাবে বাস্তবায়ন
- একাদশের আগে কোনো বিভাগ থাকবে না
- ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত অভিন্ন ১০টি বিষয় পড়তে হবে
- প্রাথমিক শিক্ষা সমাপনী (PEC) এবং জুনিয়র স্কুল সার্টিফিকেট (JSC) পরীক্ষা থাকবে না।

মূল্যায়ন পদ্ধতি

শিক্ষাক্রমের রূপরেখা অনুযায়ী, প্রাক-প্রাথমিক, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে কোনো পরীক্ষা থাকবে না। এসব শ্রেণিতে শতভাগ মূল্যায়ন হবে শিক্ষাপ্রতিষ্ঠানে শিখনকালীন ধারাবাহিকতার ওপর। ধারিবাহিক শিখন কার্যক্রমের ভিত্তিতে চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান বিষয়ের ৬০ শতাংশ মূল্যায়ন হবে। বাকি ৪০ শতাংশ মূল্যায়ন হবে পরীক্ষার ভিত্তিতে। শিক্ষাপ্রতিষ্ঠানে শিখনকালীন কার্যক্রমের ভিত্তিতে এই দুই শ্রেণির শারীরিক ও মানসিক স্বাস্থ্য এবং সুরক্ষা, ধর্ম শিক্ষা এবং শিল্পকলা বিষয়ের পুরোটাই মূল্যায়ন হবে। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণিতে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান বিষয়ে ৬০ শতাংশ মূল্যায়ন হবে শিখনকালীন। এর বাইরে আরও পাঁচটি বিষয়ের শতভাগ মূল্যায়ন হবে ধারাবাহিক শিখন কার্যক্রমের ভিত্তিতে। বিষয়গুলো— জীবন ও জীবিকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, স্বাস্থ্য শিক্ষা, ধর্ম শিক্ষা এবং শিল্প ও সংস্কৃতি। নবম ও দশম শ্রেণিতেও এই পাঁচটি বিষয়ে একইভাবে মূল্যায়ন হবে। এর বাইরে এই দুই শ্রেণিতে বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান বিষয়ে ৫০ শতাংশ মূল্যায়ন হবে শিখনকালীন। বাকি মূল্যায়ন হবে পরীক্ষার মাধ্যমে। একাদশ ও দ্বাদশ শ্রেণিতে গিয়ে পরীক্ষার মাধ্যমে মূল্যায়নে বেশি জোর দেয়া হবে। এই দুই শ্রেণিতে ৭০ শতাংশ মূল্যায়ন হবে পরীক্ষার মাধ্যমে এবং বাকি ৩০ শতাংশের মূল্যায়ন হবে শিখনকালীন।

সালভিত্তিক নতুন কারিকুলাম

২০২২ : প্রাথমিক ও মাধ্যমিকের ১০০টি করে শিক্ষা প্রতিষ্ঠানে পাইলটিং কার্যক্রম। তার মধ্যে কারিগরি ও মাদরাসাকে যুক্ত করা হবে

২০২৩ : প্রাথমিকের প্রথম ও দ্বিতীয় এবং মাধ্যমিকের ষষ্ঠ ও সপ্তম শ্রেণি

২০২৪ : প্রাথমিকের তৃতীয় ও চতুর্থ এবং মাধ্যমিকের অষ্টম ও নবম শ্রেণি

২০২৫ : প্রাথমিকের পঞ্চম এবং মাধ্যমিকের দশম শ্রেণি

২০২৬ : একাদশ শ্রেণি

২০২৭ : সর্বশেষ দ্বাদশ শ্রেণিতে চালু হবে নতুন কারিকুলাম।

সাপ্তাহিক ছুটি

প্রাথমিকে সাপ্তাহিক ছুটি এক দিন এবং মাধ্যমিক স্তরে দুই দিন ছুটি থাকবে। তবে জাতীয় দিবসগুলোতে শিক্ষাপ্রতিষ্ঠান খোলা থাকবে এবং এসব দিবস পালন শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিবেচিত হবে।

এইচএসসি পরীক্ষা বাতিল

একাদশ ও দ্বাদশ শ্রেণি শেষ করার পর এইচএসসি ও সমমানের পাবলিক পরীক্ষা নেয়া হবে না। একাদশ শ্রেণিতে বছর শেষে একটি ও দ্বাদশে আরেকটি পরীক্ষা নেয়া হবে। এ দু'টিই হবে পাবলিক পরীক্ষা। দুই পরীক্ষার ফল মূল্যায়ন করে এইচএসসি ও সমমান পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশিত হবে।

যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে স্বাক্ষরিত SALT-II চুক্তি মার্কিন সিনেটে অনুমোদন হয়নি

বিশ্ব দর্পণ

গিনিতে সেনা অভ্যুত্থান

৫ সেপ্টেম্বর ২০২১ পশ্চিম আফ্রিকার দেশ গিনিতে সেনা অভ্যুত্থান ঘটে। সামরিক অভ্যুত্থানের পর দেশব্যাপী কারফিউ জারি করা হয়। প্রেসিডেন্ট আলফা কোন্দেকে আটক করে সংবিধান বাতিল করে এবং সরকার ভেঙে দেয় সেনাবাহিনী। ১৮ অক্টোবর ২০২০ সহিংসতাপূর্ণ নির্বাচনের মাধ্যমে তৃতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর থেকে কোন্দে তীব্র সমালোচনার মুখোমুখি হয়। উল্লেখ্য, তিনি দেশের প্রথম গণতান্ত্রিক নির্বাচনে ২১ ডিসেম্বর ২০১০ ক্ষমতায় আসেন। পরে ২০১১ সালে কোন্দে একটি হত্যাকাণ্ডের প্রচেষ্টা থেকে বেঁচে যান। তখন বিদ্রোহী সৈন্যরা তার প্রাসাদে গুলি চালায়।

অভ্যুত্থানের নায়ক : অভ্যুত্থানের মাস্টারমাইন্ড হলেন গিনি সেনাবাহিনীর কর্নেল মামাদি দুম্বিয়া। তিনি ফরাসি নাগরিক এবং ফরাসি নারীকে বিয়ে করেন। প্যারিসে প্রতিরক্ষা বিষয়ে মাস্টার্স করেন। ইতোপূর্বে ফরাসি সেনাবাহিনীর প্রসিদ্ধ শাখা 'ফরাসি বিদেশি রেজিমেন্ট'-এ কর্মরত ছিলেন মামাদি দুম্বিয়া। ফ্রান্সের হয়ে আফগানিস্তান, জিবুতি, আইভরি কোস্ট ও সেন্ট্রাল আফ্রিকায় লড়াই করেন। ২০১৮ সালে প্রেসিডেন্ট আলফা কোন্দে স্পেশাল ফোর্স গঠনের ঘোষণা দেন, এ উদ্দেশ্যে দুম্বিয়াকে এটি গঠন ও কমান্ডের দায়িত্ব দেন। বিশেষভাবে প্রশিক্ষিত ও অত্যাধুনিক অস্ত্রে সজ্জিত এ বাহিনীর মাধ্যমে প্রেসিডেন্ট কোন্দের বিরুদ্ধে সামরিক অভ্যুত্থান ঘটান মামাদি দুম্বিয়া।

মার্কেল যুগের অবসান

একবার নয়, দু'বার নয়, পরপর ১০ বার খ্যাতনামা মার্কিন ম্যাগ Forbes-এর বিশ্বের সবচেয়ে প্রভাবশালী নারীর স্বীকৃতি তার ঝুলি তিনি আর কেউ নন, তিনি জার্মানির চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেল।

নভেম্বর ২০০৫ প্রথমবারের মতো জার্মানির চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। এর মধ্য দিয়ে প্রথম নারী চ্যান্সেলর হিসেবেও ইতিহাসে নাম লেখান। টানা ১৬ বছর ধরে তিনি জার্মানির চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করছেন। কাঁপাচ্ছেন বিশ্ব রাজনীতির মাঠ। কিন্তু বেশিদিন আর দেখা যাবে না ইউরোপের এই 'ক্রাইসিস ম্যানেজার'কে। বড় জোর মাত্র ৩ মাস। এরপরই অবসরে চলে যাবেন। কারণ ২৬ সেপ্টেম্বর ২০২১ অ্যাঞ্জেলা মার্কেল জার্মানির ২০তম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। ক্ষমতাসীন ক্রিস্টিয়ান ডেমোক্র্যাটিক ইউনিয়নের চেয়ারম্যান আরমিন লাশে বিরোধী রাজনীতিক ওলাফ শলৎস তার উত্তরসূরি হতে পারেন মধ্য দিয়ে শেষ হতে যাচ্ছে 'মার্কেল যুগ'। ২২ জানুয়ারি আরমিন লাশেট জার্মানির ক্ষমতাসীন ক্রিস্টিয়ান ডেমোক্র ইউনিয়নের (CDU) নতুন চেয়ারম্যান নির্বাচিত হন।

জার্মান সংসদ

জার্মানিতে দ্বিকক্ষবিশি সংসদীয় ব্যবস্থা বিদ্য উচ্চ কক্ষের নাম বুন্দেসরাট ও নিম্নক্ষে নাম বুন্দেসটাগ। মূলত নিম্নকক্ষের নির্বাচনেই ভোটারদের সরাসরি অংশগ্রহণ হয়। বুন্দেসটাগের মেয়াদ চ বছর এবং সংখ্যাগরি সদস্যদের ভোটে চার বছরের জন্য চ্যান্সেল নির্বাচিত হন।

জাপানের প্রধানমন্ত্রীর পদত্যাগ

১৬ সেপ্টেম্বর ২০২০ ইয়োশিহিদে সুগা জাপানের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। ১৪ সেপ্টেম্বর ২০২০ বিদায়ী প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের ছেড়ে দেয়া দলীয় সভাপতি পদে অবশিষ্ট মেয়াদের জন্য তিনি নির্বাচিত হন, যা ৩০ সেপ্টেম্বর ২০২১ শেষ হয়। ফলে তিন বছরের পূর্ণ মেয়াদে দলীয় সভাপতির পদে আসীন হয়ে সম্ভব হলে আগামী তিন বছর রাষ্ট্র পরিচালনার হাল ধরার ইচ্ছা ব্যক্ত করেন সুগা। কিন্তু করোনাভাইরাসের সংক্রমণ পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হওয়ায় সুগার প্রতি জনসমর্থনের হার ৩০ শতাংশের নিচে নেমে যায়। এরপর ৩ সেপ্টেম্বর ২০২১ সুগা পদত্যাগের ঘোষণা দেন। ৩০ সেপ্টেম্বর ২০২১ পদত্যাগ কার্যকর হয়।

LDP

১৫ নভেম্বর ১৯৫৫ জাপানের রাজনীতিতে গণতন্ত্রী দল লিবারেল ডেমোক্র্যাটিক (LDP) আনুষ্ঠানিক আত্মপ্রকাশ। LDP'র তিন বছরের জন্য নির্বাচিত হয়ে থাকেন। নেতার পদে বহাল থাকা জ সংসদে দলের সংখ্যাগরি থাকলে একই সঙ্গে প্রধান পদেও তিনি বহাল LDP'র সভাপতি নির্বাচন ধাপে হয়ে থাকে। দলের সাধারণ সদস্যরা নিজেদের পছন্দের প্রার্থীকে দেন। তবে সেই ভোটের মূল্যায়ন কম হয়ে থা দ্বিতীয় পর্যায়ে দলের সাংসদদের দেয়া ভোট ফল নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ভারত

CAA বিরোধী প্রস্তাব পাশ

ভারতে 'সংশোধিত নাগরিকত্ব আইন' (Citizenship Amendment Act) প্রত্যাহারের দাবি জানিয়ে ৮ সেপ্টেম্বর ২০২১ দেশটির তামিলনাড়ু বিধানসভায় একটি প্রস্তাব পাশ হয়। উল্লেখ্য, ২০১৯ সালের ডিসেম্বরে ভারতের সংসদে সর্বসম্মতিক্রমে পাশ হয় 'সংশোধিত নাগরিকত্ব বিল'। পরে ওই বিলে রাষ্ট্রপতির স্বাক্ষরের পর তা আইনে পরিণত হয়।

স্বাধীন কামতাপুর রাষ্ট্র

ভারতের পশ্চিমবঙ্গের সাতটি জেলা, বিহার রাজ্যের কিষানগঞ্জ, আসাম ও মেঘালয় রাজ্যের বেশকিছু এলাকা, নেপালের কিছু অংশ এবং বাংলাদেশের রংপুর অঞ্চলের কিছু অংশ নিয়ে স্বাধীন কামতাপুর রাষ্ট্র গঠনের দাবি করছে দেশটির নিষিদ্ধ সশস্ত্র সংগঠন কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন (KLO)। ২৭ আগস্ট ২০২১ KLO'র প্রধান জীবন সিংহের পক্ষ থেকে এক ভিডিও বার্তায় স্বাধীন কামতাপুর রাজ্য গঠনের দাবি করা হয়। KLO একটি বিচ্ছিন্নতাবাদী জঙ্গি সংগঠন হিসেবে পরিচিত। গোপনে তৎপরতা চালানো সংগঠনটিকে ভারত সরকার নিষিদ্ধ ঘোষণা করেছে। এর আগে ১৯ জুন ২০২১ পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ জন বার্লা রাজ্যটির উত্তরাঞ্চলের সাতটি জেলা নিয়ে আলাদা রাজ্য গড়ার কথা সামনে আনেন। তার বক্তব্যের এক দিন পরই ২১ জুন ২০২১ পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার বিষ্ণুপুর আসনের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ 'জঙ্গলমহল' নামে একটি রাজ্য গড়ার দাবি জানান। পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলার বিস্তীর্ণ এলাকা 'জঙ্গলমহল' নামে পরিচিত।

হুররিয়াতের নতুন নেতা


মাসাররাত আলম বাট

৭ সেপ্টেম্বর ২০২১ ভারতশাসিত জম্মু-কাশ্মিরের অল পার্টিস হুররিয়াত কনফারেন্স (APHC) তাদের নতুন নেতৃত্বের নাম ঘোষণা করে। মাসাররাত আলম বাট চেয়ারপারসন এবং শাব্বির আহমদ শাহ ও গোলাম আহমদ গুলজারকে ভাইস চেয়ারপারসন করা হয়। এ ছাড়া মৌলভী বশির আহমদ ইরফানি সংগঠনের সাধারণ সম্পাদক পুনর্নির্বাচিত হন। ৯ মার্চ ১৯৯৩ জম্মু-কাশ্মিরের ২৬ টি সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় সংগঠন মিলে 'অল পার্টিস হুররিয়াত কনফারেন্স' গঠিত হয়। এর মূল উদ্যোক্তা ছিলেন সাইয়েদ আলী শাহ গিলানী।

রাশিয়া

পরমাণু চালিত সাবমেরিন

নতুন করে পরমাণু চালিত সাবমেরিন তৈরি করছে রাশিয়া। ২৩ আগস্ট ২০২১ ইন্টারন্যাশনাল টেকনিক্যাল ফোরামের উদ্বোধনী অনুষ্ঠানে এই

ঘোষণা দেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এতে তিন ধরনের জলযান তৈরির নির্দেশ দেয়া হয়। তার মধ্যে রয়েছে দুইটি পরমাণু চালিত সাবমেরিন, যেখানে Intercontinental Ballistic Missile (ICBM) থাকবে। এছাড়াও দু'টি ডিজেল চালিত সাবমেরিন এবং অন্য নৌযান তৈরির নির্দেশ দেন। দেশটিতে নতুন অস্ত্র তৈরির কাজও চলছে। তার মধ্যে রয়েছে নতুন হাইপারসনিক ড্যাগার, পরমাণু চালিত এয়ার লঞ্চড ব্যালিস্টিক মিসাইল এবং সুখোই এস-৭০ হান্টার।

স্কাইফল ক্ষেপণাস্ত্র

পরমাণু শক্তিচালিত আরেকটি ক্রুজ ক্ষেপণাস্ত্র পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে রাশিয়া। এই ক্ষেপণাস্ত্র স্কাইফল নামে পরিচিত। বিতর্কিত এই অস্ত্র মার্কিন প্রতিরক্ষা ব্যবস্থাকে পরাস্ত করার জন্য তৈরি করা হয়েছে। এর আগে ২০১৭ সালের নভেম্বরে সুমেরু বৃত্তের কাছাকাছি অঞ্চল থেকে এ ধরনের ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায় রাশিয়া। এরপর সেখান থেকে একাধিক পরীক্ষা চালালেও তাতে সফল হয়নি। যুক্তরাষ্ট্র ও ন্যাটোর মোকাবিলায় রাশিয়া তার কৌশলগত পারমাণবিক অস্ত্র, ডেলিভারি সিস্টেম আধুনিকায়ন করছে।

কোরীয় উপদ্বীপে ক্ষেপণাস্ত্র পরীক্ষা



১৫ সেপ্টেম্বর ২০২১ দুই কোরিয়া কয়েক ঘণ্টার ব্যবধানে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালায়। দক্ষিণ কোরিয়া প্রথম সাগরতলে ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালায় এবং ৩০০০ টন শ্রেণির সাবমেরিন থেকে নিক্ষিপ্ত দেশীয় তৈরি ক্ষেপণাস্ত্রটি পরিকল্পিতভাবে লক্ষ্যবস্তুতে আঘাত হানার আগে নির্ধারিত দূরত্বে উড়ে যায়। অন্যদিকে, উত্তর কোরিয়া ক্রুজ ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালানোর দু'দিনের মাথায় এই ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায় দক্ষিণ কোরিয়া। মাত্র দুই দিন আগে ১৩ সেপ্টেম্বর ২০২১ উত্তর কোরিয়া দূরপাল্লার ক্রুজ ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায়। ক্ষেপণাস্ত্রটি ১,৫০০ কিলোমিটার বা ৯৩০ মাইল দূরের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। এটি দেশটির প্রথম দূরপাল্লার ক্ষেপণাস্ত্র যেটি পরমাণু অস্ত্র বহন করার ক্ষমতা রাখে।

অন্যদিকে, ২০২১ সালের সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে দক্ষিণ কোরিয়া পরীক্ষামূলকভাবে ডুবোজাহাজ থেকে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (SLBM) উৎক্ষেপণ করে। এর মাধ্যমে পারমাণবিক অস্ত্রবিহীন দেশগুলোর মধ্যে এ ধরনের সক্ষমতা সম্পন্ন প্রথম দেশ হলো দক্ষিণ কোরিয়া। দক্ষিণ কোরিয়ার এ প্রচলিত ক্ষেপণাস্ত্রটিকে Hyunmoo 4-4 সাঙ্কেতিক নাম দেয়া হয়। এ ক্ষেপণাস্ত্রটি দক্ষিণ কোরিয়ার Hyunmoo-2B ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের একটি ভ্যারিয়েন্ট বলে মনে করা হচ্ছে যার পাল্লা প্রায় ৫০০ কিলোমিটার। এতদিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, চীন, ব্রিটেন, ফ্রান্স, ভারত ও উত্তর কোরিয়া SLBM তৈরি করে আসছে। এই সব দেশের পারমাণবিক অস্ত্রভান্ডারও আছে। সাধারণত পারমাণবিক অস্ত্র দিয়ে সজ্জিত করে SLBM-কে আরও ধ্বংসাত্মক করে তোলা হয়।

INF'র পূর্ণরূপ Intermediate-Range Nuclear Forces

EU'র বিকল্প বাহিনী

আফগানিস্তানের মতো বিপর্যয় মোকাবিলায় বিকল্প বাহিনী হিসেবে Rapid Reaction Force গড়ার চিন্তা-ভাবনা করছে ইউরোপীয় ইউনিয়ন (EU)। এটা হবে এমন একটা বাহিনী যাদের বিভিন্ন সংকট মোকাবিলার পাশাপাশি যেকোনো সংকটকালীন মুহূর্তে পৃথিবীর যেকোনো প্রান্তে মোতায়েন করা যাবে। শুধু তাই নয় এর ফলে EU'র যুক্তরাষ্ট্রের ওপর সৈন্য নির্ভরতাও কমবে। ২ সেপ্টেম্বর ২০২১ সদস্য দেশগুলোর প্রতিরক্ষামন্ত্রীরা এ বিষয়ে একটি প্রস্তাবনা নিয়ে বেলজিয়ামের রাজধানীতে বৈঠক করেন। প্রাথমিক প্রস্তাবে Rapid Reaction Force নামের এ বাহিনীতে ৫ হাজার সদস্য রাখার প্রস্তাব করা হয়। তবে পদক্ষেপটি শেষ পর্যন্ত সফল হবে কিনা তা নিয়ে আশঙ্কা রয়েছে। কারণ এর আগেও EU বেশ কয়েকবার চেষ্টা করে নতুন বাহিনী গড়তে ব্যর্থ হয়েছে। মূলত যুক্তরাষ্ট্র চায় না EU'তে এই ধরনের একটি বাহিনী গঠন হোক।

UNGA'র ৭৬তম অধিবেশন

জাতিসংঘ সাধারণ পরিষদ (UNGA) সদস্যরাষ্ট্রগুলো নিয়ে গঠিত। জাতিসংঘ সনদ অনুযায়ী আন্তর্জাতিক বিষয়াবলিতে পূর্ণাঙ্গ বহুপাক্ষিক আলোচনার মাধ্যমে সুচিন্তিত মতামত প্রদান ও নীতি নির্ধারণের ক্ষেত্রে জাতিসংঘের প্রতিনিধিত্বশীল অঙ্গ হিসেবে সাধারণ পরিষদ কাজ করে। নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে প্রতিবছর সেপ্টেম্বর মাসে সাধারণ পরিষদের অধিবেশন অনুষ্ঠিত হয়। ১৪ সেপ্টেম্বর ২০২১ শুরু হয় UNGA'র ৭৬তম অধিবেশন। তবে উচ্চপর্যায়ের সাধারণ বিতর্ক শুরু হয় ২১ সেপ্টেম্বর ২০২১।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ : ১৭ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা UNGA'র ৭৬তম অধিবেশনে যোগ দিতে ফিনল্যান্ডের হেলসিঙ্কি হয়ে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। ২০২০ সালের ফেব্রুয়ারিতে ইতালি সফরের পর এটি তার প্রথম বিদেশ সফর। ২৪ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের ৭৬তম অধিবেশনে ভাষণ দেন।



UNGA'র সভাপতি

৭ জুন ২০২১ জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হন মালদ্বীপের পররাষ্ট্রমন্ত্রী আব্দুল্লাহ শহীদ। ১৪ সেপ্টেম্বর ২০২১ তিনি UNGA'র ৭৬তম অধিবেশনের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

IMF'র SDR অর্থ ছাড়

২৩ আগস্ট ২০২১ আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) ৬৫ হাজার কোটি মার্কিন ডলারের Special Drawing Rights (SDR) এর অর্থ ছাড় করে। এবারের তহবিলের মধ্যে মাত্র ২,১০০ কোটি মার্কিন ডলার পায় নিম্ন আয়ের দেশগুলো। আর উদীয়মান ও উন্নয়নশীল দেশগুলো পায় ২৭,৫০০ কোটি মার্কিন ডলার। বাকি ৩৭,৫০০ কোটি মার্কিন ডলার পায় ৪০টি ধনী দেশ। SDR'র নির্দিষ্ট মেয়াদ না থাকার ফলে দাতা দেশকে সারা জীবন ধরে সুদ গুনতে হবে। এই সুদের হার ০.৫ %। মূলত দুর্যোগের সময় IMF এ ধরনের তহবিল ছাড় করে থাকে। এর আগে সর্বশেষ ২০০৯ সালে আর্থিক সংকটের সময় IMF এই তহবিলের অর্থ ছাড় করেছিল। IMF'র ১৯০টি সদস্য দেশের মধ্যে বৈশ্বিক অর্থনীতিতে কার কত হিস্যা তার ভিত্তিতে এই অর্থ ছাড় করা হয়।

SDR কী?

SDR মূলত IMF'র এক ধরনের মুদ্রা যা আবার পাঁচটি মুদ্রায় রূপান্তর করা যায়। এটি পেলে একটি দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়ে যায়। ফলে আমদানি-রপ্তানিতে সুবিধা হয়। IMF'র সম্পূরক আন্তর্জাতিক রিজার্ভ বা মজুত সম্পদ যা Special Drawing Rights (SDR) নামে পরিচিত। সদস্য দেশগুলোর সরকারের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বা মজুতের সম্পূরক আন্তর্জাতিক মুদ্রা হিসেবে ১৯৬৯ সালে SDR চালু করা হয়। প্রতি পাঁচ বছর পরপর IMF বিশ্বের অন্য কয়েকটি প্রধান মুদ্রার বিনিময় হারের ভিত্তিতে SDR মুদ্রাগুলোর মূল্যমান নির্ধারণ করে থাকে। IMF'র সঙ্গে সদস্য দেশগুলোর কেন্দ্রীয় ব্যাংকের লেনদেনের ক্ষেত্রে SDR মুদ্রা ব্যবহৃত হয়। বিশেষ করে IMF যখন কোনো দেশকে আর্থিক সহায়তা দেয় তখনই মূলত এটি ব্যবহৃত হয়ে থাকে। ৩০ নভেম্বর ২০১৫ IMF'র নির্বাহী পর্ষদ ইউয়ানকে পঞ্চম রিজার্ভ মুদ্রা হিসেবে গ্রহণের সিদ্ধান্ত নেয়; যা ১ অক্টোবর ২০১৬ কার্যকর হয়।

যুক্তরাজ্যের মন্ত্রিসভায় রদবদল

১৫ সেপ্টেম্বর ২০২১ যুক্তরাজ্যের মন্ত্রিসভায় রদবদল হয়। প্রধানমন্ত্রী বরিস জনসন প্রথমবারের মতো মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ পদগুলোতে পরিবর্তন করেন। এছাড়া তিন মন্ত্রীকে বরখাস্ত করা হয়। তারা হলেন— শিক্ষামন্ত্রী গেভিন উইলিয়ামসন, আইনমন্ত্রী রবার্ট বাকল্যান্ড এবং স্থানীয় সরকার ও সম্প্রদায়বিষয়ক মন্ত্রী রবার্ট জেনেরিক।

- **দ্বিতীয় নারী পররাষ্ট্রমন্ত্রী :** ডমিনিক রাবকে পররাষ্ট্রমন্ত্রীর পদ থেকে সরিয়ে তার স্থানে নতুন নিয়োগ দেয়া হয় লিজ ট্রাসকে। লিজ ট্রাস যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পাওয়া দ্বিতীয় নারী। এর আগে ৫ মে ২০০৬-২৭ জুন ২০০৭ মেয়াদে প্রথম নারী হিসেবে এই পদে নিযুক্ত হয়ে ইতিহাস গড়েন মার্গারেট বেকেট।
- ডমিনিককে উপ-প্রধানমন্ত্রী ও বিচারমন্ত্রীর দায়িত্ব দেয়া হয়। দেশটির মন্ত্রিসভার পদের মান অনুযায়ী, এটি পররাষ্ট্রমন্ত্রীর থেকেও কম গুরুত্বপূর্ণ।
- মন্ত্রিসভায় নতুন শিক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব পান নাদিম জাহাভি। তিনি আগে বাণিজ্য ও টিকামন্ত্রী ছিলেন। আর শিক্ষামন্ত্রীর দায়িত্বে ছিলেন গেভিন উইলিয়ামসন।

START'র পূর্ণরূপ Strategic Arms Reduction Treaty

AEOI'র প্রধান

নের পরমাণু শক্তি সংস্থার (Atomic Energy ganization of Iran-AEOI) সপ্তম প্রধান সবে নিয়োগ পান মোহাম্মাদ ইসলামী। ২৯ আগস্ট ২১ প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি তাকে এ পদে য়োগ দেন। মোহাম্মাদ ইসলামী এর আগে ইরানের ক ও শহর নির্মাণবিষয়ক মন্ত্রীর দায়িত্ব পালন রেন। এর আগে ইরানের পরমাণু শক্তি সংস্থার ধানের দায়িত্বে ছিলেন আলী আকবর সালেহি।

SCO'র সদস্য

৬-১৭ সেপ্টেম্বর ২০২১ তাজিকিস্তানের রাজধানী শানবেতে সাংহাই সহযোগিতা সংস্থার (SCO) তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত । সম্মেলনের শেষ দিন ১৭ প্টেম্বর ২০২১ ইরানকে নুষ্ঠানিকভাবে নতুন সদস্যপদ ান করা হয়। চীন, রাশিয়া, াখস্তান, কিরগিজস্তান এবং জিকিস্তানকে নিয়ে ২৬ এপ্রিল ১৯৯৬ চীনের হাইয়ে একটি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে Shanghai ive Group গঠন করা হয়। ১৫ জুন ২০০১ এর মকরণ করা হয় সাংহাই সহযোগিতা সংস্থা (SCO)। ০০১ সালে এতে সদস্য হয় উজবেকিস্তান। ৯ জুন ২০১৭ ভারত এবং পাকিস্তান আনুষ্ঠানিকভাবে সংস্থায় পূর্ণ সদস্যপদ লাভ করে।

লেবাননে নতুন সরকার

১০ সেপ্টেম্বর ২০২১ লেবাননে নতুন সরকার গঠিত হয়। দেশটির নতুন প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন নাজিব মিকাতি। তার নেতৃত্বে ২৪ জন মন্ত্রী নিয়ে মন্ত্রিসভা গঠন করা হয়। ধনকুবের মিকাতি এ নিয়ে তৃতীয়বার লেবাননের প্রধানমন্ত্রীর দায়িত্ব পেলেন। ৪ আগস্ট ২০২০ বৈরুত বন্দরের রাসায়নিক গুদামে ভয়াবহ বিস্ফোরণে ব্যাপক ধ্বংসযজ্ঞের কয়েকদিন পরই ১০ আগস্ট ২০২০ তৎকালীন প্রধানমন্ত্রী হাসান দিয়াবের সরকার পতনের পর থেকে লেবাননে এতদিন কার্যকর কোনো সরকার ছিল না।

কাতারের কাছে এফ-১৫ যুদ্ধবিমান

২০২১ সালের আগস্টে কাতার নতুন প্রজন্মের অত্যাধুনিক এফ-১৫ যুদ্ধবিমানের প্রথম চালান হাতে পায়। মার্কিন বিমান নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং-এর সদর দপ্তরে এ বিমান হস্তান্তর করা হয়। ১৪ জুন ২০১৭ আধুনিক যুদ্ধবিমান কিনতে যুক্তরাষ্ট্রের সাথে কাতার চুক্তি করে। চুক্তি অনুযায়ী যুক্তরাষ্ট্রের কাছ থেকে আধুনিক যুদ্ধবিমান পাওয়ায় তাদের সামরিক খাত আরও শক্তিশালী হয়।

মরক্কো-আলজেরিয়া কূটনৈতিক সম্পর্ক ছিন্ন

২৪ আগস্ট ২০২১ মরক্কোর বিরুদ্ধে 'শত্রুতামূলক কর্মকাণ্ডের' অভিযোগে দেশটির সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে আলজেরিয়া। ৯ আগস্ট ২০২১ আলজেরিয়ায় ছড়িয়ে পড়া দাবানলে হাজার হাজার হেক্টর বনভূমি পুড়ে যায়। এতে কমপক্ষে ৯০ জন মানুষ মারা যায় যাদের মধ্যে ৩০ জনের বেশি সেনা সদস্য। আলজেরিয়ার মতে ভয়াবহ দাবানলের পেছনে মরক্কোর সমর্থনপুষ্ট *Movement for the self-determination of Kabylie (MAK)* জড়িত। মরক্কো ও আলজেরিয়ার মধ্যে কয়েক দশক ধরে সম্পর্কের টানাপোড়েন চলছিল।

সম্পর্কের বাতায়নে সৌদি ও ইরান

ইরাকের মধ্যস্থতায় অদূর ভবিষ্যতে মধ্যপ্রাচ্যের দেশ ইরান ও সৌদি আরবের মধ্যে সরাসরি আলোচনা শুরুর সম্ভাবনা দেখা দেয়। ২৮ আগস্ট ২০২১ মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা প্রশমনের লক্ষ্যে বাগদাদে অনুষ্ঠিত আঞ্চলিক সম্মেলনে ইরানের পররাষ্ট্রমন্ত্রী হুসেইন আমির-আবদুল্লাহিয়ানের সঙ্গে সৌদি পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল বিন ফারহান আল সৌদের কথা হয়। এর আগে ইরাকের প্রধানমন্ত্রী মুস্তফা আল-কাজেমির ব্যবস্থাপনায় ৯ এপ্রিল ২০২১ বাগদাদে একটি গোপন বৈঠক হয়। এটা ছিল দুই দেশের মধ্যে প্রথম আলোচনা। কিন্তু প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসির প্রশাসন গঠনের সময়ে হওয়ায় আলোচনা সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। ২ জানুয়ারি ২০১৬ সৌদি শিয়া আলেম শেখ নিমর আল-নিমরকে সন্ত্রাসের অভিযোগে মৃত্যুদণ্ডের জেরে সৃষ্ট জটিলতায় সৌদি আরব ও ইরানের মধ্যে কূটনীতিক সম্পর্ক ছিন্ন হয়। সিরিয়া, ইয়েমেনসহ আঞ্চলিক বিভিন্ন সংকটে বিপরীত প্রতিদ্বন্দ্বী শক্তিগুলোকে সহায়তার মাধ্যমে নিজেদের প্রক্সি যুদ্ধ (Proxy War) চালিয়ে আসছিল দেশ দু'টি। এ ছাড়া সৌদি আরবের অভ্যন্তরে ১৪ সেপ্টেম্বর ২০১৯ মিসাইল ও ড্রোন হামলার জন্য ইরানকে দায়ী করে যুক্তরাষ্ট্র ও সৌদি আরব।

মার্কিন ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা প্রত্যাহার

২০২১ সালের সেপ্টেম্বরে সৌদি থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা ও প্যাট্রিয়ট ব্যাটারি প্রত্যাহার করে নেয় যুক্তরাষ্ট্র। সৌদি আরবের রাজধানী রিয়াদ থেকে ১১৫ কিলোমিটার দক্ষিণ-পূর্বে অবস্থিত প্রিন্স সুলতান বিমান ঘাঁটি। এই ঘাঁটিতে ২০১৯ সালে যুক্তরাষ্ট্র কয়েক হাজার সৈন্য মোতায়েন করে। আরব উপদ্বীপে যুক্তরাষ্ট্র প্রায় ১০ হাজার সেনা মোতায়েন রয়েছে। মূলত, ইরানকে প্রতিহত করতেই এসব সেনা মোতায়েন করা হয়।

মহাপ্রাচীরের দেশে

তৃতীয় স্টক এক্সচেঞ্জ

ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্যবসার জন্য নতুন একটি স্টক এক্সচেঞ্জ স্থাপনের পরিকল্পনা নেয় চীন। ৩ সেপ্টেম্বর ২০২১ 'ইন্টারন্যাশনাল ফেয়ার ফর ট্রেড ইন সার্ভিস'-এ দেয়া এক বক্তব্যে প্রেসিডেন্ট সি চিন পিং এই পরিকল্পনার ঘোষণা দেন। তৃতীয় এই স্টক এক্সচেঞ্জ হবে রাজধানী বেইজিংয়ে। চীনের মূল ভূখণ্ডে বর্তমানে দুটি স্টক এক্সচেঞ্জ আছে। একটি বাণিজ্যিক রাজধানী সাংহাইয়ে, অন্যটি দক্ষিণের শহর শেনজেনে।

চীনে এখন তিন সন্তান নীতি

৩১ মে ২০২১ চীন সরকার তিন সন্তান নীতি ঘোষণা করে। এরপর ২০ আগস্ট ২০২১ চীনের ন্যাশনাল পিপলস কংগ্রেসের (NPC) বৈঠকে সংশোধিত আইনটি পাশ করা হয়। জন্মহার বাড়ানোর লক্ষ্যে আনুষ্ঠানিকভাবে এ আইন পাশ করে NPC। সংশোধিত পরিবার পরিকল্পনা আইন অনুযায়ী, দেশটির দম্পতিরা তিনটি করে সন্তান নিতে পারবেন। জনসংখ্যার বিস্ফোরণ রোধে ১৯৭৯ সালে চীন 'এক সন্তান নীতি' গ্রহণ করে। কিন্তু পরে জন্মহার দ্রুত কমতে থাকায় চীন এ নীতি থেকে সরে আসে। বয়স্ক মানুষের সংখ্যা দ্রুত বাড়ায় কর্মক্ষেত্রে এর প্রভাব ঠেকাতে জনভারসাম্য রক্ষায় ১ জানুয়ারি ২০১৬ চীন সরকার দুই সন্তান নীতি কার্যকর করে। অর্থাৎ দম্পতিদের দুই সন্তান নেয়ার অনুমতি দেয়। তারপরও জনসংখ্যা হ্রাস ঠেকাতে না পারায় দেশটির সরকার এবার তিন সন্তান নীতির পথে হাঁটতে শুরু করে।

চীন-রাশিয়া রেল সেতু

১৭ আগস্ট ২০২১ চীন ও রাশিয়ার মধ্যে সংযোগ স্থাপনকারী রেল সেতুর নির্মাণ কাজ শেষ হয়। সেতুটি রাশিয়ার *নিঝনেলেনিনস্কয়ে* (Nizhneleninskoye) শহরের সঙ্গে চীনের টংজিয়াংকে (Tongjiang) সংযুক্ত করে। আমুর নদীর ওপর নির্মিত ২,২১৫ মিটার দীর্ঘ এ সেতুটির কাজ ২০১৪ সালের ফেব্রুয়ারিতে শুরু হয়। মূল কাঠামোর কাজ শেষ হয় ২০১৯ সালে।

এবার চলাচলের জন্য প্রস্তুত হলো সেতুটি। পুরো লাইনের বেশির ভাগ অংশ (১,৮৮৬ মিটার) চীন সীমান্তে পড়েছে। তবে দুই দেশের মধ্যে সংযোগ রক্ষাকারী প্রথম সেতু এটি নয়। এর আগেও একটি সড়ক সেতু বানানো হয়। চীনের হেইহে ও রাশিয়ার *ব্লাগোভেসচেংক* এলাকাকে যুক্ত করেছে সেতুটি। এবার ক্যাবল কার সিস্টেম চালু করার দিকে ঝুঁকেছে বন্ধুপ্রতীম দুই দেশ।

ভয়ংকর ক্ষেপণাস্ত্র পরীক্ষা

দক্ষিণ চীন সাগরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনার মধ্যেই অত্যাধুনিক প্রযুক্তির দু'টি ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালায় চীন। এগুলো খুব অল্প সময়ের মধ্যে কয়েক' কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। চীনের উত্তর পশ্চিমাঞ্চলীয় মরুভূমি এলাকায় এ ক্ষেপণাস্ত্র দু' উৎক্ষেপণ করা হয়।

পাঠ্যক্রমে সি চিন পিংয়ের 'দর্শন'

চীনের জাতীয় শিক্ষা কারিকুলামে প্রেসিডেন্ট সি চিন পিংয়ের দর্শনকে যুক্ত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ২৪ আগস্ট ২০২১ এ-সংক্রান্ত একটি নির্দেশিকা প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয়। 'নতুন যুগের জন্য সমাজতন্ত্র নিয়ে সি চিন পিংয়ের দর্শন' প্রাথমিক শিক্ষা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত পাঠ্যভুক্ত করা হবে। নতুন এই নির্দেশিকায় বলা হয় চীনের কমিউনিস্ট পার্টির অবস্থান শক্তিশালী করতে এ পদক্ষেপ নেয়া হয়েছে।

এর আগে ২০১৮ সালে সি চিন পিংয়ের দর্শন চীনের সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়। এ ছাড়া দুই মেয়াদে প্রেসিডেন্ট থাকার যে বিধান ছিল তা তুলে দেন সি চিন পিং। এর মধ্য দিয়ে নিজের অবস্থান আরও শক্তিশালী করেন তিনি। ২০১২ সালে চীনের ক্ষমতায় আসেন সি চিন পিং।

CPTPP-তে যোগদানের জন্য আবেদন

১৬ সেপ্টেম্বর ২০২১ চীন এশিয়া-প্যাসিফিক অঞ্চলের ১১টি দেশ নিয়ে গঠিত Comprehensive and Progressive Agreement for Trans-Pacific Partnership (CPTPP)-এ যোগদানের জন্য আবেদন করে। চীনের প্রভাব রুখতে সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার আমলে যুক্তরাষ্ট্রই প্রথম এই এশিয়া-প্যাসিফিক বাণিজ্যিক জোটের উদ্যোগ নেয়। ৪ ফেব্রুয়ারি ২০১৬ Trans-Pacific Partnership (TPP) নামে চুক্তিটি স্বাক্ষরিত হয়। ২৩ জানুয়ারি ২০১৭ সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই উদ্যোগ থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে নেন। পরে জাপানের নেতৃত্বে CPTPP গঠনের আলোচনা শুরু হয়। ৮ মার্চ ২০১৮ স্বাক্ষরিত এবং ৩০ ডিসেম্বর ২০১৮ কার্যকর হওয়া CPTPP বাণিজ্য চুক্তিতে ১১টি দেশ রয়েছে। এগুলো হলো— অস্ট্রেলিয়া, ব্রুনেই, কানাডা, চিলি, জাপান, মালয়েশিয়া, মেক্সিকো, নিউজিল্যান্ড, পেরু, সিঙ্গাপুর ও ভিয়েতনাম।

যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে কৌশলগত অপরাধ হ্রাস (SORT) চুক্তি হয় ২৪ মে ২০০২

মার্কিন মুলুক



৯/১১ হামলার তদন্ত নথি প্রকাশ

২ সেপ্টেম্বর ২০২১ মার্কিন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (FBI) ৯/১১ হামলার তদন্ত সংক্রান্ত প্রথম নথি প্রকাশ করে। ৩ সেপ্টেম্বর ২০২১ প্রেসিডেন্ট জো বাইডেনের নির্বাহী আদেশে প্রকাশিত ১৬ পৃষ্ঠার নথিতে বলা হয়েছে, যে ৯/১১ হামলায় সৌদি আরবের নাগরিকদের জড়িত থাকার কথা বলা হলেও ওই হামলার পরিকল্পনায় সৌদি সরকারের সম্পৃক্ততার ব্যাপারটি FBI প্রতিবেদনের কোথাও উল্লেখ করেনি। তবে সৌদি সরকার হামলার বিষয়টি জানত। উল্লেখ্য, নাইন ইলেভেন হামলার ১৯ জন আত্মঘাতী হামলাকারীর ১৫ জনই সৌদি আরবের নাগরিক ছিল। FBI আগামী ছয় মাসের মধ্যে আরও একটি প্রতিবেদন প্রকাশ করবে।

উপসাগরে ড্রোন টাস্কফোর্স গঠন

ইসরায়েল ও পারস্য উপসাগরীয় কয়েকটি আরব দেশকে সঙ্গে নিয়ে পারস্য উপসাগরে একটি যৌথ সমুদ্র ড্রোন টাস্কফোর্স গঠন করবে যুক্তরাষ্ট্র। মধ্যপ্রাচ্যভিত্তিক মার্কিন পঞ্চম নৌবহর সম্প্রতি এ সিদ্ধান্ত নেয়। ৮ সেপ্টেম্বর ২০২১ মার্কিন পঞ্চম নৌবহর ঘোষণা করে যে তারা একটি নতুন টাস্কফোর্স গঠন করবে যার সঙ্গে এয়ারবোর্ন, নৌ জাহাজ ও আন্ডারওয়াটার ড্রোন যুক্ত থাকবে।

চাকরিতে ফার্স্ট লেডি

৭ সেপ্টেম্বর ২০২১ আবার শিক্ষকতা পেশায় ফেরেন দু'টি মাস্টার্স ও পিএইচডির অধিকারী মার্কিন ফার্স্ট লেডি জিল বাইডেন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তিনিই প্রথম ফার্স্ট লেডি যিনি হোয়াইট হাউজ থেকে নিজ পেশায় যোগ দিলেন। জিল বাইডেন ২০০৯ সাল থেকে যুক্তরাষ্ট্রের নর্দার্ন ভার্জিনিয়া কমিউনিটি কলেজে শিক্ষকতা করছেন। তার স্বামী যখন ভাইস প্রেসিডেন্ট ছিলেন তখন তিনি ভার্জিনিয়া কমিউনিটি কলেজে শিক্ষকতা করেছেন। যুক্তরাষ্ট্রের প্রথম দিকের ফার্স্ট লেডিরা হোয়াইট হাউজের বাইরে কাজ করেননি। তারা তাদের স্বামীদের সমর্থন, সন্তানদের লালনপালন করে এবং অতিথি আপ্যায়নেই ভূমিকা রেখেছেন।

মহাকাশে পর্যটন যুগ

১৬ সেপ্টেম্বর ২০২১ যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে প্রথম চার অপেশাদার নভোচারী নিয়ে পৃথিবীর কক্ষপথে উড়াল দেয় SpaceX'র ড্রাগন রকেট। যার মাধ্যমে শুরু হয় মহাকাশ পর্যটনের যুগ। এখন থেকে যে কেউ মন চাইলেই ছুটতে পারবে মহাশূন্যপানে। তবে তাকে অবশ্যই মোটা অঙ্কের টাকা গুনতে হবে। চলতি বছর ইতোমধ্যে বেশ কয়েকটি মহাকাশ ভ্রমণ প্রত্যক্ষ করেছে বিশ্ববাসী। ১১ জুলাই ২০২১ বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে নিজস্ব প্রতিষ্ঠানের মহাকাশযানে চড়ে মহাকাশ ভ্রমণে যান মার্কিন ধনকুবের ও মহাকাশ প্রযুক্তি কোম্পানি ভার্জিন গ্যালাক্টিকের প্রতিষ্ঠাতা রিচার্ড ব্রানসন। ২০ জুলাই ২০২১ New Shepard-এ করে ঘুরতে যান আরেক ধনকুবের ও ই-কমার্স জায়ান্ট আমাজনের মালিক জেফ বেজোস। তাদের উভয়ের সঙ্গেই ছিলেন একাধিক পেশাদার নভোচারী। তবে বিলিয়নিয়ার ইলন মাস্কের SpaceX'র Inspiration-4 মিশনে ছিল না কোনো পেশাদার নভোচারী। চারজনের সবাই সাধারণ ও শিক্ষানবিশ। তারা ১৮ সেপ্টেম্বর ২০২১ ভ্রমণ শেষে ফ্লোরিডায় অবতরণ করেন।

যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ত্রিদেশীয় সামরিক জোট

চীনের ক্রমবর্ধমান আধিপত্য মোকাবিলায় অস্ট্রেলিয়া ও যুক্তরাজ্যকে সঙ্গে নিয়ে নতুন সামরিক জোটের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র। ১৫ সেপ্টেম্বর ২০২১ এক যৌথ বিবৃতিতে এই জোটের ঘোষণা দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন, যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন ও অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন। নতুন এই জোটের নাম দেয়া হয় 'অকাস' (AUKUS)। Australia, UK ও US- তিন দেশের নামের আদ্যাক্ষর নিয়ে এ চুক্তির নাম রাখা হয় AUKUS বা অকাস। এ চুক্তির আওতায় দেশ তিনটি কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম প্রযুক্তি ও সাইবার সংক্রান্ত বিষয়গুলোর তথ্য একে অপরের সঙ্গে ভাগাভাগি করবে। ৫০ বছরের মধ্যে প্রথম দেশ হিসেবে অস্ট্রেলিয়াকে পারমাণবিক সাবমেরিন তৈরির প্রযুক্তি দেয়ার ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র। এর আগে কেবল যুক্তরাজ্যকে এ প্রযুক্তি দেয় দেশটি। এ ছাড়াও মার্কিন ক্রুস ক্ষেপণাস্ত্র ব্যবহার করতে পারবে অস্ট্রেলিয়া।

বিশ্বে মার্কিন ঘাঁটি ও সেনা

বিশ্বের অন্তত ৮০টি দেশে যুক্তরাষ্ট্রের ৭৫০টি সেনাঘাঁটি রয়েছে। এছাড়া ১৫৯টি দেশে প্রায় ১ লাখ ৭৩ হাজার সেনা মোতায়েন রয়েছে।

শীর্ষ ৬ মার্কিন ঘাঁটি ও সেনা মোতায়েনের দেশ

দেশ	ঘাঁটি
জাপান	১২০
জার্মানি	১১৯
দক্ষিণ কোরিয়া	৭৩
গুয়াম	৫৪
ইতালি	৪৪
পুয়ের্তো রিকো	৩৪

দেশ	সেনা
জাপান	৫৩,৭১৩
জার্মানি	৩৩,৯৪৮
দক্ষিণ কোরিয়া	২৬,৪১৪
ইতালি	১২,২৪৭
ব্রিটেন	৯,২৭৪
গুয়াম	৬,১৪০

ভারত ও রাশিয়ার মধ্যে সামরিক এবং কারিগরি সাহায্য প্রদানের চুক্তি হয় ৩ অক্টোবর ২০০০

যে তালেবান সরকারকে উৎখাত করেছিল যুক্তরাষ্ট্র সেই তালেবানের হাতেই এখন আফগানদের ভবিষ্যৎ দীর্ঘ দু'দশকের অভিযান শেষে ৩০ আগস্ট ২০২১ আফগানিস্তান থেকে গ্লানিময় বিদায় নেয় যুক্তরাষ্ট্র বিশ্বের শীর্ষ পরাশক্তির সেনাবাহিনী খুব সন্তর্পণে তালেবানের সকল দাবি মেনে নিয়ে সম্পূর্ণ রিক্তহাতে আফগানিস্তান ছাড়ে। বিশ্ববাসী অবাক হয়ে জানতে চায়, এ কোন জাতি; যারা সমরে, সাহসে পু বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছে। পুনরায় সরকার গঠ করে দেশটির ক্ষমতার মসনদে বসেছে তালেবান

তালেবানের সরকার গঠন

অন্তর্বর্তীকালীন সরকার

৭ সেপ্টেম্বর ২০২১ অন্তর্বর্তীকালীন সরকারের ৩৩ সদস্যদের নাম ঘোষণা করে তালেবান। এরপর ২১ সেপ্টেম্বর ২০২১ আরও ১৪ জন মন্ত্রী-সহ ১৭ জনকে বিভিন্ন পদে নিয়োগ দেয়া হয়।

মন্ত্রিপরিষদের উল্লেখযোগ্য সদস্য

প্রধানমন্ত্রী : মোহাম্মদ হাসান আখুন্দ ‖ **উপ-প্রধানমন্ত্রী (প্রথম)** : আব্দুল গনি বারাদার ‖ **উপ-প্রধানমন্ত্রী (দ্বিতীয়)** : আব্দুস সালাম হানাফি ‖ **প্রতিরক্ষা** : মোহাম্মদ ইয়াকুব ‖ **স্বরাষ্ট্র** : সিরাজউদ্দিন হাক্কানি ‖ **পররাষ্ট্র** : আমির খান মুত্তাকি ‖ **অর্থ** : হেদায়েতউল্লাহ বদরি ‖ **শিক্ষা** : শেখ মৌলভী নুরুল্লাহ মুনির ‖ **তথ্য ও সংস্কৃতি** : খায়রুল্লাহ খয়েরখাহ ‖ **অর্থনীতি বিষয়ক** : ক্বারি দ্বীন হানিফ ‖ **হজ ও ধর্মবিষয়ক** : মৌলভী নূর মোহাম্মদ সাকিব ‖ **বিচার** : আব্দুল হাকিম শাহরি ‖ **সীমান্ত ও জাতিগোষ্ঠীবিষয়ক** : নুরুল্লাহ নূরি ‖ **বেসামরিক বিমান চলাচল ও পরিবহণ** : হামিদুল্লাহ আখুন্দজাদা ‖ **উচ্চশিক্ষা** : আব্দুল বাকী হাক্কানি ‖ **শরণার্থী বিষয়ক** : খলিলুর রহমান হাক্কানি।

হাইবাতুল্লাহ আখুন্দজাদা

তালেবানের প্রতিষ্ঠাতা মোল্লা মোহাম্মদ ওমর ২৩ এপ্রি ২০১৩ মৃত্যুর পূর্ব পর্যন্ত তালেবানের নেতৃত্বে ছিলেন। এরপর নেতৃত্বে আসেন মোল্লা আখতার মনসুর। ২১ মে ২০১৬ মোল্লা আখতার মনসুর মার্কিন ড্রোন হামলায় নিহত হলে তালেবানের 'সুপ্রিম লিডার' হন হাইবাতুল্লাহ আখুন্দজাদা। তালেবানের সুপ্রিম লিডার হিসেবে তিনি রাজনৈতিক, সামরিক এবং ধর্মীয় সব বিষয়ের শীর্ষ নেতা হিসেবে দায়িত্ব পালন করেন। তার নেতৃত্বেই আজকের তালেবানের উত্থান। তিনি বর্তমান ইসলামিক আমিরাত আফগানিস্তানের আমীরুল মু'মিনীন হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি রাষ্ট্রের দৈনন্দিন কার্যক্রমের সাথে সংযুক্ত না থেকে পরামর্শক হিসেবে রাষ্ট্র পরিচালনায় দিকনির্দেশনা দেবেন। কোনো পদে না থাকলেও নতুন সরকারে তিনিই সর্বময় ক্ষমতার অধিকারী হবেন। এর আগের দুই আমীরুল মু'মিনীন হলেন— মোল্লা মোহাম্মদ ওমর (২৭ সেপ্টেম্বর ১৯৯৬-২৩ এপ্রি ২০১৩) ও আখতার মনসুর (২৯ জুলাই ২০১৫-২১ মে ২০১৬)।

মোহাম্মদ হাসান আখুন্দ

৭ সেপ্টেম্বর ২০২১ আফগানিস্তানের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী হন মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দ। আধুনিক আফগানিস্তানের প্রতিষ্ঠাতা পশতুন নেতা আহমদ শাহ দুররানির বংশধর মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দ। অষ্টাদশ শতাব্দীতে দুররানি আধুনিক আফগানিস্তান গড়ে তুলেন। ১৯৯৪ সালে যে চারজন মিলে আফগানিস্তানে তালেবান প্রতিষ্ঠা করেন, মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দ তাদের একজন। তিনি ২৭ সেপ্টেম্বর ১৯৯৬-১৩ নভেম্বর ২০০১ পর্যন্ত তালেবানের প্রথম দফার সরকারে পররাষ্ট্রমন্ত্রী এবং উপ-প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

বিভিন্ন সময়ে আফগানিস্তানের রাষ্ট্রীয় নাম

১৫ আগস্ট ২০২১ আফগানিস্তানের কাবুল দখলের পর ১৯ আগস্ট ২০২১ তালেবান দেশের রাষ্ট্রীয় নাম পরিবর্তন করে Islamic Emirate of Afghanistan রাখে।

নাম	পরিবর্তনের তারিখ
Kingdom of Afghanistan	৯ জুন ১৯২৬
Republic of Afghanistan	১৭ জুলাই ১৯৭৩
Democratic Republic of Afghanistan	৩০ এপ্রিল ১৯৭৮
Republic of Afghanistan	৩০ নভেম্বর ১৯৮৭
Islamic State of Afghanistan	২৮ এপ্রিল ১৯৯২
Islamic Emirate of Afghanistan	২৯ অক্টোবর ১৯৯৭
Islamic State of Afghanistan	২২ ডিসেম্বর ২০০১
Islamic Republic of Afghanistan	৭ ডিসেম্বর ২০০৪

নতুন পতাকা

শুধু দেশের নামই নয়, পতাকায়ও পরিবর্তন এনেছে তালেবান। পতাকায় কালো, লাল আর সবুজের জায়গায় শুধুই সাদা। মাঝে কালো কালিতে লেখা পবিত্র বাণী কলেমায়ে তাইয়েবা 'লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ'। ১৭০৯ সালে হোতাক রাজতন্ত্র প্রতিষ্ঠার পর আফগানিস্তান প্রথমবার পতাকা উত্তোলন করে। এখন পর্যন্ত অন্তত ৩০ বার আফগান পতাকায় পরিবর্তন এসেছে।

যুক্তরাষ্ট্র ও ভারতের মধ্যে পরমাণু সহযোগিতা চুক্তি হয় ২ মার্চ ২০০৬

সর্বশেষ রণাঙ্গন পাঞ্জশির

আফগানিস্তানের ৩৪টি প্রদেশের একটি হলো 'পাঞ্জশির'। আফগানিস্তানের রাজধানী কাবুল থেকে ৪৮ কিলোমিটার উত্তরে পাঞ্জশির উপত্যকা। ১৫ আগস্ট ২০২১ তালেবান কাবুলের নিয়ন্ত্রণ নেয়। এসময় পাঞ্জশির ছাড়া বাকি ৩৩টির নিয়ন্ত্রণ ছিল তালেবানের হাতে। সর্বশেষ, প্রদেশ হিসেবে পাঞ্জশির 'সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণে' নেয়ার পর ৬ সেপ্টেম্বর ২০২১ সেখানে তালেবান বাহিনী তাদের বিজয় পতাকা ওড়ায়।

পাঞ্জশির (Panjshir) শব্দের অর্থ পাঁচ সিংহ। ফারসি পাঞ্জ শের থেকে এ নামের উৎপত্তি। যার পেছনে রয়েছে দশম শতাব্দীর একটি আখ্যানও। জনশ্রুতি রয়েছে, দশম শতকে গজনির সুলতান মাহমুদের নির্দেশে পাঁচ ভাই মিলে এখানে প্রচণ্ড পরিশ্রম করে বন্যার পানি ধরে রাখতে একটি বাঁধ নির্মাণ করেন। অসামান্য কৃতিত্বের জন্য এ পাঁচ ভাইকে তখন সিংহ বা শের উপাধি দেয়া হয়। সেই পাঁচ ভাইয়ের সম্মানে এ প্রদেশের নাম হয় পাঞ্জশির। এ প্রদেশ একটি প্রাকৃতিক দুর্গ। চতুর্দিকে হিন্দুকুশ পর্বতমালা। মাঝে এক টুকরো সমতল ভূমি। এ প্রদেশের অধিকাংশ মানুষ তাজিক। ইতিহাস সাক্ষী, কখনো এই অঞ্চলকে পদানত করতে পারেনি কোনো শক্তি। প্রাচীন গ্রিক বীর আলেকজান্ডার থেকে ব্রিটিশ-সোভিয়েত কোনো শক্তিই যেমন পাঞ্জশির দখল করতে পারেনি, তেমনি ১৯৯০'র দশকে তালেবান যোদ্ধারা বারবার চেষ্টা করেও ব্যর্থ হয়। ১৯৯৬ সালে যখন গোটা আফগানিস্তান প্রায় তালেবানদের দখলে তখনো পাঞ্জশিরে নিজেদের আধিপত্য ধরে রাখে স্থানীয় নেতা আহমেদ শাহ মাসুদের বাহিনী। মাসুদকে বলা হতো পাঞ্জশিরের সিংহ। তার ছেলে আহমেদ মাসুদের বাহিনী এত দিন পাঞ্জশির নিজের দখলে রাখে।

তালেবানের জাতশত্রু IS-K

২৬ আগস্ট ২০২১ আফগানিস্তানের রাজধানী কাবুল বিমানবন্দরের বাহিরে হামলা চালিয়ে আলোচনায় আসে নিষিদ্ধ ঘোষিত ইসলামিক স্টেট (IS)-এর শাখা সংগঠন আইএস-কে (IS–K)। IS–K'র পুরো নাম Islamic State in Khorasan Province (ইসলামিক স্টেট খোরাসান)। ২০১৫ সালের জানুয়ারিতে IS–K যাত্রা শুরু করে। মধ্যযুগে আফগানিস্তান, ইরান এবং মধ্য এশিয়ার একটি বিস্তীর্ণ অঞ্চলকে খোরাসান প্রদেশ বলা হতো। সেখান থেকেই খোরাসান শব্দটি নেয় গোষ্ঠীটি। বর্তমানে খোরাসানের আলাদা কোনো অস্তিত্ব নেই। আফগানিস্তানের নানগারহার প্রদেশে IS–K'র বিচরণ। এ ছাড়া ঘাঁটি রয়েছে আফগানিস্তানের কুনার ও নুরিস্তান প্রদেশে। এই সংগঠনের সদস্যরা আফগানিস্তানের বাইরে পাকিস্তানেও সক্রিয়।

আফগান যুদ্ধের সমাপ্তি

আফগানিস্তানে মার্কিন দখলদারিত্বের অবসান হয়েছে। ৩০ আগস্ট ২০২১ স্থানীয় সময় রাত ১১টা ৫৯ মিনিটে মার্কিন সেনা বহনকারী সবশেষ সি-১৭ সামরিক বিমানটি কাবুলের হামিদ কারজাই আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যায়। মার্কিন ৮২তম এয়ারবোর্ন ডিভিশনের অধিনায়ক মেজর জেনারেল ক্রিস ডোনাহু সর্বশেষ মার্কিন সেনা হিসেবে কাবুল ত্যাগ করেন। এর মধ্য দিয়ে দেশটিতে প্রায় ২০ বছরের মার্কিন সামরিক অবস্থানের অবসান ঘটে। ১১ সেপ্টেম্বর ২০০১ যুক্তরাষ্ট্রে ভয়াবহ সন্ত্রাসী হামলা হয়। এর জেরে ৭ অক্টোবর ২০০১ মার্কিন নেতৃত্বাধীন যৌথ বাহিনী আফগানিস্তানে হামলা চালায়।

প্রাণহানি : আফগান যুদ্ধে ২ লাখ ৪১ হাজার মানুষ প্রাণ হারায়। এর মধ্যে হাজারো মানুষের মৃত্যু হয় খাদ্যাভাব, রোগ ও যুদ্ধে আহত হয়ে।

- বেসামরিক নাগরিক নিহত : ৭১,৩৪৪ ➤ আফগানিস্তানে : ৪৭,২৪৫ ● পাকিস্তানে : ২৪,০৯৯।
- বিদেশি সেনা নিহত : ৩,৫৮৬ ➤ মার্কিন সেনা : ২,৪৪২ ● মিত্রদেশের সেনা : ১,১৪৪।
- আফগান সেনা ও পুলিশ নিহত : ৭৮,৩১৪ ➤ আফগানিস্তানে : ৬৬,০০০-৬৯,০০০ ● পাকিস্তানে : ৯,৩১৪।
- তালেবান যোদ্ধা নিহত : ৮৪,১৯১ ➤ আফগানিস্তানে : ৫১,১৯১ ● পাকিস্তানে : ৩৩,০০০।
- নিহতদের মধ্যে আরও আছেন ১৩৬ সাংবাদিক ও গণমাধ্যমকর্মী, মানবিক ত্রাণসহায়তা কর্মী ৫৪৯, মার্কিন বাহিনীকে সহায়তাকারী আফগান নাগরিক ৩,৯৩৬ এবং মার্কিন বেসামরিক নাগরিক ৬ জন।
- যুদ্ধে ব্যয় : ৯৫৫ বি.মা.ড. ➤ সামরিক ব্যয় ৮২৫ বি.মা.ড. ● অবকাঠামোগত ব্যয় ১৩০ বি.মা.ড.।

[সূত্র : মার্কিন প্রতিরক্ষা বিভাগ/মন্ত্রণালয়]।

তথ্যকণিকা

- তালেবানের প্রতিষ্ঠাতা মোল্লা ওমরের ছেলের নাম মোল্লা মোহাম্মদ ইয়াকুব। তিনি বর্তমান প্রতিরক্ষামন্ত্রী।
- হাক্কানি নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা জালালুদ্দিন।
- হাক্কানি নেটওয়ার্ক সোভিয়েত ইউনিয়ন বিরোধী লড়াইয়ে কৃতিত্বপূর্ণ অবদান রাখে।
- হাক্কানি নেটওয়ার্কের বর্তমান প্রধান সিরাজউদ্দিন হাক্কানি বর্তমানে স্বরাষ্ট্রমন্ত্রী।
- পাঞ্জশিরের অবিসংবাদিত নেতা আহমদ শাহ মাসুদ পুরো আফগানিস্তানে পরিচিত 'পাঞ্জশিরের সিংহ' নামে।
- ১৯৯৪ সালে কান্দাহারে তালেবানের জন্ম।
- আফগানিস্তানের দ্বিতীয় বৃহত্তম শহর কান্দাহার।
- তালেবান মূলত জাতিগতভাবে পশতুন।
- তালেবানের মধ্যে মোটাদাগে দুটি শাখা খুবই গুরুত্বপূর্ণ। এর একটি সামরিক। এ শাখার সদস্যরা যুদ্ধক্ষেত্রে লড়াই করে থাকে। অপর শাখাটি হলো রাজনৈতিক। এই শাখা পরিচালিত হয় তালেবানের রক্ষণশীল ধর্মীয় এলিটদের মাধ্যমে।
- আফগানিস্তানের বৃহত্তম প্রদেশ হেলমান্দ, ক্ষুদ্রতম প্রদেশ কাপিসা।
- আফগানযুদ্ধ যুক্তরাষ্ট্রের ইতিহাসের দীর্ঘতম যুদ্ধ; সময়কাল ৭ অক্টোবর ২০০১-৩০ আগস্ট ২০২১ (১৯ বছর, ১০ মাস, ২৩ দিন)।
- আফগান জনগোষ্ঠীর সিংহভাগ পশতুন হলেও দেশটিতে তাজিক, হাজারা, উজবেক, আইমান, তুর্কমেন, বালুচ, পাশাই, নুরস্তিনি, গুজ্জর, আরব, ব্রাহুই, কিজিলবাশ, পামিরি, কিরগিজ, সাদাত প্রভৃতি জাতিগোষ্ঠী রয়েছে।

SORT'র পূর্ণরূপ Strategic Offensive Reductions Treaty

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২১

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা দেশের আর্থ-সামাজিক পরিস্থিতির সার্বিক চিত্র সংবলিত একটি বার্ষিক নিয়মিত প্রকাশনা। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২১-এর উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত নিয়ে আমাদের বার্ষিক নিয়মিত আয়োজন—

আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

সাধারণ জনমিতিক পরিসংখ্যান	জনসংখ্যা (২০২০ সাময়িক প্রাক্কলন) : ১৬ কোটি ৮২ লক্ষ বা ১৬.৮২ মিলিয়ন ◎ জনসংখ্যা বৃদ্ধির হার (২০২০) : ১.৩৭% ◎ পুরুষ-মহিলা অনুপাত (২০২০) : ১০০.২ ঃ ১০০ ◎ জনসংখ্যার ঘনত্ব/বর্গকিলোমিটার (২০২০) : ১,১৪০ জন।
মৌলিক জনমিতিক পরিসংখ্যান	স্থূল জন্মহার (প্রতি ১০০০ জনে) : ১৮.১ জন ◎ স্থূল মৃত্যুহার (প্রতি ১০০০ জনে) : ৫.১ ◎ শিশু মৃত্যু হার [এক বছরের কমবয়সি (প্রতি হাজারে মৃত জন্মে)] : ২১ জন ◎ মহিলা (১৫-৪৯ বছর) প্রতি প্রজনন হার : ২.০৪ জন ◎ জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার : ৬৩.৯% ◎ প্রত্যাশিত আয়ুষ্কাল : ৭২.৮ বছর; পুরুষ : ৭১.২ বছর ও মহিলা : ৭৪.৫ বছর ◎ বিবাহের গড় বয়স : পুরুষ : ২৫.২ বছর ও মহিলা : ১৯.১ বছর।
স্বাস্থ্য ও সামাজিক সেবা	ডাক্তার ও জনসংখ্যার অনুপাত (২০১৮) : ১ ঃ ১৭২৪ জন ◎ সুপেয় পানি গ্রহণকারী (২০২০) : ৯৮.৩% ◎ স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী (২০২০) : ৮১.৫% ◎ সাক্ষরতার হার (৭ বছর+) (২০২০) : ৭৫.২ জন; পুরুষ : ৭৭.৪ জন ও মহিলা : ৭২.৯ জন।
শ্রমশক্তি ও কর্মসংস্থান ...বার ফোর্স সার্ভে, ২০১৬-১৭	মোট শ্রমশক্তি (১৫ বছর+) : ৬.৩৫ কোটি; পুরুষ : ৪.৩৫ কোটি ও মহিলা : ২.০০ কোটি ◎ খাত অনুযায়ী শ্রমশক্তিতে নিয়োজিত : কৃষি : ৪০.৬%, শিল্প : ২০.৪%; সেবা : ৩৯.০%।
...পরিস্থিতি, ২০১৮-১৯ (প্রাক্কলিত)	দারিদ্র্যের হার : ২০.৫% ◎ চরম দারিদ্র্যের হার : ১০.৫%।
...বহণ (ফেব্রুয়ারি ২০২১)	মোট সড়ক : ২২,৪১৯ কিমি ◎ মহাসড়ক ➤ জাতীয় : ৩,৯৪৪ কিমি ▌আঞ্চলিক : ৪,৮৮৩ কিমি ▌ফিডার/জেলা রোড : ১৩,৫৯২ কিমি রেলপথ : ৩,০১৯ কিমি।
জিডিপি ২০২০-২১ (সাময়িক)	জিডিপি ➤ চলতি মূল্যে : ৩০,১১,০৬৫ কোটি টাকা ▌স্থির মূল্যে : ১২,০৭,২৪৬ কোটি টাকা ◎ স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার : ৫.৪৭% ◎ চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় : ১,৮৮,৮৭৩ টাকা বা ২,২২৭ মার্কিন ডলার ◎ চলতি মূল্যে মাথাপিছু জিডিপি : ১,৭৭,৮৪৩ টাকা বা ২,০৯৭ মার্কিন ডলার।
...ও বিনিয়োগ (জিডিপি'র %) ২০২০-২১ (সাময়িক)	দেশজ সঞ্চয় : ২৪.১৭ ◎ জাতীয় সঞ্চয় : ৩০.৩৯ ◎ মোট বিনিয়োগ : ২৯.৯২ ➤ সরকারি : ৮.৬৭ ও বেসরকারি : ২১.২৫।
...বৈশিক লেনদেন ভারসাম্য, ...-২১ (মিলিয়ন মার্কিন ডলার)	রপ্তানি আয়, এফওবি ৩৭,৮৮২ ◎ আমদানি ব্যয়, এফওবি : ৬০,৬৮১ ◎ চলতি হিসাবের ভারসাম্য : (–) ৩,৮০৮ ◎ সার্বিক ভারসাম্য : ৯,২৭৪ ◎ প্রবাসীদের প্রেরিত অর্থ : ২৪,৭৭৮ ◎ বৈদেশিক মুদ্রার মজুদ (৩০ জুন ২০২১) : ৪৬,৩৯১।
বাজেট ২০২০-২১ (সংশোধিত)	মোট রাজস্ব (কোটি টাকা) : ৩,৫১, ৫৩২ ◎ মোট ব্যয় (কোটি টাকা) : ৫,৩৮,৯৮৩ ◎ মোট রাজস্ব (জিডিপি'র %) : ১১.৩৯ ◎ মোট ব্যয় (জিডিপি'র %) : ১৭.৪৬ ◎ বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদানসহ; জিডিপি'র %) : ৫.৯ ◎ বাজেট ঘাটতি (বৈদেশিক অনুদান ব্যতীত; জিডিপি'র %) : ৬.১।
আর্থিক পরিসংখ্যান (ফেব্রুয়ারি ২০২১)	মোট ব্যাংক : ৬১টি ➤ রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক : ৬টি ▌বিশেষায়িত ব্যাংক : ৩টি ▌বেসরকারি বাণিজ্যিক ব্যাংক : ৪৩টি ▌বৈদেশিক ব্যাংক : ৯টি ◎ ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান : ৩৪টি।
সরবরাহ স্থিতি (কোটি টাকায়) ২০২০-২১, মে ২০২১ শেষে	সংকীর্ণ অর্থ (এম-১) : ৩,৫৩,৫০৯ ◎ রিজার্ভ মুদ্রা : ৩,২৭,৮৫৩ ◎ ব্যাপক অর্থ (এম-২) : ১৫,২৬,২৭৫।
পুঁজি বাজার (সার্বিক শেয়ার ...সূচক, জুন ২০২১ শেষে)	ঢাকা স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি ১০০) : ডিএসই ব্রড ইনডেক্স : ৬,১৫০.৪৮ ◎ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সূচকের ভিত্তি ১০০০) : ১৭,৭৯৫.০৪।
মূল্যস্ফীতি (%)	সাধারণ ➤ ৫.৫৬ ◎ খাদ্য : ৫.৭৩ ◎ খাদ্য-বর্হিভূত : ৫.২৯।
বৈদেশিক মুদ্রার গড় বিনিময় হার, ২০২০-২১	টাকা/মার্কিন ডলার : ৮৪.৮১।

অ্যান্টার্কটিকা মহাদেশে সকল অস্ত্র পরীক্ষা নিষিদ্ধ ও পরমাণু বর্জ্য মুক্ত রাখতে অ্যান্টার্কটিক চুক্তি হয় ১৯৫৯ সালে

- ২০২০-২১ অর্থবছরের জানুয়ারি পর্যন্ত মোট ৩৮টি দুর্ঘটনায় আহত ১৩৯ জন শ্রমিক এবং নিহত ২৭ জন শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ বাবদ ১২.০০ লক্ষ টাকা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।
- ২০২০-২১ অর্থবছরের জুলাই-জুন সময়কালে প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় ৩৬.১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৪,৭৭৭.৭১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়।
- ২০২০-২১ অর্থবছরে প্রবাস আয়ের পরিমাণ জিডিপি'র প্রায় ৬.৯৭ শতাংশ এবং মোট পণ্য রপ্তানির ৬৩.৯২ শতাংশ, যা ২০১৯-২০ অর্থবছরে ছিল জিডিপি'র প্রায় ৫.৫২ শতাংশ।
- ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত বাংলাদেশ থেকে ৬৫,০৪৬ জন কর্মী সৌদি আরব যান, যা মোট প্রেরিত কর্মী সংখ্যার ৭৬.৩০ শতাংশ। সৌদি আরবের পর শীর্ষ দেশ ওমান (৭,৩২৮ জন) ও সিঙ্গাপুর (৬,৭৭৬ জন)।
- ২০২০-২১ অর্থবছর শেষে মধ্যপ্রাচ্যের দেশসমূহের মধ্যে সৌদি আরব থেকে সর্বাধিক রেমিট্যান্স (২৪%) আসে।



- ২০২০-২১ অর্থবছরে রাজস্ব আহরণের সংশোধিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ৩,৫১,৫৩২ কোটি টাকা, যা জিডিপি'র ১১.৩৯ শতাংশ।
- ২০২০-২১ অর্থবছরে প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল, ২০২১) NBR কর্তৃক কর রাজস্ব আহরণের পরিমাণ দাঁড়ায় ১,৯৭,৫৮৩.৪৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার ৬৫.৬৪ শতাংশ।
- ২০২০-২১ অর্থবছরের প্রথম আট মাসে অর্থাৎ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত প্রাপ্ত বৈদেশিক সহায়তার পরিমাণ ৩,৭১৭ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ে প্রাপ্ত সহায়তার তুলনায় ৬.৬৩ শতাংশ বেশি।
- ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে মোট পরিচালন ব্যয় ৩,২৩,৬৮৮ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের সংশোধিত বরাদ্দের তুলনায় ৯.৬৩ শতাংশ বেশি।
- ফেব্রুয়ারি ২০২১-এর তথ্য অনুযায়ী, বাংলাদেশে মোট ৬১ তফসিলি ব্যাংক রয়েছে, যার মধ্যে ৬টি রাষ্ট্র মালিকানাধী বাণিজ্যিক ব্যাংক, ৩টি বিশেষায়িত ব্যাংক, ৪৩টি বেসরকা বাণিজ্যিক ব্যাংক এবং ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংক।
- ২০২০-২১ অর্থবছরে (ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত) অভ্যন্তরী উৎস হতে সরকারের গৃহীত ঋণের (নীট) পরিমাণ দাঁড়া ২২,৭৩১.৫ কোটি টাকা।
- ২০২০-২১ অর্থবছরে (ডিসেম্বর, ২০২০ পর্যন্ত) BACPS এর ব্যবস্থায় উচ্চমূল্যের চেকের মাধ্যমে প্রায় ৭.৫৯ লক্ষ কোটি টাকা এবং নিয়মিত মূল্যের চেকের মাধ্যমে প্রা ৪.১৭ লক্ষ কোটি টাকার লেনদেন নিষ্পত্তি করা হয়।
- ২০২০-২১ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২১ শেষে মোট অভ্যন্তরী ঋণ ৯.০৬ শতাংশ বৃদ্ধি পায়, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের ১৫.০৯ শতাংশ বৃদ্ধির তুলনায় অনেক কম।
- সাময়িক হিসাব অনুযায়ী, ২০২০-২১ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপি'র আকার দাঁড়ায় ৩০,১১,০৬৫ কোটি টাকা, যা পূর্ববর্তী ২০১৯-২০ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী ছিল ২৭,৩৯,৩৩২ কোটি টাকা।
- ২০২০-২১ অর্থবছরে বৃহৎ ৩টি খাতের মধ্যে কৃষি খাতে প্রবৃদ্ধি দাঁড়ায় ৩.৪৫ শতাংশ, যা গত ২০১৯-২০ অর্থবছরে ছিল ৪.৫৯ শতাংশ। ২০২০-২১ অর্থবছরে বৃহৎ শিল্প খাতের প্রবৃদ্ধি বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৬.১২ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩.২৫ শতাংশ। বৃহৎ সেবা খাতের প্রবৃদ্ধি হার পূর্ববর্তী অর্থবছরের ৪.১৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ অর্থবছরে দাঁড়ায় ৫.৬১ শতাংশে।
- ২০২০-২১ অর্থবছরে দেশজ সঞ্চয়ের হার বৃদ্ধি পেয়ে দাঁড়ায় জিডিপি'র ২৪.১৭ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল জিডিপি'র ২৩.৭৭ শতাংশ।
- ২০১৯-২০ অর্থবছরে মোট আমদানি ব্যয়ের পরিমাণ ছিল ৫৪,৭৮৪.৭ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ৮.৫৬ শতাংশ কম।
- ২০২১ সালে বিদ্যুৎ বিতরণ লাইন ৬.০৩ লক্ষ কিলোমিটার এবং গ্রাহক সংখ্যা ৩.৯৬ কোটি।

বিদেশি ও যৌথ বিনিয়োগ নিবন্ধন শিল্পের খাতভিত্তিক তথ্য *[মিলিয়ন মার্কিন ডলার]*

দেশীয় শিল্পে বিদেশি ও যৌথ বিনিয়োগের তথ্য

বৃহৎ খাতের নাম	২০১৯-২০	২০২০-২১
কৃষিভিত্তিক শিল্প	২৭.৩২	১.৯৬
ফুড অ্যান্ড অ্যালাইড শিল্প	৩০.৯০	৬.০২
টেক্সটাইল শিল্প	৫.৩৬	১.২৫
প্রিন্টিং অ্যান্ড পাবলিশিং	৭.১৭	০
ট্যানারী অ্যান্ড লেদার শিল্প	৮৯.৫০	২.৫০
কেমিক্যালস শিল্প	২৬.৪৪	২৮.৫৯
গ্লাস অ্যান্ড সিরামিক শিল্প	০	২৮.৩২
ইঞ্জিনিয়ারিং শিল্প	২৯৭১.৬৪	১০৪.০৪
সার্ভিস শিল্প	১২২.৩২	৬৬০.২৮
বিবিধ শিল্প	২৩৭.৯৮	৪.৯৮
মোট	৩৫১৮.৬৪	৮৩৭.৯৪

EPZ ভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের বিবরণ

ইপিজেড	শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা		বিনিয়োগ	রপ্তানি	কর্মসংস্থান
	উৎপাদনরত	বাস্তবায়নাধীন			(জন)
চট্টগ্রাম	১৫৩	১০	১৮৩৬.৯১	৩৪৭৪৯.৯৩	১৫৩৯৪৮
ঢাকা	৯৪	৪	১৫৭৮.৪০	২৯৮৭৪.৮৭	৭১০৩
কুমিল্লা	৪৬	৮	৪৩৯.৫০	৩৭৩৭.০২	৩৪৫৪
মোংলা	৩৪	৮	৮৭.৩৫	৭৭১.৭৬	৫৯৮
উত্তরা	২৪	৫	২১১.৬২	১৪৭৬.৬৮	২৮২৮
ঈশ্বরদী	১৯	১৩	১৫৭.৩৬	১০৫৬.৩০	১২৬৯
আদমজী	৫০	১৫	৫৬৭.২৩	৫৬৭৫.৩৭	৪৬৬৯
কর্ণফুলী	৪৩	৫	৬৩৮.০৮	৭৪৩৯.৬৮	৭০৩১
মোট	৪৬৩	৬৮	৫৫১৬.৪৫	৮৪৭৮১.৬৩	৪২৩৫০

বায়ামণ্ডল মহাশূন্য ও পানির নিচে পরমাণু অস্ত্র পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি হয় ১৯৬৩ সালে

স্বাস্থ্য সূচকসমূহের সাম্প্রতিক প্রবণতা ২০২০

- স্থূল জন্মহার (প্রতি হাজারে) ➤ জাতীয় : ১৮.১ ● শহর : ১৫.৩ ● গ্রাম : ২০.৪।
- স্থূল মৃত্যুহার (প্রতি হাজারে) ➤ জাতীয় : ৫.১ ● শহর : ৪.৯ ● গ্রাম : ৫.২।
- বিবাহের গড় বয়স ➤ পুরুষ : ২৫.২ ● নারী : ১৯.১।
- প্রত্যাশিত গড় আয়ুষ্কাল (বছরে) ➤ জাতীয় : ৭২.৮ ● পুরুষ : ৭১.২ ● নারী : ৭৪.৫।

- গর্ভনিরোধক ব্যবহারের হার (%) : ৬৩.৯।
- শিশু মৃত্যুহার (নবজাতক, < ১ বছর, প্রতি হাজারে) ➤ জাতীয় : ২১ ● শহর : ২০ ● গ্রাম : ২১।
- শিশু মৃত্যুহার (৫ বছরের নিম্নে, প্রতি হাজারে) ➤ জাতীয় : ২৮ ➤ শহর : ২৬ ● গ্রাম : ২৮।
- মাতৃমৃত্যু অনুপাত (প্রতি হাজার জীবিত জন্ম শিশু) ➤ জাতীয় : ১.৬৩ ● শহর : ১.৩৮ ● গ্রাম : ১.৭৮।
- উর্বরতার হার (মহিলা প্রতি) : ২.০৪।

স্থাপিত বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা *[জানুয়ারি ২০২১]*

মোট স্থাপিত বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২১,৭৭৮ মেগাওয়াট

- জ্বালানির ধরন অনুযায়ী উৎপাদন ক্ষমতা ➤ প্রাকৃতিক গ্যাস-৫১.৭% ● ফার্নেস অয়েল-২৭.৫% ● ডিজেল-৫.৯% ● বিদ্যুৎ আমদানি-৫.৩% ● কয়লা- ৮.১% ● পানি ১.১%।
- বিদ্যুতের সিস্টেম লস ২০২০-২১ ➤ বিতরণ লস : ৮.২১% ● সঞ্চালন ও বিতরণ : ১০.৬২%।



- প্রাকৃতিক গ্যাস দেশের মোট বাণিজ্যিক জ্বালানি ব্যবহারের প্রায় ৬৩% পূরণ করে।
- প্রাকৃতিক গ্যাসের প্রাথমিক মোট মজুদ : ৩৯.৮ ট্রিলিয়ন ঘনফুট (টিসিএফ)।

প্রাকৃতিক গ্যাসের উত্তোলনযোগ্য মজুদ : ২৮.২৯ ট্রিলিয়ন ঘনফুট (টিসিএফ)।

প্রাকৃতিক গ্যাসের ক্রমপুঞ্জিত উৎপাদন (১৯৬০-২০২০ পর্যন্ত) : ১৮.২৪ ট্রিলিয়ন ঘনফুট (টিসিএফ)।

মোবাইল ও ফিক্সড ফোন গ্রাহক (কোটি) ২০২১

- মোবাইল গ্রাহক : ১৭.৩৩ ● ফিক্সড ফোন গ্রাহক : ০.১৪ ● ইন্টারনেট ব্যবহারকারী : ১১.২৭
- বছরভিত্তিক টেলিঘনত্ব : ৯৯.০৯%।

প্রাণি ও পাখির সংখ্যা *ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত [লক্ষ]*

- প্রাণি/পাখি ● গরু : ২৪৪.৪২ ● মহিষ : ১৫.০১ ● ছাগল : ২৬৪.৯৪ ● ভেড়া : ৩৬.২৪ ➤ মোট গবাদি প্রাণি : ৫৬০.৬২।
- মোরগ মুরগি : ২৯৮৪.০৬ ● হাঁস : ৬০১.৩৯ ➤ মোট হাঁস-মুরগি : ৩৫৮৫.৪৬।

দুধ, মাংস ও ডিমের উৎপাদন ২০২০-২১ *[লক্ষ টন]*

- দুধ : ৭৮.৯৬ ● মাংস : ৬১.৯৮ ● ডিম : ১২২৩৪৮।

খাদ্যশস্য উৎপাদন ২০২০-২১ *[লক্ষ মেট্রিক টন]*

- আউশ : ৩৪.৫২ ● আমন : ১৫৬.১১ ● বোরো : ২০৫.৮১ ➤ মোট চাল : ৩৯৬.৪৪।
- গম : ১২.৯৯ ● ভুট্টা : ৫৬.৯৩ ➤ মোট : ৪৬৬.৩৫।

২০২০ সালে শ্রেণিভিত্তিক প্রবাসী বাংলাদেশির সংখ্যা

- স্বল্পদক্ষ : ৬৪.১৫% ● দক্ষ : ২৮.৩৫% ● আধা-দক্ষ : ৪.৩২% ● অন্যান্য : ৩% ● পেশাজীবী : ০.১৭%।

২০২০ সালে দেশভিত্তিক জনশক্তি রপ্তানির হার

- সৌদি আরব : ৭৪% ● ওমান : ১০% ● সিঙ্গাপুর : ৫% ● অন্যান্য : ৬% ● কাতার : ২% ● জর্ডান : ২% ● কুয়েত : ১% ● লেবানন : ০% ● বাহরাইন : ০% ● মালয়েশিয়া : ০% ● ইউএই : ০%।

বৈশ্বিক দেশসমূহ ও সংস্থার গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের বিবরণ

দেশ	নিঃসরণ, ২০১৮ (মিলিয়ন মেট্রিক টন)	শতকরা হার (%)
চীন	১১৭০৫.৮১	২৩.৯২
যুক্তরাষ্ট্র	৫৭৯৪.৩৫	১১.৮৪
ইইউ	৩৩৪৬.৬৩	৬.৮৪
ভারত	৩৩৩৩.১৬	৬.৮১
রাশিয়া	১৯৯২.০৮	৪.০৭

উৎস : CAIT Climate Data Explorer, 2021, World Resource Institute.

বিভাগীয় পর্যায়ে দারিদ্র্য হার ২০১৬

বিভাগ	উচ্চ দারিদ্র্য রেখা			নিম্ন দারিদ্র্য রেখা		
	পল্লী	শহর	মোট	পল্লী	শহর	মোট
ঢাকা	১৯.২	১২.৫	১৬.০	১০.৭	৩.৩	৭.২
চট্টগ্রাম	১৯.৪	১৫.৯	১৮.৪	৯.৬	৬.৫	৮.৭
রাজশাহী	৩০.৬	২২.৫	২৮.৯	১৫.২	১০.৭	১৪.২
খুলনা	২৭.৩	২৮.৩	২৭.৫	১৩.১	১০.০	১২.৪
বরিশাল	২৫.৭	৩০.৪	২৬.৫	১৪.৯	১২.২	১৪.৫
সিলেট	১৫.৬	১৯.৫	১৬.২	১১.৮	৯.৫	১১.৫
রংপুর	৪৮.২	৪১.৫	৪৭.২	৩১.৩	২৬.৩	৩০.৫
ময়মনসিংহ	৩২.৯	৩২	৩২.৮	১৮.৩	১৩.৮	১৭.৬

লাতিন আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চলে পরমাণু অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি হয় ১৯৬৭ সালে



শেখ কামাল আন্তর্জাতিক দাবা প্রতিযোগিতা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষে ২৭ আগস্ট ২০২১ শুরু হয় 'শহীদ ক্যাপ্টেন শেখ কামাল আমন্ত্রণমূলক আন্তর্জাতিক অনলাইন দাবা প্রতিযোগিতা'। তিনদিনব্যাপী ৯ রাউন্ড সুইস-লিগ পদ্ধতিতে অনুষ্ঠিত এ আসরে ১৫টি দেশের ২১ জন গ্র্যান্ডমাস্টার ও ১৩ জন আন্তর্জাতিক মাস্টারসহ ৮০ জন দাবাড়ু অংশ নেন। বিজয়ীদের মোট ১০ হাজার মার্কিন ডলার অর্থ পুরস্কার দেয়া হয়।

- চ্যাম্পিয়ন : লি ডি (চীন) ▸ পুরস্কার : ২০০০ মার্কিন ডলার।
- রানার-আপ : অভিমান্যু পৌরনিক (ভারত) ▸ পুরস্কার : ১৫০০ মার্কিন ডলার।

UEFA বর্ষসেরা



২৬ আগস্ট ২০২১ তুরস্কের ইস্তানবুলে চ্যাম্পিয়ন্স লিগের ২০২১-২২ মৌসুমের ড্র অনুষ্ঠানে ২০২০-২১ মৌসুমের উয়েফা বর্ষসেরাদের নাম ঘোষণা করা হয়। এতে বর্ষসেরা হিসেবে পুরস্কার জিতে নেন জর্জিনহো। ইতালির জাতীয় দল এবং ইংলিশ ক্লাব চেলসির হয়ে দুর্দান্ত এক মৌসুম শেষ করেন তিনি।

ক্যাটাগরি	পুরুষ	নারী
বর্ষসেরা	জর্জিনহো (চেলসি)	আলেক্সিয়া পুতেয়াস (বার্সেলোনা)
কোচ	টমাস টুখেল (চেলসি)	লুইস কোর্তেস (বার্সেলোনা)
গোলরক্ষক	এডওয়ার্ড মেন্ডি (চেলসি)	সান্দ্রা পানোস (বার্সেলোনা)
ডিফেন্ডার	রুবেন দিয়াজ (ম্যানসিটি)	ইবিন পারাদেশ (বার্সেলোনা)
মিডফিল্ডার	এনগোলো কান্তে (চেলসি)	আলেক্সিয়া পুতেয়াস (বার্সেলোনা)
ফরোয়ার্ড	আর্লিং হালান্ড (বুরুসিয়া ডর্টমুন্ড)	জেনিফার হারমোসা (বার্সেলোনা)

প্রেসিডেন্ট পুরস্কার : ইউরোতে ক্রিস্টিয়ান এরিকসেনের জীবন বাঁচানো ডেনমার্ক অধিনায়ক সিমন কায়ের ও চিকিৎসক দল।

ইউএস ওপেন ২০২১

আয়োজন : ১৪১তম ▌ সময়কাল : ৩০ আগস্ট-১২ সেপ্টেম্বর ২০২১ ▌ প্রাইজ মানি : ৫৭.৫ (মিলিয়ন ইউএস ডলার)। ▌ চ্যাম্পিয়ন : পুরুষ একক : দানিল মেদভেদেভ (রাশিয়া) ▸ নারী একক : এমা রাদুকানু (যুক্তরাজ্য)। রাদুকানু কেবল ইউএস ওপেনের শিরোপাই প্রথমবারের মতো জেতেননি, তিনি হচ্ছেন এ গ্র্যান্ডস্লামে কোয়ালিফাইয়ার খেলে আসা প্রথম শিরোপাজয়ী। একই সাথে যেকোনো গ্র্যান্ডস্লাম প্রতিযোগিতায় প্রথম কোয়ালিফাইয়ার খেলে আসা শিরোপাজয়ী।

১৬তম গ্রীষ্মকালীন প্যারালিম্পিক গে

আয়োজন : ১৬তম ▌ সময়কাল : ২৪ আগস্ট-৫ সেপ্টেম্বর ২০২১ ▌ স্বাগতিক : টোকিও, জাপান ▌ অংশগ্রহণকারী দেশ : ১৬২ ▌ অংশগ্রহণকারী ক্রীড়াবিদ : ৪,৪০৩ ▌ ক্রীড়া : ২২ ▌ ইভেন্ট : ৫৩৯ ▌ আদর্শ (Motto) : United by Emotion ▌ মাসকট : সোমে (Someity)। যার অর্থ খুব শক্তিশালী।

পদকজয়ী শীর্ষ ৫ দেশ

দেশ	সোনা	রুপা	ব্রোঞ্জ	মোট
চীন	৯৬	৬০	৫১	২০৭
গ্রেট ব্রিটেন	৪১	৩৮	৪৫	১২৪
যুক্তরাষ্ট্র	৩৭	৩৬	৩১	১০৪
রাশিয়া*	৩৬	৩৩	৪৯	১১৮
নেদারল্যান্ডস	২৫	১৭	১৭	৫৯

[* রাশিয়া দেশ হিসেবে অলিম্পিকে নিষিদ্ধ হওয়া রাশিয়ান প্যারালিম্পিক কমিটি অংশগ্রহণ করে।]

অন্যরকম সেঞ্চুরি

- ৫ সেপ্টেম্বর ২০২১ মাহমুদুল্লাহ বিশ্বের অষ্টম এবং বাংলাদেশের প্রথম ক্রিকেটার হিসেবে শততম আন্তর্জাতিক টি-২০ খেলার গৌরবময় রেকর্ড গড়েন।

নাম	দল	ম্যাচ
শোয়েব মালিক	পাকিস্তান	১১৬
মোহাম্মদ হাফিজ	পাকিস্তান	১১৩
রোহিত শর্মা	ভারত	১১১
ইয়ন মরগান	ইংল্যান্ড	১০৭
কেভিন ও'ব্রায়েন	আয়ারল্যান্ড	১০৩
মার্টিন গাপটিল	নিউজিল্যান্ড	১০২
রস টেলর	নিউজিল্যান্ড	১০২

- ৫ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশি ও বিশ্বের দ্বিতীয় বোলার হিসেবে আন্তর্জাতিক টি-২০ ক্রিকেটে ১০০ উইকেটের মালিক হন সাকিব আল হাসান। ৮৪ ম্যাচে ১০৭ উইকেট নিয়ে সবার ওপরে রয়েছে শ্রীলংকার লাসিথ মালিঙ্গা।

BCB'র কেন্দ্রীয় চুক্তির খেলোয়াড়

১ সেপ্টেম্বর ২০২১ বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB) কেন্দ্রীয় চুক্তির খেলোয়াড়দের নামের তালিকা প্রকাশ করে। নতুন চুক্তিতে রাখা হয়েছে ২৪ জন ক্রিকেটারকে। তারা চলতি বছরের শেষ পর্যন্ত চুক্তিবদ্ধ থাকবেন। কেন্দ্রীয় চুক্তিতে থাকছেন যারা— তিন সংস্করণে ➤ মুশফিক, সাকিব, লিটন, তাসকিন, শরিফুল ◆ টেস্ট ও ওয়ানডে ➤ তামিম, মিরাজ, তাইজুল ◆ ওয়ানডে ও টি-টোয়েন্টি ➤ মাহমুদুল্লাহ, মোস্তাফিজ, সাইফউদ্দিন ও আফিফ ◆ টেস্ট ➤ মুমিনুল, শান্ত, রাহি, সাদমান, সাইফ ও ইবাদত ◆ টি-টোয়েন্টি ➤ সৌম্য, নাঈম, মেহেদী, সোহান, নাসুম ও শামীম।

২০২১ সাফ চ্যাম্পিয়নশিপ

আয়োজন : ১৩তম ❙ সময়কাল : ১-১৬ অক্টোবর ২০২১ ❙ স্বাগতিক : মালদ্বীপ ❙ অংশগ্রহণকারী দেশ : ৫টি— বাংলাদেশ, ভারত, মালদ্বীপ, নেপাল ও শ্রীলংকা ❙ ভেন্যু : জাতীয় ফুটবল স্টেডিয়াম, মালে।

ফিকচার

তারিখ	ম্যাচ
১ অক্টোবর	নেপাল-মালদ্বীপ ও শ্রীলংকা-বাংলাদেশ
৪ অক্টোবর	বাংলাদেশ-ভারত ও শ্রীলংকা-নেপাল
৭ অক্টোবর	ভারত-শ্রীলংকা ও মালদ্বীপ-বাংলাদেশ
১০ অক্টোবর	মালদ্বীপ-শ্রীলংকা ও নেপাল-ভারত
১৩ অক্টোবর	বাংলাদেশ-নেপাল ও ভারত-মালদ্বীপ

TOKYO 2020
PARALYMPIC GAMES

১৬ অক্টোবর গ্রুপ বিজয়ী ও গ্রুপ রানার্স-আপের মধ্যে সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনাল অনুষ্ঠিত হবে।

ইউরোপীয় ফুটবল

অবিশ্বাস্য সব কাণ্ড ঘটিয়ে এবার ক্লাব পরিবর্তন করেন মেসি, রোনালদো, রামোসের মতো মহাতারকারা। দল বদলের বাজারে হয়েছে নতুন রেকর্ডও।

আলোচিত দলবদল

খেলোয়াড়	সাবেক ক্লাব	বর্তমান ক্লাব	ফি (ইউরো)
লিওনেল মেসি	বার্সেলোনা	পিএসজি	বিনা মূল্যে
রোনালদো	জুভেন্টাস	ম্যানইউ	১.৫০ কোটি
সের্হিও রামোস	রিয়াল মাদ্রিদ	পিএসজি	বিনা মূল্যে
রোমেলু লুকাকু	ইন্টার মিলান	চেলসি	১১.৫০ কোটি
জ্যাক গ্রিলিশ	অ্যাস্টন ভিলা	ম্যান সিটি	১১.৭০ কোটি

সর্বোচ্চ গোলদাতা

লাতিন আমেরিকার

১০ সেপ্টেম্বর ২০২১ লাতিন আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাই ম্যাচে বলিভিয়ার বিপক্ষে তিনটি গোল করে পেলেকে ছাড়িয়ে জাতীয় দলের হয়ে সর্বোচ্চ গোলের রেকর্ড গড়েন আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি। ১৮ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত মেসির গোলসংখ্যা ৭৯ আর পেলের গোলসংখ্যা ৭৭।

আন্তর্জাতিক ফুটবলে

পুরুষদের আন্তর্জাতিক ফুটবলে সবচেয়ে বেশি গোল করার নতুন রেকর্ড গড়েন পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনালদো। ১ সেপ্টেম্বর ২০২১ বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে আয়ারল্যান্ডের বিপক্ষে তার আন্তর্জাতিক ক্যারিয়ারের ১১০ এবং ১১১তম গোল করে এই রেকর্ড গড়েন পর্তুগালের অধিনায়ক। এর আগে ১০৯টি গোল করে আন্তর্জাতিক ফুটবলে সবচেয়ে বেশি গোল করার রেকর্ডটি ছিল ইরানের আলি দাইয়ির দখলে।

বিবিধ

- বিশ্বের সবচেয়ে দামি ক্লাব ম্যানচেস্টার সিটি; স্কোয়াড মূল্য ১০০৪ মিলিয়ন ইউরো।
- বিশ্বের সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া ফুটবলার লিওনেল মেসি (পিএসজি)। তার সাপ্তাহিক বেতন ১৩,২৫,০০০ মার্কিন ডলার।
- ২৬ আগস্ট ২০২১ ইউরোপ অঞ্চলের আইসিসি নারী টি-২০ বিশ্বকাপ বাছাইয়ে ফ্রান্সের বিপক্ষে ৪ ওভারে মাত্র ৩ রান দিয়ে ৭ উইকেট নেন নেদারল্যান্ডস নারী দলের ফাস্ট বোলার ফেডেরিক ওভারডাইক। পুরুষ-নারী সব মিলিয়েই আন্তর্জাতিক টি-২০তে ৭ উইকেট নেয়া প্রথম ক্রিকেটার তিনি।
- ২৮ আগস্ট-৮ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ফ্রান্সের প্যারিসে ১৭তম গ্রীষ্মকালীন প্যারালিম্পিক গেমস অনুষ্ঠিত হবে।
- ২৮ জুলাই-৮ আগস্ট ২০২২ ইংল্যান্ডের বার্মিংহামে অনুষ্ঠিতব্য কমনওয়েলথ গেমস থেকে বাদ পড়েছে শুটিং। আগামীতে কোনো কমনওয়েলথ গেমসেই থাকবে না শুটিং।
- ২০২০ সালে বিশ্বজয়ের পর বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল আবার মাঠে ফিরেছে আফগানিস্তান সিরিজ দিয়েই। পাঁচ ম্যাচের যুব ওয়ানডের সিরিজটা তিন ম্যাচ শেষেই জিতে নেয় বাংলাদেশের যুবারা।
- জার্সি বিক্রির রেকর্ড : ৩ সেপ্টেম্বর ২০২১ মুক্তির প্রথম ১২ ঘণ্টার মধ্যেই রেকর্ড পরিমাণ রোনালদোর সাত নম্বর জার্সি বিক্রি করেছে ম্যানচেস্টার ইউনাইটেড। প্রথম ১২ ঘণ্টায় প্রায় ৩.২৫ কোটি পাউন্ডের (৩৮৩ কোটি টাকা) জার্সি বিক্রি হয়। জার্সি প্রস্তুতকারী প্রতিষ্ঠান অ্যাডিডাস।
- টি-২০'তে সিরিজ জয় : টি-২০ ফরম্যাটে হ্যাটট্রিক সিরিজ জিতে বাংলাদেশ। সর্বশেষ ২০২১ সালের সেপ্টেম্বরে নিউজিল্যান্ডের বিপক্ষে প্রথম টি-২০ সিরিজ জয় পায়। জুলাইয়ে জিম্বাবুয়ে সফরে ২-১ ব্যবধানে টি-২০ সিরিজ জিতেছিল বাংলাদেশ। এরপর আগস্টে ঘরের মাঠে অস্ট্রেলিয়াকে পাঁচ ম্যাচের সিরিজে ৪-১ ব্যবধানে হারায় টাইগাররা।
- ইতালির বিশ্ব রেকর্ড : ৫ সেপ্টেম্বর ২০২১ আন্তর্জাতিক ফুটবলে টানা ৩৬ ম্যাচ অপরাজিত থেকে নতুন বিশ্ব রেকর্ড গড়ে ইউরোর বর্তমান চ্যাম্পিয়ন ইতালি। পেছনে ফেলেছে ব্রাজিল ও স্পেনকে। ১৯৯৩-১৯৯৬ সালের— এই সময়ে খেলা ৩৫ ম্যাচে ব্রাজিলকে কেউ হারাতে পারেনি।

ICC MEN'S T20 WORLD CUP 2021

T20 বিশ্বকাপ ২০২১

স্বাগতিক সংযুক্ত আরব আমিরাত এবং ওমান

সময়কাল : ১৭ অক্টোবর-১৪ নভেম্বর ▌ আয়োজক : সংযুক্ত আরব আমিরাত এবং ওমান (উল্লেখ্য প্রথমে ভারতে আয়োজনের কথা থাকলেও পরে তা পরিবর্তন করা হয়) ▌ অংশগ্রহণকারী দেশ : ১৬টি ▌ মোট খেলা : ৪৫ ▌ ভেন্যু : ৪টি (দুবাই, সারজাহ, আবুধাবি ও মাস্কট) ▌ উদ্বোধনী ম্যাচ : ১৭ অক্টোবর ২০২১; ওমান-পাপুয়া নিউগিনি (মাস্কট) ▌ ফাইনাল : ১৪ নভেম্বর ২০২১ (দুবাই)।

Up-to-date রেকর্ড

সর্বোচ্চ দলীয় রান : শ্রীলংকা; ২৬০/৬ (২০০৭); বিপক্ষ কেনিয়া ▶ সর্বনিম্ন দলীয় রান : নেদারল্যান্ডস; ৩৯/১০ (২০১৪); বিপক্ষ- শ্রীলংকা ▶ সর্বাধিক ব্যবধানে জয় : শ্রীলংকা ১৭২ রান (২০০৭); বিপক্ষ- কেনিয়া ▶ সর্বাধিক ব্যক্তিগত রান : মাহেলা জয়াবর্ধনে (শ্রীলংকা); ৩১ ম্যাচে ১০১৬ রান (২০০৭-২০১৪) ▶ এক টুর্নামেন্টে সর্বাধিক রান : বিরাট কোহলি (ভারত); ৬ ম্যাচে ৩১৯ রান; ২০১৪ ▶ ইনিংসে সর্বোচ্চ ব্যক্তিগত রান : ১২৩ (৫৮ বলে); ব্রেন্ডন ম্যাককালাম (নিউজিল্যান্ড); বিপক্ষ বাংলাদেশ; ২০১২ ▶ সর্বাধিক উইকেট : শহীদ আফ্রিদি (পাকিস্তান); ৩৪ ম্যাচে ৩৯টি (২০০৭-২০১৬) ▶ এক টুর্নামেন্টে সর্বাধিক উইকেট : অজন্তা মেন্ডিস (শ্রীলংকা); ৬ ম্যাচে ১৫টি; ২০১২ ▶ সেরা বোলিং : অজন্তা মেন্ডিস (শ্রীলংকা); ৬/৮; বিপক্ষ জিম্বাবুয়ে; ২০১২ ▶ সর্বাধিক শিকার (উইকেট রক্ষক) : মহেন্দ্র সিং ধোনি (ভারত); ৩৩ ম্যাচে ৩২টি (২১ ক্যাচ ও ১১ স্ট্যাম্পিং) ▶ সর্বাধিক ক্যাচ (ফিল্ডার) : এবি ডি ভিলিয়ার্স (দ. আফ্রিকা); ৩০ ম্যাচে ২৩টি (২০০৭-২০১৬) ▶ মোট সেঞ্চুরি : ৮টি ▶ সর্বাধিক সেঞ্চুরি : ক্রিস গেইল (ওয়েস্ট ইন্ডিজ); ২টি ▶ সর্বাধিক অর্ধশত : বিরাট কোহলি (ভারত); ৯টি (২০১২-২০১৬) ▶ সর্বাধিক ছক্কা : ক্রিস গেইল (ওয়েস্ট ইন্ডিজ); ৬০টি (২০০৭-২০১৬) ▶ সর্বাধিক ম্যাচ জয়ী দল : শ্রীলংকা; ২২টি (২০০৭-২০১৬) ▶ সর্বাধিক ম্যাচ হারা দল : বাংলাদেশ; ১৯টি (২০০৭-২০১৬)।

T20 বিশ্বকাপে বাংলাদেশ

সর্বোচ্চ রান : ১৮০/২ (২০ ওভার); বিপক্ষ- ওমান; ধর্মশালা; ২০১৬ ▌ সর্বনিম্ন রান : ৭০/১০ (১৫.৪ ওভার); বিপক্ষ নিউজিল্যান্ড; ইডেন গার্ডেন; ২০১৬ ▌ সর্বাধিক রান : সাকিব আল হাসান; ২৫ ম্যাচে ৫৬৭ রান (২০০৭-২০১৬) ▌ ব্যক্তিগত সর্বোচ্চ : ১০৩*; তামিম ইকবাল; বিপক্ষ- ওমান; ধর্মশালা; ২০১৬ ▌ সর্বাধিক উইকেট : সাকিব আল হাসান; ২৫ ম্যাচে ৩০টি (২০০৭-২০১৬) ▌ সেরা বোলিং : ৫/২২, মোস্তাফিজুর রহমান; বিপক্ষ- নিউজিল্যান্ড; ইডেন গার্ডেন; ২০১৬ ▌ সর্বাধিক ম্যাচ খেলা খেলোয়াড় : মুশফিকুর রহিম ও সাকিব আল হাসান (২৫ ম্যাচ) (২০০৭-২০১৬) ▌ অধিনায়ক হিসেবে সর্বাধিক ম্যাচ : মুশফিকুর রহিম (৯ ম্যাচ) (২০১২-২০১৪)।

সাল	ম্যাচ	জয়	হার
২০০৭	৫	১	৪
২০০৯	২	০	২
২০১০	২	০	২
২০১২	২	০	২
২০১৪	৭	২	৫
২০১৬	৭	২	৪

(একটি ম্যাচ পরিত্যাক্ত হয়)

বাংলাদেশের ৫ জয়

প্রতিপক্ষ	ব্যবধান	ভেন্যু	সময়কাল	ম্যান অব দ্য ম্যাচ
ওয়েস্ট ইন্ডিজ	৬ উইকেট	জোহানেসবার্গ	১৩ সেপ্টেম্বর ২০০৭	মোহাম্মদ আশরাফুল
আফগানিস্তান	৯ উইকেট	ঢাকা	১৬ মার্চ ২০১৪	সাকিব আল হাসান
নেপাল	৮ উইকেট	চট্টগ্রাম	১৮ মার্চ ২০১৪	আল-আমিন হোসেন
নেদারল্যান্ডস	৮ রান	ধর্মশালা	৯ মার্চ ২০১৬	তামিম ইকবাল
ওমান	৫৪ রান	ধর্মশালা	১৩ মার্চ ২০১৬	তামিম ইকবাল

বাংলাদেশ দল

মাহমুদুল্লাহ রিয়াদ (অধিনায়ক), সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, সৌম্য সরকার, লিটন কুমার দাস, আফিফ হোসেন ধ্রুব, নাইম শেখ, নুরুল হাসান সোহান, শামীম হোসেন পাটোয়ারী, মোস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ, মোহাম্মদ সাইফুউদ্দিন, শরিফুল ইসলাম, শেখ মেহেদী হাসান ও নাসুম আহমেদ। ♦ স্ট্যান্ডবাই : রুবেল হোসেন, আমিনুল ইসলাম বিপ্লব।

রোল অব অনার

বছর	স্বাগতিক	চ্যাম্পিয়ন	রানার্স আপ	ম্যান অব দ্য টুর্নামেন্ট
২০০৭	দক্ষিণ আফ্রিকা	ভারত	পাকিস্তান	শহীদ আফ্রিদি (পাকিস্তান)
২০০৯	ইংল্যান্ড	পাকিস্তান	শ্রীলংকা	তিলকারত্নে দিলশান (শ্রীলংকা)
২০১০	ওয়েস্ট ইন্ডিজ	ইংল্যান্ড	অস্ট্রেলিয়া	কেভিন পিটারসেন (ইংল্যান্ড)
২০১২	শ্রীলংকা	উইন্ডিজ	শ্রীলংকা	শেন ওয়াটসন (অস্ট্রেলিয়া)
২০১৪	বাংলাদেশ	শ্রীলংকা	ভারত	বিরাট কোহলি (ভারত)
২০১৬	ভারত	উইন্ডিজ	ইংল্যান্ড	বিরাট কোহলি (ভারত)

অসমাপ্ত আত্মজীবনী

জাতির পিতাকে জানতে, বুঝতে ও হৃদয়ঙ্গম করতে হলে তাঁর রচনাবলির পাঠ হওয়া উচিত প্রথম পদক্ষেপ। এ পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূল্যবান তিনটি লেখা গ্রন্থাকারে প্রকাশিত হয়েছে। এগুলো হলো— 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২), 'কারাগারের রোজনামচা' (২০১৭) এবং 'আমার দেখা নয়াচীন' (২০২০)। এ সংখ্যায় 'অসমাপ্ত আত্মজীবনী' সংক্ষেপে আলোচনা করা হলো।

'অসমাপ্ত আত্মজীবনী' জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এক অনন্য রচনা। ১৯৬৬-৬৯ সালে কেন্দ্রীয় কারাগারে রাজবন্দি থাকাকালে তিনি এটি রচনা করেন। ২০১২ সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়।



ইংরেজি সংস্করণ : Unfinished Memoirs ▌প্রচ্ছদ : সমর মজুমদার ▌প্রথম প্রকাশ : ১৯ জুন ২০১২ ▌গ্রন্থের নামকরণ : শেখ রেহানা ▌ভূমিকা লেখেন : শেখ হাসিনা ▌বিষয়বস্তুর সময়কাল : জন্মপূর্ব থেকে ১৯৫৫ খ্রি. ▌বিদেশি ভাষায় অনুবাদ প্রকাশ : ১৩টি ▌সর্বশেষ প্রকাশিত অনুবাদ : কোরিয়ান ভাষায় (১ জুলাই ২০২১)।

বিষয়বস্তু

গ্রন্থটিতে আত্মজীবনী লেখার প্রেক্ষাপট, বঙ্গবন্ধুর বংশ পরিচয়, জন্ম, শৈশব, স্কুল ও কলেজের শিক্ষাজীবনের পাশাপাশি সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ড, দুর্ভিক্ষ, বিহার ও কলকাতার দাঙ্গা, দেশভাগ, কলকাতাকেন্দ্রিক প্রাদেশিক মুসলিম ছাত্রলীগ ও মুসলিম লীগের রাজনীতি, দেশ বিভাগের পরবর্তী সময় থেকে ১৯৫৪ সাল অবধি পূর্ব বাংলার রাজনীতি, কেন্দ্রীয় ও প্রাদেশিক মুসলিম লীগ সরকারের অপশাসন, ভাষা আন্দোলন, ছাত্রলীগ ও আওয়ামী লীগ প্রতিষ্ঠা, যুক্তফ্রন্ট গঠন ও নির্বাচনে বিজয়ী হয়ে সরকার গঠন, আদমজীর দাঙ্গা, পাকিস্তান কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক শাসন ও ষড়যন্ত্রের বিস্তৃত বিবরণ এবং এই সব বিষয়ে বঙ্গবন্ধুর প্রত্যক্ষ অভিজ্ঞতার বর্ণনা রয়েছে। আছে তাঁর কারাজীবন, পিতা-মাতা, সন্তান-সন্ততি ও সর্বোপরি সর্বংসহা সহধর্মিণী বেগম ফজিলাতুন নেছার কথা, যিনি বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনে সহায়ক শক্তি হিসেবে সকল দুঃসময়ে অবিচলভাবে পাশে ছিলেন। একইসঙ্গে বঙ্গবন্ধুর চীন, ভারত ও পশ্চিম পাকিস্তান ভ্রমণের বর্ণনাও বইটিকে বিশেষ মাত্রা দিয়েছে।

তথ্যকণিকা

প্রশ্ন : 'অসমাপ্ত আত্মজীবনী'র পাণ্ডুলিপি শেখ হাসিনার হাতে আসে কবে?
উত্তর : ২০০৪ সালে।

প্রশ্ন : 'বসেই তো আছ, লেখ তোমার জীবনের কাহিনী'—এ কথা কে বলেছিল?
উত্তর : বঙ্গবন্ধুর সহধর্মিণী।

প্রশ্ন : বঙ্গবন্ধুর দাদার নাম কী?
উত্তর : শেখ আব্দুল হামিদ।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পিতার পেশা কী ছিল?
উত্তর : সেরেস্তাদার।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষা জীবন কোন স্কুল থেকে শুরু হয়?
উত্তর : এম. ই. স্কুল; টুঙ্গিপাড়া।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্লুকোমা রোগে আক্রান্ত হন কত সালে?
উত্তর : ১৯৩৬ সালে।

প্রশ্ন : বঙ্গবন্ধু প্রথম কারাবরণ করেন কত সালে?
উত্তর : ১৯৩৮ সালে।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কলকাতায় ইসলামিয়া কলেজে পড়ার সময় কোন হোস্টেলে থাকতেন?
উত্তর : বেকার হোস্টেলে।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করেন কবে?
উত্তর : ১৯৩৯ সালে।

প্রশ্ন : 'যারা কাজ করে তাদেরই ভুল হতে পারে, যারা কাজ করে না তাদের ভুলও হয় না।'—উক্তিটি কে করেন?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাত্মা গান্ধীকে কী উপহার দেন?
উত্তর : কিছু দাঙ্গা-হাঙ্গামার ছবি।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগে ভর্তি হন?
উত্তর : আইন বিভাগ।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম সভাপতিত্ব করেন কোন ছাত্রসভায়?
উত্তর : আমতলার সাধারণ ছাত্রসভায়।

প্রশ্ন : বঙ্গবন্ধু কোন শিল্পীর গানের ভক্ত ছিলেন?
উত্তর : আব্বাস উদ্দিন।

প্রশ্ন : বঙ্গবন্ধু ছাত্র রাজনীতি থেকে বিদায় নেন কোন সালে?
উত্তর : ১৯৪৯ সালে।

প্রশ্ন : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক গুরু কে ছিলেন?
উত্তর : হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

প্রশ্ন : কার নির্দেশে 'সর্বদলীয় সংগ্রাম পরিষদ' গঠন করা হয়?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের।

প্রশ্ন : বঙ্গবন্ধু তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী'তে মিয়ানমারকে কী নামে অভিহিত করেন?
উত্তর : ব্রহ্মদেশ।

প্রশ্ন : 'আমি মন্ত্রিত্ব চাই না।'—যুক্তফ্রন্ট নির্বাচনে জয়লাভের পর কে এ কথা বলেছিল?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন : শেখ মুজিবুর রহমান শেরে বাংলা এ কে ফজলুল হককে কী বলে সম্বোধন করতেন?
উত্তর : নানা।

প্রশ্ন : যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় সর্বকনিষ্ঠ মন্ত্রী ছিলেন কে?
উত্তর : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন : ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্বাচনী এলাকা কোন দুটি থানা ছিল?
উত্তর : গোপালগঞ্জ ও কোটালীপাড়া।

প্রশ্ন : 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কোন বাক্য দিয়ে শেষ হয়?
উত্তর : তাতেই আমাদের হয়ে গেল।

প্রার্থী : আস্‌সালামু আলাইকুম। আসতে পারি, স্যার?

চেয়ারম্যান : ওয়ালাইকুমুস্ সালাম। আসুন, বসুন।

প্রার্থী : ধন্যবাদ স্যার।

চেয়ারম্যান : Mr. Abrar Fahad, Please introduce yourself briefly.

প্রার্থী : Thank you, sir. I am Abrar Fahad. My family includes my father who is an engineer and my mother who is a housewife. I completed my Honours and Master's degrees in Political Science from University of Dhaka.

চেয়ারম্যান : আপনি তো রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র, বলুন তো আধুনিক রাষ্ট্রচিন্তার উৎপত্তি কখন থেকে হয়?

প্রার্থী : আধুনিক রাষ্ট্রচিন্তার উৎপত্তিকাল নিয়ে রাষ্ট্রবিজ্ঞানীদের মধ্যে মতভেদ রয়েছে। তবে সাধারণভাবে বলা যায়, ইউরোপীয় রেনেসাঁসের সূচনালগ্নে আধুনিক রাষ্ট্রচিন্তার জন্ম। আর প্লেটোকে রাষ্ট্রচিন্তার গুরু বলা হয়।

চেয়ারম্যান : প্লেটোর মতে একজন ব্যক্তির জীবনে কয়টি উপাদান বিদ্যমান ও কী কী?

প্রার্থী : ৩টি— প্রজ্ঞা (Wisdom), বিক্রম (Courage) ও প্রবৃত্তি (Appetite)।

পরীক্ষক-১ : পুলিশ ও ম্যাজিস্ট্রেট-এর মধ্যে পার্থক্য বলুন?

প্রার্থী : পুলিশ ও ম্যাজিস্ট্রেট দু'টি শ্রেণি যারা প্রত্যেকে আলাদা-আলাদা কাজে নিয়োজিত। তাদের কাজের পার্থক্য হলো— ম্যাজিস্ট্রেট বিচার ও প্রশাসন সংক্রান্ত কাজ করে থাকে। অন্যদিকে পুলিশ আইন-শৃঙ্খলা রক্ষা ও সমাজে অপরাধ দমনের মাধ্যমে শান্তি ও সম্প্রীতি বজায় রাখে।

পরীক্ষক-১ : Inquiry এবং Investigation-এর মধ্যে পার্থক্য কী?

প্রার্থী : GR (General Register) case-এ Investigation করা হয়। অন্যদিকে CR (Court Register) case-এ Inquiry করা হয়। ম্যাজিস্ট্রেট Inquiry পরিচালনা করে। অন্যদিকে, পুলিশ Investigation পরিচালনা করে।

পরীক্ষক-১ : Camouflage কী?

প্রার্থী : শাব্দিক অর্থে Camouflage বলতে বোঝায় ছদ্মবেশ দ্বারা গোপন শত্রুকে প্রভাবিত করা। প্রাসঙ্গিকভাবে Camouflage বলতে বোঝায় সৈন্যদল বা অস্ত্রশস্ত্র লুকিয়ে রাখা।

পরীক্ষক-২ : চীনের প্রেসিডেন্ট সি চিন পিং সম্পর্কে কী জানেন?

প্রার্থী : ১৫ জুন ১৯৫৩ জন্ম নেয়া সি চিন পিং প্রবীণ বিপ্লবী নেতা সি জং ঝুনের সন্তান। তার বাবা দেশটির সাবেক উপ-প্রধানমন্ত্রী ও কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতাদের একজন। ১৯৬৯ সালে ১৫ বছরের তরুণ সি চিন পিংকে পুনর্বাসনের জন্য গ্রামে পাঠানো হয়, সেখানে পার্টির উৎপাদনবিষয়ক উপদলের প্রধান নিযুক্ত হন। ২০০৭ সালের অক্টোবরে তিনি দলীয় শীর্ষ নীতিনির্ধারণ ফোরাম পলিটব্যুরোর স্থায়ী সদস্য হন। ১৪ মার্চ ২০১৩ চীনের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বগ্রহণ করেন।

পরীক্ষক-২ : তেজকটাল ও মরাকটাল বলতে যা জানেন বলুন।

প্রার্থী : অমাবস্যা তিথিতে চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে অবস্থান করে। ফলে চন্দ্র ও সূর্যের মিলিত আকর্ষণের প্রভাবে প্রবল জোয়ারের সৃষ্টি হয়। একে তেজকটাল বলে।
অন্যদিকে, অষ্টমী তিথিতে চন্দ্র ও সূর্য সমকোণে অবস্থান করে পৃথিবীকে আকর্ষণ করে। চন্দ্র ও সূর্য সমকোণে থাকায় চন্দ্রের আকর্ষণে যে জোয়ার হয়, সূর্যের আকর্ষণে তা কমে যায়। এজন্য এ সময় জোয়ারের বেগ তত প্রবল হয় না এ জোয়ারকে মরাকটাল বলে।

পরীক্ষক-২ : যুদ্ধের পর বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহার কবে শুরু হয়?

প্রার্থী : ১২ মার্চ ১৯৭২।

পরীক্ষক-২ : মুজিব ব্যাটারি বলতে কী জানেন?

প্রার্থী : স্বাধীনতাযুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামানুসারে ২২ জুলাই ১৯৭১ ভারতের কোনাবানে গঠন করা হয় বাংলাদেশ সেনাবাহিনীর প্রথম গোলন্দাজ ইউনিট 'মুজিব ব্যাটারি'।

চেয়ারম্যান : বাংলাদেশ পুলিশ একাডেমির প্রথম অধ্যক্ষ কে ছিলেন?

প্রার্থী : বাংলাদেশ পুলিশ একাডেমির প্রথম অধ্যক্ষ ছিলেন মেজর এইচ চামনী (১৯১২-১৯১৯)।

চেয়ারম্যান : ধন্যবাদ, আপনি এবার আসতে পারেন।

প্রার্থী : ধন্যবাদ স্যার। আস্‌সালামু আলাইকুম।

নোটিশ

৪০তম বিসিএস সাধারণ ক্যাডার-এর স্থগিতকৃত ভাইভা ১৯ সেপ্টেম্বর ২০২১ পুনরায় শুরু হয়, যা চলবে ১১ অক্টোবর ২০২১ পর্যন্ত।

 বিশ্বের তিন পরাশক্তি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং রাশিয়া *পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ* চুক্তি স্বাক্ষর করে ৬ আগস্ট ১৯৬৩

৪১তম বিসিএস লিখিত পরীক্ষার সাজেশন্স



বাংলা

সাধারণ এবং টেকনিক্যাল/ পেশাগত উভয় ক্যাডার
পূর্ণমান : ২০০

বাংলা প্রথম পত্র ১০০

◆ ব্যাকরণ ৫×৬ = ৩০

[এ অংশে সাধারণত পাঁচটি প্রশ্ন থাকে এবং প্রত্যেকটি প্রশ্নের উত্তর দিতে হয়।]

ক. শব্দ গঠন

- প্রত্যয়যোগে কীভাবে শব্দ গঠিত হয়? উদাহরণসহ ৫টি নিয়ম লিখুন।
- বাংলা ব্যাকরণ অনুযায়ী পদ কত প্রকার ও কী কী? বাক্যে প্রয়োগ করে প্রত্যেকটির দুটি করে উদাহরণ দিন।

খ. বানান/বানানের নিয়ম

- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রণীত অ-তৎসম শব্দের ছয়টি বানানসূত্র লিখুন।

কিছু জটিল শব্দের শুদ্ধ বানান

- সাক্ষীগোপাল, সূক্ষ্মদেহী, মণিমাণিক্য, পরিকীর্ণ, নীলকান্তমণি, নিঃশ্বসিত, ধার্ষ্টামি, দৃশ্যান্তর, তিরস্করিণী, তারাস্তীর্ণ, জিহ্বামূলীয়, গৃহলক্ষ্মী, গগনস্পর্শী।

গ. বাক্যশুদ্ধি/প্রয়োগ-অপপ্রয়োগ

- অশুদ্ধ : নিরপরাধী, নিষ্পাপীকে শাস্তি দেবে কেন?
  শুদ্ধ : নিরপরাধ, নিষ্পাপকে শাস্তি দেবে কেন?
- অশুদ্ধ : ধরনীর স্পর্শে বসন্তের সর্বাঙ্গ শিউরে ওঠে।
  শুদ্ধ : বসন্তের স্পর্শে ধরণির সর্বাঙ্গ শিউরে ওঠে।

ঘ. প্রবাদ-প্রবচনের নিহিতার্থ

- স্বর্গে দাসত্ব অপেক্ষা নরকে রাজত্ব ভালো ▸ শিকারি বিড়াল গোঁফে চেনা যায় ▸ ঘটি ডুবে না নামে তালপুকুর ▸ সে কহে বিস্তর মিছা, যে কহে বিস্তর ▸ ঘুঁটে পোড়ে গোবর হাসে।

ঙ. বাক্য গঠন

নির্দেশনা অনুসারে বাক্যে রূপান্তর করুন :

- সে দেরি করে স্কুলে আসে এবং সে জন্য প্রতিদিন বকুনি খায়। (সরল)
  উত্তর : দেরি করে স্কুলে আসার জন্য সে প্রতিদিন বকুনি খায়।
- তিনি যে একজন সৎ লোক তা সকলেই জানে। (যৌগিক)
  উত্তর : তিনি একজন সৎ লোক এবং সকলেই তা জানে।
- আমার দ্বারা এ কাজ হবে না। (হ্যাঁ বাচক)
  উত্তর : আমার দ্বারা এ কাজ অসম্ভব।

◆ **সারমর্ম** ২০

[এ অংশে সারমর্ম সংক্রান্ত দুটি প্রশ্ন থাকে। একটির উত্তর দিতে হয়।]

- যদি দুঃখের লাগি গড়েছ আমায়, সুখ আমি নাহি চাই,
  .....
  যেন এ দীন জীবনে হে দীনের বিধি,
  তোমারে নাহি হারাই।
- বহুদিন ধরে বহু ক্রোশ দূরে
  বহু ব্যয় করি বহুদেশ ঘুরে
  .....
  একটি ধানের শিষের উপর
  একটি শিশির বিন্দু।

◆ **ভাব-সম্প্রসারণ** ২০

[এ অংশে দুটি প্রশ্ন থাকে। একটির উত্তর দিতে হয়।]

- অনেক কিছু ভাবার চেয়ে অল্প কিছু করাই শ্রেয়।
- উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।

◆ **বাংলা ভাষা ও সাহিত্যবিষয়ক প্রশ্ন** ১০×৩ = ৩০

[এখানে দশটি প্রশ্ন থাকে এবং প্রত্যেকটির উত্তর দিতে হয়।]

- চর্যাপদের ভাষা নিয়ে বিদ্যমান বিতর্ক সম্পর্কে আপনার ধারণা লিখুন।
- 'মনসামঙ্গল' কাব্যের যেকোনো একজন কবির পরিচয় লিখুন।
- মধ্যযুগে মুসলিম কবিরাও বৈষ্ণব প[illegible] রচনা করেছেন— এর কারণ ব্যা[illegible] করুন।
- 'লৌকিক কাহিনি' বলতে কোন ধরনে[illegible] সাহিত্যকে বোঝায়? এ ধরনের সাহিত্যে[illegible] প্রথম রচয়িতার ভূমিকা উল্লেখ করুন।
- 'গৃহদাহ' উপন্যাসে সুরেশ চরিত্র[illegible] সংক্ষেপে আলোচনা করুন।
- মুক্তিযুদ্ধভিত্তিক একটি বাংলা নাটকে[illegible] মূল্যায়ন করুন।
- 'জসীমউদ্‌দীনের কবিতার বিষ[illegible] কেবলই গ্রাম'। কেন?
- 'রবীন্দ্রনাথের ছোটগল্পে নারী-ব্যক্তিত্ব' শিরোনামে একটি অনুচ্ছেদ লিখুন।
- কুবের-কপিলা, শশী-কুসুম চরিত্রসমূ[illegible] কোন উপন্যাসের অন্তর্গত? উপন্যা[illegible] দু'টির রচয়িতা কে?
- বাংলা সাহিত্যে 'সবুজপত্র' পত্রিকা[illegible] অবদান সম্পর্কে লিখুন।

বাংলা দ্বিতীয় পত্র ১০০

◆ অনুবাদ (ইংরেজি থেকে বাংলা) ১০

[এখানে ইংরেজিতে একটি অনুচ্ছেদ দেয়া থাকবে, সেটি বাংলায় অনুবাদ করতে হবে।]

[প্রিয় বিসিএস প্রত্যাশী, অনুবাদে ভালো করতে হলে প্রতিনিয়ত চর্চার কোনো বিকল্প নেই। এক্ষেত্রে প্রফেসর'স-এ[illegible] লিখিত বইগুলো থেকে চর্চা অব্যাহত রাখতে পারেন।]

◆ **কাল্পনিক সংলাপ** ১০

[এ অংশে যেকোনো একটি বিষয় সম্পর্কে দু'জনের মধ্যে সংলাপ লিখতে বলা হয়। প্রার্থীর চিন্তন দক্ষতাকে কাজে লাগিয়ে উত্তর করার জন্য আহ্বান করা হয়।]

- 'সাম্প্রদায়িক সম্প্রীতি' সুখী সমৃদ্ধ রাষ্ট্র গঠনের অন্যতম পূর্বশর্ত। এ সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে ছাত্র ও শিক্ষকের মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করুন।

– ই-কমার্সে সাম্প্রতিক সময়ে গ্রাহক প্রতারণা ও এর থেকে উত্তরণে সরকারের কী কী পদক্ষেপ নেয়া উচিত বলে মনে করেন। এ বিষয়ে দু'বন্ধুর মধ্যে সংলাপ রচনা করুন।

◆ **পত্রলিখন** ১৫

[এ অংশে সাধারণত দু'টি বিষয়ে পত্র থাকে, যেকোনো একটি বিষয়ে পত্র লিখতে হয়।]

– স্বাধীনতা সংগ্রামের ইতিহাস মাধ্যমিক পর্যায়ের সকল শ্রেণির পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত হওয়ার বিষয়ে যুক্তি দেখিয়ে কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লিখুন।

অথবা,

– আফগানিস্তানের রাজনৈতিক অস্থিরতা নিয়ে আপনার দুশ্চিন্তার কথা জানিয়ে কুয়েত প্রবাসী বড় ভাইয়ের নিকট একটি পত্র লিখুন।

◆ **গ্রন্থ-সমালোচনা** ১৫

[এ অংশে সাধারণত একটি প্রশ্ন থাকে, একটিরই উত্তর দিতে হয়।]

টিপস : গ্রন্থ সমালোচনার ক্ষেত্রে বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস, নাটক, ভাষা আন্দোলনভিত্তিক গ্রন্থ, বাঙালির ইতিহাস ও ঐতিহ্যবিষয়ক গ্রন্থ অথবা রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, শামসুর রাহমান প্রমুখ কবিদের গ্রন্থ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত ত্রয়ী গ্রন্থ সমালোচনা পড়ে গেলে কমন পাওয়ার সম্ভাবনা প্রবল।

– ভাষা আন্দোলনভিত্তিক একটি গ্রন্থের সমালোচনা লিখুন।

– 'তিতাস একটি নদীর নাম' গ্রন্থের সমালোচনা লিখুন।

◆ **রচনা** ৪০

[এ অংশে সাধারণত ৫টি বিষয় থেকে যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ বা রচনা লিখতে বলা হয়। রচনার বিষয়ে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, শিল্প-বাণিজ্য-অর্থনীতি, সামাজিক ও বৈশ্বিক সমস্যা, বিজ্ঞান ও প্রযুক্তি, সাম্প্রতিক বিষয় প্রভৃতির উল্লেখ থাকে।]

– বিকেন্দ্রীকরণ ও পল্লী উন্নয়ন।
– অর্থনৈতিক উন্নয়নে পদ্মা সেতুর গুরুত্ব বা যোগাযোগ ব্যবস্থায় পদ্মা সেতুর ভূমিকা।
– ই-কমার্সে বাংলাদেশের সমস্যা ও সম্ভাবনা।
– বাংলাদেশের সমাজকাঠামো পরিবর্তনে মুক্তিযুদ্ধ।
– বাংলাদেশের লোকশিল্প।

ENGLISH

সাধারণ এবং টেকনিক্যাল/পেশাগত ক্যাডার
Total Marks : 200

PART-A 100

[এ অংশে বর্তমান সময়ের সাথে সঙ্গতিপূর্ণ একটি Unseen Passage থাকবে। Passage-টির আলোকে ১-৭ নং প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. প্রশ্নপত্রে উল্লিখিত Passage-টির উপর ভিত্তি করে ১০টি প্রশ্ন দেয়া থাকবে। Passageটির কোনো অংশ হুবহু কপি না করে নিজস্ব বাক্যে প্রশ্নগুলোর উত্তর দিতে হবে। 30

২. এ অংশে Passage-টিতে Underline করা পাঁচটি Word থাকে। সেক্ষেত্রে Passage-এর Wordগুলোর অর্থের সাথে সঙ্গতি রেখে প্রদত্ত Word গুলোর অর্থ লিখতে হবে। 5

৩. একটি Table এ Passage থেকে কিছু Word দেয়া থাকবে। পরীক্ষার্থীকে নির্দেশনা অনুসারে Cell গুলোতে Parts of Speech অনুযায়ী শব্দটির সঠিক Form বসাতে হবে। 5

৪. প্রশ্নপত্রে উল্লিখিত Passage থেকে কিছু শব্দ দেয়া থাকবে। এগুলোর সমার্থক (Synonym) অথবা বিপরীতার্থক (Antonym) শব্দ লিখে নির্দেশনা অনুসারে বাক্য গঠন করতে হবে। 10

৫. এ অংশে কয়েকটি Format এ question হতে পারে। 10

– কয়েকটি Complex অথবা Compound Sentence থাকবে, যেগুলোকে Simple Sentence-এ রূপান্তর করতে হবে।

অথবা,

– Passage থেকে কিছু Word অথবা Phrase দেয়া থাকবে। পরীক্ষার্থীকে Passage থেকে কপি না করে বাক্য গঠন করতে হবে।

৬. ১০০ শব্দের মধ্যে প্রদত্ত passage-টির Summary লিখতে হবে। 20

৭. Passage-টির মধ্য থেকে কোনো একটি বিষয় সম্পর্কে অথবা সামগ্রিক বিষয় নিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য সম্পাদক বরাবর একটি Letter লিখতে হবে। 20

কিছু নমুনা Passage

– Coronavirus disease (COVID-19) is an infectious disease that is caused by coronavirus. Most people are infected with the COVID-19 virus experience mild to moderate respiratory illness or sometimes may not experience any symptoms and recover without requiring special treatment or sometimes may not experience any symptoms. .... Particularly because it is still not clear the degree to which the vaccines can protect not only against disease but also against infection and transmission.

– The independence of Bangladesh was achieved in 1971 through 9 months of bloody war and in exchange for the lives of 3 million martyrs..... Though the constitution guarantees people's freedom of speech and the rule of law, these provisions are yet to bear fruit. Experts said that the development could not be sustainable without democracy and the rule of law and that major political parties failed to reflect the spirit of the liberation war in their activities.

PART-B 100

৮. Essay লেখার জন্য তিনটি Topic দেয়া থাকবে। ১০০০ শব্দের মধ্যে যেকোনো একটি Topic-এর উপর Essay লিখতে হবে। 50

◆ **গুরুত্বপূর্ণ কয়েকটি Essay**

– Qualities of a Good Civil Servant
– Preserving Forest Resources of Bangladesh
– Food Security and Crisis : Problems and Solutions
– Our National Education Policy

৯. ইংরেজিতে একটি Passage দেয়া থাকবে। Passage-টি বাংলায় অনুবাদ করতে হবে। 25

১০. বাংলায় একটি অনুচ্ছেদ দেয়া থাকবে। অনুচ্ছেদটি ইংরেজিতে Translate করতে হবে। 25

বাংলাদেশ বিষয়াবলি

সাধারণ এবং টেকনিক্যাল/পেশাগত ক্যাডার
পূর্ণমান : ২০০

[এ অংশে সাধারণত ৯/১০টি প্রশ্ন থাকে, যার প্রত্যেকটিতে দুটি, তিনটি অথবা চারটি শাখা প্রশ্ন থাকতে পারে। পরীক্ষার্থীকে সবগুলো প্রশ্নেরই উত্তর করতে হয়।]

◆ **নমুনা প্রশ্ন** ১৮০

। ক. বাংলাদেশের ভূ-প্রকৃতি কীরূপ?
খ. বঙ্গোপসাগর কোন মহাদেশের অংশবিশেষ?
